BBC জানালা

প্রথম আলো




# BBC জানালা
# ইংরেজি শেখার বই

## দ্বিতীয় খণ্ড

মজায় মজায় শেখা!!



BBC জানালা

# ইংরেজি শেখার বই

## এই বইয়ে আছে

- দৈনন্দিন জীবনে ব্যবহারের জন্য ইংরেজি লেসন। এই লেসনগুলো চর্চা করে আপনি সহজেই ইংরেজিতে আরও দক্ষ হয়ে উঠবেন। জানতে পারবেন ইংরেজি চর্চার জন্য মজার সব কৌশল।
- সহজ ব্যাকরণ, নতুন ইংরেজি শব্দ এবং ইংরেজিতে কথা বলার জন্য দরকারি ইংরেজি লেসন। এসব লেসনের উদাহরণগুলো পড়ে আপনি আপনার বন্ধু ও পরিবারের সদস্যদের সঙ্গে ইংরেজিতে কথা বলা চর্চা করতে পারবেন।
- এই বইয়ের বিভিন্ন অংশ ব্যবহারের জন্য সহজ নির্দেশিকা এবং প্রতিটি অনুশীলনীর উত্তরপত্র।
- বাংলা অর্থ ও ইংরেজি উচ্চারণের পরামর্শসহ একটি শব্দ-তালিকা।
- এই বইয়ের সাথে আপনি পাচ্ছেন BBC জানালা মজায় মজায় শেখা অডিও সিডি।

‘প্রথম আলোতে প্রকাশিত লেসনগুলোর মাধ্যমে খুব সহজেই ইংরেজী শেখা যায়।’

— প্রথম আলো লেসন ব্যবহারকারী, বরিশাল

‘বিবিসি জানালার লেসনগুলো প্রথম থেকেই আমার ভালো লেগেছে এবং তখন থেকেই সেগুলো পড়ছি ও চর্চা করছি।’

— প্রথম আলো লেসন ব্যবহারকারী, রাজশাহী

BBC জানালা 'আমার ইংরেজি কোর্স' -এর মাধ্যমে সহজ ধাপে ইংরেজি শিখতে কল করুন 30006* -এ।
* চার্জ প্রযোজ্য

ইন্টারনেটে www.bbcjanala.com -এর মাধ্যমেও আপনি BBC জানালা 'আমার ইংরেজি কোর্স'-এ অংশ নিতে পারবেন।

মোবাইলের ইন্টারনেট সেবা থেকে bbcjanala.com/mobile সাইটে আপনি BBC জানালা 'আমার ইংরেজি কোর্স'-এ অংশ নিতে পারবেন।

BBC জানালা 'আমার ইংরেজি কোর্স'-এর লেসনগুলো পড়ুন দৈনিক প্রথম আলোর পড়াশোনা পাতায়। প্রতি শনি, সোম, বুধ ও শুক্রবার।

BBC জানালা যুক্তরাজ্য সরকারের অর্থায়নে পরিচালিত 'ইংলিশ ইন এ্যাকশন' প্রকল্পের আওতায় বাস্তবায়িত হচ্ছে।

মূল্য ১৫০ টাকা

ISBN 978 984 90039 7 7

# BBC জানালা
# ইংরেজি শেখার বই

(দ্বিতীয় খণ্ড)

মজায় মজায় শেখা

প্রথমা প্রকাশন

BBC জানালা ইংরেজি শেখার বই (দ্বিতীয় খণ্ড)
মজায় মজায় শেখা!!
গ্রন্থস্বত্ব : বিবিসি মিডিয়া অ্যাকশন, বাংলাদেশ
ষষ্ঠ মুদ্রণ : কার্তিক ১৪২১, নভেম্বর ২০১৪
প্রথম প্রকাশ : অগ্রহায়ণ ১৪১৯, ডিসেম্বর ২০১২
প্রকাশক : প্রথমা প্রকাশন
সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ
কারওয়ান বাজার, ঢাকা ১২১৫, বাংলাদেশ
মুদ্রণ : কমলা প্রিন্টার্স
৪১ তোপখানা, ঢাকা ১০০০

**মূল্য : ১৫০ টাকা মাত্র**

BBC Janala English learning book (2nd Part)
Mojay Mojay Shekha!!
© BBC Media Action, Bangladesh
Published in Bangladesh by Prothoma Prokashan
CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue
Karwan Bazar, Dhaka 1215, Bangladesh
Telephone : 8180078-81
e-mail : prothoma@prothom-alo.info
Price : Taka 150 Only

ISBN 978 984 90039 7 7

# সূচি

## মজায় মজায় শেখা


| | |
|---|---|
| আপনার নাম কী? | ৯ |
| অনুগ্রহ করে একটু ধীরে কথা বলবেন? | ১২ |
| আপনি কি একটু মাছ খাবেন? | ১৫ |
| আপনার নামের বানান কী? | ১৮ |
| আমার বন্ধুর সঙ্গে পরিচিত হোন। | ২১ |
| অনুগ্রহ করে আমি কি ভেতরে আসতে পারি? | ২৪ |
| আপনি কি দুপুরের খাবার খেতে যাবেন? | ২৭ |
| আপনার কি আগামীকাল একটু সময় হবে? | ৩০ |
| এই জিনিসটির দাম কত? | ৩৩ |
| আপনি কে বলছেন? | ৩৬ |
| আপনার কী হয়েছে? | ৩৯ |
| আপনি কী খাবেন? | ৪২ |
| অনুগ্রহ করে আমি কি বিলটি পেতে পারি? | ৪৫ |
| আপনি কি কোনো বার্তা দেবেন? | ৪৮ |
| অনুগ্রহ করে আমি কি এক কাপ চা পেতে পারি? | ৫১ |
| আমি কি আপনার পাসপোর্টটি দেখতে পারি? | ৫৪ |
| আপনার কি বুকিং দেওয়া আছে? | ৫৭ |
| আপনার বিয়ের অনুষ্ঠানটি কখন? | ৬০ |
| আমরা কি মেলায় যাব? | ৬৩ |
| আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম। | ৬৬ |
| **শব্দ-তালিকা** | **৬৯** |

# আমাদের কথা

'BBC জানালা ইংরেজি শেখার বই'-এর দ্বিতীয় খণ্ডে সব শিক্ষার্থীকে স্বাগত।

ঘরে বসে সহজেই ইংরেজি শেখার জন্য BBC জানালা ইতিমধ্যেই বন্ধুত্বপূর্ণ, নির্ভরযোগ্য ও মানসম্পন্ন একটি নাম হিসেবে পরিচিত হয়ে উঠেছে। ইংরেজি ভাষা শিখতে আগ্রহী মানুষেরা এখন টিভি, মোবাইল ফোন, ইন্টারনেট, সংবাদপত্র, সিডি ও বইয়ের মতো একাধিক মাধ্যমে BBC জানালার লেসনগুলো দেখতে, শুনতে বা পড়তে পারছেন। আমাদের এই বই বাংলাদেশের মানুষের কাছে BBC জানালার লেসনগুলো পৌঁছে দেওয়ার সেই ধারাবাহিক প্রচেষ্টারই আরেকটি ধাপ। আমরা বিশ্বাস করি, এই বই দেশজুড়ে আরও বেশিসংখ্যক মানুষকে তাদের ইংরেজি-দক্ষতা বাড়িয়ে তুলতে সাহায্য করবে।

মূলত BBC জানালা ইংরেজি শেখার প্রথম বইয়ের সাফল্যই আমাদের এ ধরনের আরও বই প্রকাশের প্রয়োজনীয়তা সম্পর্কে বুঝতে শিখিয়েছে। প্রথম বইটি প্রকাশের পর আগের যেকোনো সময়ের চেয়ে অনেক বেশি মানুষের মধ্যে ইংরেজি শেখার আগ্রহ তৈরি হয়েছে, যা বিবিসি জানালার জন্যও ছিল চমৎকার একটি অভিজ্ঞতা। এ ছাড়া প্রথম বইটি জনপ্রিয়তা পাওয়ার এক বছরেরও কম সময়ের মধ্যে দ্বিতীয় বইটি প্রকাশ করতে পারাও আমাদের জন্য আনন্দদায়ক একটি বিষয়।

আমাদের জনপ্রিয় টিভি গেম শো 'মজায় মজায় শেখা'র বিভিন্ন বিষয় নিয়ে দৈনিক *প্রথম আলো*তে যে ইংরেজি শেখার লেসনগুলো প্রকাশিত হয়েছিল, তারই মধ্য থেকে নির্বাচিত কয়েকটি লেসন নিয়ে এই বই প্রকাশ করা হয়েছে। ফলে আপনি সহজেই লেসনগুলো আপনার সংগ্রহে রাখতে ও সুবিধামতো চর্চা করতে পারবেন। এ ছাড়া এই লেসনগুলো আপনাদের প্রিয় টিভি শো মজায় মজায় শেখার আনন্দ নিয়ে ইংরেজি শেখার কথাও মনে করিয়ে দেবে।

BBC জানালা যুক্তরাজ্য সরকারের অর্থায়নে পরিচালিত ইংলিশ ইন অ্যাকশন নামের একটি বৃহৎ শিক্ষা প্রকল্পের অংশ। এই প্রকল্পের লক্ষ্য হলো, ২০১৭ সালের মধ্যে বাংলাদেশের আড়াই কোটি মানুষের ইংরেজি ভাষার দক্ষতা বাড়িয়ে তোলা এবং এই দক্ষতা কাজে লাগিয়ে বিশ্ব অর্থনীতিতে বাংলাদেশি মানুষের অংশগ্রহণ নিশ্চিত করে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা।

বইটি প্রকাশের জন্য আমাদের সহযোগী দৈনিক *প্রথম আলোর* সঙ্গে আরও একবার কাজ করতে পেরে আমরা খুবই আনন্দিত। আর এই অব্যাহত সহায়তার জন্য আমরা আন্তরিকভাবে ধন্যবাদ জানাতে চাই *প্রথম আলোকে*।

আমরা বিশ্বাস করি, যেকোনো মানুষই যেকোনো বয়স বা যেকোনো সময় থেকে ইংরেজি শেখা শুরু করতে পারেন। আর এ প্রেক্ষাপটে BBC জানালার এই বই আমাদের অন্যান্য ইংরেজি শেখার মাধ্যমের মতোই আপনাদের কাজে আসবে বলে আমরা আশা করি। আমরা চাই আমাদের সব উদ্যোগের মাধ্যমে আপনাদের ইংরেজি শেখার প্রচেষ্টাকে সফল করে তুলতে।

আমাদের বিশ্বাস, আপনি 'চাইলেই পারবেন'!

**শারলট ইমবার্ট**
পরিচালক
বিবিসি মিডিয়া অ্যাকশন
১৫ জুলাই ২০১২

# আমাদের কথা

ইংরেজি নিয়ে সমস্যা আমাদের অনেকের জন্য একটি কঠিন বাস্তবতা। বিশেষ করে, ইংরেজিতে কথা বলার ক্ষেত্রে। এ বিষয়ে *প্রথম আলো* সব সময় সচেতন। তাই *প্রথম আলো* উদ্যোগী হয়ে বিবিসি মিডিয়া অ্যাকশনের সহযোগিতায় ইংরেজি শেখার জন্য BBC জানালার লেসন (পাঠক্রম) প্রকাশ করে আসছে। শুরুতে *প্রথম আলোর* পড়াশোনার পাতায় সপ্তাহে তিন দিন এই লেসন প্রকাশিত হতো। তবে এর গুরুত্ব ও পাঠকের চাহিদার কথা বিবেচনা করে এখন সপ্তাহে চার দিন এই লেসন প্রকাশিত হচ্ছে। আমরা অভিজ্ঞতা থেকে বলতে পারি, বিশিষ্ট শিক্ষকদের দিয়ে তৈরি এই লেসনগুলো *প্রথম আলোর* পাঠকদের সমাদর পেয়েছে। তারা এর মাধ্যমে ইংরেজির চর্চাও করেছে। দেশের প্রত্যন্ত এলাকার শিক্ষার্থীরা ইংরেজি শেখার জন্য *প্রথম আলোর* মাধ্যমে পাওয়া BBC জানালার লেসনকে অবলম্বন করছেন, এমন প্রমাণ আমরা পেয়েছি।

তবে BBC জানালার লেসন শুধু পত্রিকায় প্রকাশ করে *প্রথম আলো* দায়িত্ব শেষ করেনি। পাঠকদের দাবি ও এর সঙ্গে জড়িত উভয় প্রতিষ্ঠানের কর্মীদের ভাবনা থেকে প্রয়োজনীয় লেসনগুলো সন্নিবেশিত করে বই আকারে প্রকাশের উদ্যোগ নেয় *প্রথম আলোর* সহযোগী প্রতিষ্ঠান প্রথমা প্রকাশন। ইতিমধ্যে 'BBC জানালা ইংরেজি শেখার বই' নামে প্রথম বইটি প্রকাশিত হয়েছে এবং তা পাঠকদের কাছে ব্যাপক জনপ্রিয়তা পেয়েছে। এরই ধারাবাহিকতায় বিবিসি মিডিয়া অ্যাকশনের সর্বাঙ্গীণ সহযোগিতায় এই দ্বিতীয় বই প্রকাশের উদ্যোগ।

বইটি প্রকাশে যাদের অবদান অনস্বীকার্য, সেই অভিজ্ঞ শিক্ষকমণ্ডলীকে আমরা ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। পাশাপাশি ধন্যবাদ জানাই বিবিসি মিডিয়া অ্যাকশন, *প্রথম আলো* ও প্রথমা প্রকাশনের সংশ্লিষ্ট কর্মীদের, যাদের ঐকান্তিক সহযোগিতা ও প্রয়াস ছাড়া এই বই প্রকাশ করা সম্ভব হতো না।

পাঠকদের কথা ভেবেই প্রথম বইয়ের মতো এই বইয়ের লেসনগুলো তৈরি করা হয়েছে। তাদের যদি কাজে লাগে তাহলেই আমরা ধরে নেব আমাদের এই প্রয়াস সফল হয়েছে।

**মতিউর রহমান**
সম্পাদক
প্রথম আলো
**১৯ জুলাই ২০১২**

# বইটি ব্যবহারের পরামর্শ

'BBC জানালা ইংরেজি শেখার বই'-এ আপনাকে স্বাগত। এই বইয়ে আছে বিটিভিতে প্রচারিত আমাদের নাটক 'বিশ্বাস' এবং গেম শো 'মজায় মজায় শেখা' অনুষ্ঠানের ঘটনা নিয়ে প্রকাশ করা বিভিন্ন ইংরেজি লেসন। এই বইয়ের লেসনগুলো পড়ে ও চর্চা করে আপনি বিভিন্ন ইংরেজি শব্দ ও বাক্য শিখতে পারবেন এবং চাকরি, ব্যবসা ও দৈনন্দিন জীবনের বিভিন্ন প্রয়োজনে আরও ভালোভাবে ইংরেজি ভাষা ব্যবহার করতে পারবেন। বিদেশে যাওয়া, কোনো অতিথির সঙ্গে কথা বলা, কর্মক্ষেত্রে কথা বলা, বন্ধুদের সঙ্গে গল্প করা অথবা নতুন একটি ভাষা আয়ত্ত করা—প্রয়োজন যা-ই হোক না কেন, এই বই পড়ে আপনি অনেক আনন্দ নিয়ে ইংরেজি শিখতে পারবেন।

এই বইয়ের প্রতিটি লেসনে আছে ছবি, সংলাপ, দরকারি ইংরেজি শব্দসহ মজার সব অনুশীলনী। লেসনগুলো আপনি একাই চর্চা করতে পারেন; অথবা আপনার বন্ধু ও পরিবারের সদস্যদেরও সঙ্গে নিতে পারেন। বন্ধুদের সঙ্গে চর্চা করার সময় একে অন্যকে সহায়তা করুন এবং লেসনের অনুশীলনীগুলো নিয়মিতভাবে চর্চা করুন।

এই বইয়ের প্রতিটি লেসনের শেষে বিভিন্ন অনুশীলনীতে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দেওয়া আছে। এতে আপনি যেকোনো লেসন শেষ করার পর আপনার উত্তরগুলো সহজেই মিলিয়ে নিতে পারবেন। এ ছাড়া বইয়ের শেষে আছে শব্দ-তালিকা। শব্দ-তালিকা পড়ে আপনি সঠিক উচ্চারণের পরামর্শসহ প্রয়োজনীয় বিভিন্ন শব্দের অর্থ জানতে পারবেন।

এই বইয়ের লেসনগুলো পড়ার পাশাপাশি বিভিন্ন লেসনে থাকা বিষয়গুলো ব্যবহার করে আপনি নানাভাবে ইংরেজি চর্চা করতে পারবেন। এ বিষয়ে ধারণা পাওয়ার জন্য নিচের পরামর্শগুলো লক্ষ করুন।

### লেসনের ছবিগুলো ব্যবহার করুন

লেসনের ছবিগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন এবং ছবির বিষয়গুলো বুঝতে চেষ্টা করুন। এবার সেই ছবিগুলোতে কী ঘটছে বা কী দেখা যাচ্ছে, সেটি নিজে নিজে বোঝার চেষ্টা করুন। ভেবে দেখুন তো, আপনি যেসব ইংরেজি শব্দ জানেন, সেগুলো ব্যবহার করে ইংরেজিতে ছবিগুলো সম্পর্কে কোনো কিছু বলতে পারেন কি না।

আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে নিয়ে লেসনের ছবিগুলো দেখুন। এবার সেই ছবিগুলো নিয়ে তাদের সঙ্গে ইংরেজিতে কথা বলুন। ছবিগুলো সম্পর্কে লেসনে যেসব প্রশ্ন আছে, সেগুলোর উত্তর দিন। তারপর ছবির বিষয়গুলো নিয়ে এ রকম আরও কিছু নতুন প্রশ্ন ও উত্তর তৈরি করে আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে সেগুলো চর্চা করুন ।

ছবিগুলো নিয়ে আপনারা বিভিন্ন ধরনের প্রশ্ন করতে পারেন। যেমন :

- ছবিতে আপনি কী দেখছেন?
- ছবিটি কোথায় তোলা হয়েছে?
- ছবিতে কি কোনো ব্যক্তিকে দেখা যাচ্ছে?
- ছবিতে থাকা ব্যক্তিদের পরিচয় কী?
- ছবির এই ব্যক্তিরা কোথায় আছেন?
- তারা কী ধরনের পোশাক পরে আছেন?
- আপনি কি ছবির বিষয় সম্পর্কে কোনো বর্ণনা দিতে পারবেন?
- ছবিতে কি কোনো ব্যক্তিকে দেখা যাচ্ছে? তারা কী করছেন? কিংবা তারা কী বলছেন?
- ছবিতে কি কোনো বস্তু দেখা যাচ্ছে? সেগুলো কী? সেগুলো কোথায় রাখা আছে?
- ছবিটি কি আপনার ভালো লেগেছে? কেন ভালো লেগেছে? অথবা, ছবিটি কেন ভালো লাগেনি?

আপনি চাইলে এই ছবিগুলো কেটে আপনার নোটবুকে লাগিয়ে রাখতে পারেন। এ ছাড়া ছবিগুলোর নিচে আপনি নতুন কিছু ইংরেজি শব্দ ও বাক্যও লিখে রাখতে পারেন।

### লেসনের কথোপকথনগুলো ব্যবহার করুন

এই বইয়ের লেসনগুলোতে যখনই কোনো কথোপকথন দেখবেন, তখন সেই কথোপকথনগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সেগুলো ভালোভাবে বুঝতে চেষ্টা করুন। কথোপকথনের নতুন ইংরেজি শব্দের অর্থ ও সেগুলো উচ্চারণের জন্য পরামর্শ পেতে এই বইয়ের শেষে দেওয়া শব্দ-তালিকা দেখুন।

এই বইয়ের লেসনগুলোতে বিভিন্ন ব্যক্তির কথোপকথন দেওয়া আছে। আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে সেই কথোপকথনগুলো চর্চা করুন। চর্চা করার সময় কথোপকথনের বাক্যগুলো স্পষ্টভাবে জোরে জোরে বলে উচ্চারণ করুন। এভাবে কথোপকথনগুলো বারবার চর্চা করুন এবং প্রয়োজনে নিজের ভূমিকাও পরিবর্তন করে নিন। আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো লক্ষ করুন। এবার সেই কথোপকথনগুলো অনুসরণ করে আপনি ইংরেজিতে নতুন কিছু কথোপকথন তৈরি করুন। নতুন কথোপকথনগুলো বলা বা লেখার সময় এই বইয়ের অন্যান্য লেসনে শেখা শব্দ ও বাক্যগুলো ব্যবহার করুন।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো আপনার নোটবুকে লিখুন। লেখার সময় বাক্যে কিছু শূন্যস্থান রাখুন। এবার চেষ্টা করে দেখুন তো, সঠিক শব্দ ব্যবহার করে আপনি শূন্যস্থানগুলো পূরণ করতে পারেন কি না।

বিভিন্ন লেসনের কথোপকথনগুলো আপনার নোটবুকে লিখুন। লেখার সময় বাক্যের শব্দগুলো এলোমেলোভাবে লিখুন। এবার চেষ্টা করে দেখুন তো, শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে কথোপকথনের বাক্যগুলো লিখতে আপনার কতটা সময় লাগে।

### নতুন শব্দ শিখুন

এই বইয়ের লেসনগুলোতে আপনি অনেক নতুন ইংরেজি শব্দ শিখতে পারবেন। এভাবে যত বেশি নতুন শব্দ শিখবেন, আপনার ইংরেজিতে কথা বলার দক্ষতা ততই বাড়বে। বিভিন্ন লেসনে শেখা নতুন শব্দগুলো বাংলা অর্থসহ একটি নোটবুকে লিখে রাখুন। পরে নতুন শব্দগুলো ব্যবহার করে ছোট ছোট বাক্য তৈরি করার চেষ্টা করুন।

আপনার পরিবারের সদস্য ও বন্ধুদের সঙ্গে নিয়ে নতুন ইংরেজি শব্দগুলোর বানান চর্চা করুন । এ বিষয়ে আপনার দক্ষতা কতটুকু, তা যাচাই করার জন্য একে অন্যকে ইংরেজি শব্দের বানান জিজ্ঞেস করুন ও উত্তর দিন।

বিভিন্ন লেসনে শেখা নতুন ইংরেজি শব্দগুলো ব্যবহার করে বাক্য তৈরি করুন। তারপর সেই বাক্যগুলো উচ্চারণ করে বলুন অথবা আপনার নোটবুকে লিখে রাখুন।

আমরা আশা করি, এই বইয়ের লেসনগুলো আপনি অনেক আনন্দ নিয়ে পড়বেন এবং সেগুলো আপনার দৈনন্দিন জীবনে অনেক উপকারে আসবে। এই বইয়ে যা কিছু শিখছেন, সেসব অবশ্যই চর্চা করুন এবং ইংরেজিতে কথা বলার সময় সেগুলো ব্যবহার করুন। এ ছাড়া নিয়মিতভাবে চর্চা করার জন্য আপনার পরিবারের সদস্য বা বন্ধুদের সঙ্গে নিয়ে একটি ক্লাবও গড়ে তুলতে পারেন। এই ক্লাবে প্রতিদিন একটি নির্দিষ্ট সময়ে আপনারা ইংরেজি চর্চা করতে পারবেন।

মনে রাখবেন, আপনি যত বেশি চর্চা করবেন, ইংরেজিতে আপনার দক্ষতা ততই বাড়বে। চাইলেই পারবেন!

# মজায় মজায় শেখা!!

## আপনার নাম কী? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয় এবং নিজের বাসস্থান সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—কীভাবে নিজের নাম বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কীভাবে নিজের বাসস্থান সম্পর্কে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কীভাবে নিজের পরিচয় দিতে হয়।

### অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের জারা ও লাবনীর সঙ্গে ইউসুফের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কি পূর্বপরিচিত, নাকি আজই তাদের প্রথম দেখা হলো?








**Zara** : Hi, I am Zara.
**Yusuf** : Hi Zara. I am Yusuf.
**Zara** : Nice to meet you, Yusuf.
**Yusuf** : Nice to meet you too.
**Zara** : And this is my friend.
**Laboni** : Hi, I am Laboni. And you are Yusuf?
**Yusuf** : Yes, I am Yusuf. Nice to meet you.
**Laboni** : Nice to meet you too, Yusuf.

লক্ষ করুন, ইংরেজি কথোপকথনের সময় আমরা প্রায়ই **I am**-কে সংক্ষেপে **I'm** বলে থাকি। একইভাবে **you are**-কে **you're**, **he is**-কে **he's** এবং **she is**-কে **she's** বলা হয়।

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কিছু বাক্য নিচে দেওয়া আছে। বাঁ দিকের ইংরেজি বাক্যগুলো ডান দিকের সঠিক বাংলা বাক্যের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Hi, I am Zara. → | ক. আপনি কি ইউসুফ? |
| ২. Nice to meet you. | খ. হাই, আমি জারা। |
| ৩. This is my friend. | গ. এ হলো আমার বন্ধু। |
| ৪. And you are Yusuf? | ঘ. আপনার সঙ্গে পরিচিত হয়ে আমিও খুশি হলাম। |
| ৫. Nice to meet you too. | ঙ. আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম। |

লক্ষ করুন, কাউকে নিজের নাম বলার সময় ইংরেজিতে আমরা **verb 'be'** ব্যবহার করে থাকি। নিচে অনুশীলনী-এক থেকে নেওয়া উদাহরণটি লক্ষ করুন :

Hi, I <u>am</u> Zara.

### অনুশীলনী-তিন

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের ছকে প্রতিটি **subject**-এর পাশে সঠিক **verb 'be'**-টি লিখুন।

| subject | verb 'be' |
|---|---|
| I | am |
| you | |
| he/she | |

### অনুশীলনী-চার

এবার আপনার বন্ধু বা অন্য কোনো ব্যক্তির সঙ্গে পরিচিত হোন। এ জন্য অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। কথোপকথনের শেষে **Nice to meet you** বলতে ভুলবেন না।

**উত্তর**
অনুশীলনী দুই :২-ঙ, ৩-গ, ৪-ক, ৫-ঘ
অনুশীলনী তিন : you are, he/she is

# মজায় মজায় শেখা!!

## আপনার নাম কী? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয় এবং নিজের বাসস্থান সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কীভাবে নিজের নাম বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কীভাবে নিজের বাসস্থান সম্পর্কে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কীভাবে নিজের পরিচয় দিতে হয়।

### অনুশীলনী-এক

আপনি কোন জেলা থেকে এসেছেন? নিচের ছবিগুলো লক্ষ করুন। বলুন তো, ফিরোজা, হোসেন, রূপক ও সুমি কোন কোন জেলা থেকে এসেছেন?



Firoza
(Faridpur)



Hossain
(Pirojpur)



Rupok
(Dhaka)



Shumi
(Mymensingh)

### অনুশীলনী-দুই


এবার ডান দিকের বাক্যগুলো দেখুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান আছে। ফিরোজা, হোসেন, রূপক ও সুমি—কে কোন জেলা থেকে এসেছেন, সেই তথ্যগুলো ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Firoza is from ___Faridpur___.
২. Hossain is from ______________.
৩. Rupok is ______________.
৪. Shumi ______________.

### অনুশীলনী-তিন

নিচের ছবি দুটি লক্ষ করুন। এখানে বাংলাদেশের মানচিত্র ও একটি কম্পাসের (দিকনির্ণয় যন্ত্র) ছবি দেওয়া আছে। অনুমান করে বলুন তো, তারকা (*) চিহ্নিত শহরগুলো বাংলাদেশের কোন প্রান্তে অবস্থিত। এ জন্য ছবির নিচের বক্সে দেওয়া শব্দগুলো থেকে সাহায্য নিন। আপনার উত্তরগুলো প্রতিটি বাক্যের মধ্যে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :






| west | centre | north | south-east |
|---|---|---|---|

১. Faridpur is in the ___west___ of Bangladesh.
২. Pirojpur is in the __________ of Bangladesh.
৩. Dhaka is in the __________ of Bangladesh.
৪. Mymensingh is in the __________ of Bangladesh.

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-Pirojpur, ৩-from Dhaka, ৪-is from Mymensingh
অনুশীলনী-তিন : ২-south-east, ৩-centre, ৪-north

# মজায় মজায় শেখা!!

## আপনার নাম কী? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কারও সঙ্গে কীভাবে পরিচিত হতে হয় এবং নিজের বাসস্থান সম্পর্কে ইংরেজিতে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কীভাবে নিজের নাম বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কীভাবে নিজের বাসস্থান সম্পর্কে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কীভাবে নিজের পরিচয় দিতে হয়।

### অনুশীলনী-এক

লেসনের প্রথম অংশে উল্লেখ করা জারা, লাবনী ও ইউসুফের কথা কি আপনার মনে আছে? নিচে তাদের কথোপকথনের বাকি অংশটি পড়ুন। বলুন তো, তারা সবাই কি বাংলাদেশ থেকে এসেছেন?








**Zara** : Hello, I am Zara.
**Yusuf** : Hello Zara. I am Yusuf.
**Zara** : Nice to meet you, Yusuf.
**Yusuf** : Nice to meet you too. Where are you from, Zara?
**Zara** : I am from London.
**Yusuf** : Where is that?
**Zara** : It is in England. Where are you from, Yusuf?
**Yusuf** : I am from Chittagong. It is in the south-east of Bangladesh.
**Zara** : Hi Laboni. This is Yusuf. Yusuf, this is my friend Laboni. She is from Dhaka. It is in the centre of Bangladesh.

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Where is Zara from? _She is from London._
২. Who is Laboni? ________________.
৩. Where is Yusuf from? ________________.
৪. Where is Chittagong? ________________.

লক্ষ করুন, ইংরেজিতে নিজের পরিচয় দিতে বা আপনি কোথা থেকে এসেছেন তা জানাতে **verb 'be'** ব্যবহার করা হয়। নিচে অনুশীলনী-এক থেকে নেওয়া উদাহরণটি লক্ষ করুন :

I _am_ Zara. I _am_ from London.

She _is_ from Dhaka.

### অনুশীলনী-তিন

এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। সঠিক বাক্যের ডান পাশে টিক চিহ্ন দিন। ভুল বাক্যগুলো চিহ্নিত করে তার নিচে অথবা ডান দিকে সঠিক বাক্যটি লিখুন। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. I am Yusuf. ✓
২. I is from Chittagong. ×
_I am from Chittagong._
৩. Where are you from?
৪. She am Laboni.
৫. She is from Dhaka.

**উত্তর**
অনুশীলনী-এক : ইউসুফ ও লাবনী বাংলাদেশের, কিন্তু জারা লন্ডন থেকে এসেছেন।
অনুশীলনী-দুই : ২-She is Zara's friend, ৩-He is from Chittagong, ৪-It is in the south-east of Bangladesh
অনুশীলনী-তিন : ৩-✓, ৪-× She is Laboni, ৫-✓

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে একটু ধীরে কথা বলবেন? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কীভাবে কাউকে অনুরোধ করতে হয় এবং কারও অনুরোধের উত্তরে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব—can** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—**could** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও অনুরোধের উত্তরে কীভাবে বিনয়ের সঙ্গে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

একজন বন্ধুকে সঙ্গে নিয়ে নিচের শব্দগুলো লক্ষ করুন। বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের সঠিক বাংলা শব্দের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. shut | ক. চালু করা |
| ২. give | খ. বন্ধ করা |
| ৩. turn on | গ. দেওয়া |

### অনুশীলনী-দুই

নিচের ছবিগুলো দেখুন। অনুমান করে বলুন তো, ছবিগুলোতে কী কী সমস্যার কথা বোঝানো হয়েছে? এবার ছবির নিচে দেওয়া বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি ছবির সঙ্গে সঠিক বাক্যটি মিলিয়ে নিন এবং সেটি ছবির নিচের শূন্যস্থানে লিখুন।



১. ____________



২. ____________



৩. ____________

| সমস্যা | | |
|---|---|---|
| ক) It is too spicy. | খ) It is cold. | গ) It is hot. |

### অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এ 'ক' থেকে 'গ' পর্যন্ত দেওয়া সমস্যাগুলো আবারও লক্ষ করুন। এবার নিচের বক্সে 'ঘ' থেকে 'চ' পর্যন্ত দেওয়া সমাধানগুলো দেখুন। অনুশীলনী-দুই-এর সমস্যাগুলোর সঙ্গে নিচের সমাধানগুলো মিলিয়ে নিন।

| সমাধান | | |
|---|---|---|
| ঘ) turn on the fan | ঙ) give me some water | চ) shut the window |

লক্ষ করুন, ইংরেজিতে কাউকে কাউকে কোনো অনুরোধ করার জন্য আমরা **can verb**-টি ব্যবহার করে থাকি :

**Can + you + অনুরোধ, please?**

যেমন :

**Can you turn on the fan, please?**

### অনুশীলনী-চার

অনুশীলনী-তিন-এর সমাধানগুলো আবারও লক্ষ করুন। এবার **can** ব্যবহার করে সেই সমাধানগুলো নিয়ে বিভিন্ন অনুরোধ করুন। নিচের শূন্যস্থানে আপনার উত্তরগুলো লিখুন। এ ক্ষেত্রে বাক্যের শেষে **please** ব্যবহার করতে ভুলবেন না। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. *Can you turn on the fan, please?*
২. ____________________________.
৩. ____________________________.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-গ, ৩-ক
অনুশীলনী-দুই : ১-খ, ২-গ, ৩-ক
অনুশীলনী-তিন : ক-ঙ, খ-চ, গ-ঘ
অনুশীলনী-চার : ২-Can you give me some water, please?, ৩-Can you shut the window, please?

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে একটু ধীরে কথা বলবেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কীভাবে কাউকে অনুরোধ করতে হয় এবং কারও অনুরোধের উত্তরে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—**can** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব—could** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও অনুরোধের উত্তরে কীভাবে বিনয়ের সঙ্গে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে মিনা ও মিসেস রহিমার ছবি দুটি দেখুন। অনুমান করে বলুন তো, তাদের মধ্যে কী সম্পর্ক রয়েছে?



মিনা



রহিমা

### অনুশীলনী-দুই

মিনা ও মিসেস রহিমার মধ্যকার কথোপকথনটি পড়ুন। বলুন তো, মিসেস রহিমা কি বিনীতভাবে কথা বলছেন? আপনি কীভাবে তা বুঝতে পারবেন?

| | | |
|---|---|---|
| **Mrs Rahima** | : | Good morning, Mina. Can you tell me what is in the diary today, please? |
| **Mina** | : | Good morning. You have a meeting with Mr Chowdhury at 10.00 am and Mr Rahman at 11.00 am. |
| **Mrs Rahima** | : | OK. Can you call Mr Rahman and change the meeting for tomorrow, please? |
| **Mina** | : | Yes, of course. |
| **Mrs Rahima** | : | Thank you. Can you also send this document to Mrs Madhobi? And Mina, can you order some tea, please? |
| **Mina** | : | Yes, of course. |

### অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এর বাক্যগুলো আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Mrs Rahima has a meeting with Mr Chowdhury at eleven o'clock. | [F] |
| ২. Mrs Rahima is meeting Mr Rahman at twelve o'clock today. | [ ] |
| ৩. Mrs Rahima wants to send a document to Mrs Madhobi. | [ ] |
| ৪. Mrs Rahima wants a cup of coffee. | [ ] |

লক্ষ করুন, ইংরেজিতে **can**-এর পরিবর্তে **could** ব্যবহার করেও আমরা অনুরোধ করতে পারি। **can** ও **could**-এর অর্থ একই। কিন্তু বাক্যে **could** ব্যবহার করলে সেটি অনেক বেশি বিনীত শোনায় এবং বাক্যে **can**-এর মতো করেই **could** ব্যবহার করা যায়। যেমন :

**Can + you + অনুরোধ, please?**
**Could + you + অনুরোধ, please?**

**উত্তর**
অনুশীলনী-এক : মিসেস রহিমা মিনার ম্যানেজার
অনুশীলনী-দুই : হ্যাঁ, তিনি can, please, thank you-শব্দগুলো ব্যবহার করে বিনীতভাবে কথা বলেছেন।
অনুশীলনী-তিন : ২-F, ৩-T, ৪-F

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে একটু ধীরে কথা বলবেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কীভাবে কাউকে অনুরোধ করতে হয় এবং কারও অনুরোধের উত্তরে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—**can** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—**could** শব্দটি ব্যবহার করে কীভাবে কোনো অনুরোধ করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কারও অনুরোধের উত্তরে কীভাবে বিনয়ের সঙ্গে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ছবি দুটি লক্ষ করুন। অনুমান করে বলুন তো, ছবির দুজন ব্যক্তি কী করছেন?



মিনা



জনাব রহমান

### অনুশীলনী-দুই

মিনা ও জনাব রহমান টেলিফোনে কথা বলছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন।

| | | |
|---|---|---|
| **Mina** | : | Good morning, Mr Rahman. I am Mrs Rahima's assistant. Mrs Rahima cannot come to the meeting today. Could we rearrange it, please? |
| **Mr Rahman** | : | Yes, of course. How about this afternoon? |
| **Mina** | : | I am sorry. She is busy this afternoon. Could you meet her tomorrow? |
| **Mr Rahman** | : | I am afraid not. Can we arrange a telephone meeting? |
| **Mina** | : | Yes, no problem. Can you call her at twelve o'clock today? |
| **Mr Rahman** | : | Yes, that is fine. Great. Thanks for your call. |
| **Mina** | : | Thank you and goodbye. |

### অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের প্রশ্নগুলো দেখুন এবং প্রতিটি প্রশ্নের নিচে দেওয়া শূন্যস্থানে সঠিক উত্তরটি লিখুন।

১. What does Mina ask Mr Rahman?

______________________________

২. Can Mr Rahman meet Mrs Rahima tomorrow?

______________________________

৩. What do they decide to do?

______________________________

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। নিচের বাক্যগুলো দেখুন। **can** বা **could** ব্যবহার করে এই বাক্যগুলো দিয়ে অনুরোধ করুন। বন্ধুকে বলুন, অনুশীলনী-দুই-এর যেকোনো বাক্য ব্যবহার করে বিনীতভাবে এসব অনুরোধের উত্তর দিতে। আপনার জন্য উদাহরণ হিসেবে একটি দেখিয়ে দেওয়া হলো :

১. turn on the television
২. turn off the radio
৩. make me some coffee
৪. give me your email address
৫. turn on the light

**You:** Could you turn on the television, please?

**Friend:** Yes, of course.

**উত্তর**
অনুশীলনী-এক : মিনা ও জনাব রহমান ফোনে কথা বলছেন।
অনুশীলনী-তিন : ১-to rearrange the meeting, 2-no, ৩-to have a telephone meeting

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আপনি কি একটু মাছ খাবেন? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কিছু দেওয়ার জন্য ইংরেজিতে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—কিছু ফলের ইংরেজি নাম। আরও শিখব, বাক্যে **a, an** ও **some** শব্দগুলো কীভাবে ব্যবহার করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কাউকে কিছু দেওয়ার জন্য কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো প্রস্তাবের উত্তরে কী বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে একটি বক্সে বিভিন্ন ফলের নাম এবং বক্সের নিচে সেই ফলগুলোর ছবি দেওয়া আছে। ছবিগুলোর সঙ্গে ফলের নামগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ছবির নিচে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| ক) apple | খ) banana | গ) jackfruit | ঘ) mango |
| ঙ) orange | চ) grape | ছ) coconut | জ) pineapple |


১. grape


২. ________


৩. ________


৪. ________


৫. ________


৬. ________


৭. ________


৮. ________

ইংরেজিতে একবচন **(singular) noun**-এর পূর্বে আমরা **a** ব্যবহার করি। যেমন :একটি কলা বোঝাতে আমরা বলি, **a banana**। তবে এই **singular noun**-টি যদি কোনো **vowel** অর্থাৎ **a, e, i, o** বা **u** দিয়ে শুরু হয়, তাহলে সেখানে **a**-এর পরিবর্তে আমরা **an** ব্যবহার করি। যেমন : **an orange.**

### অনুশীলনী-দুই

নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান আছে। **a** অথবা **an** ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. a pineapple   ২. ___ apple   ৩. ___ orange
৪. ___ mango   ৫. ___ jackfruit

কোনো সুনির্দিষ্ট সংখ্যা বা পরিমাণ বোঝাতে না চাইলে আমরা ইংরেজিতে **some** ব্যবহার করি। এ ছাড়া বহুবচন বোঝানোর জন্য আমরা **noun**-এর শেষে **s** যোগ করি। তবে **noun**-এর শেষে **o** থাকলে **s**-এর পরিবর্তে **es** যোগ করা হয়। যেমন : একটি কলা বোঝানোর জন্য আমরা বলি **a banana**। কিন্তু দুটি বা এর চেয়ে বেশিসংখ্যক কলা বোঝানোর জন্য আমরা বলি **some bananas**। একইভাবে একটি আম বোঝানোর জন্য আমরা বলি **a mango**। আবার দুটি বা এর চেয়ে বেশিসংখ্যক আমের ক্ষেত্রে আমরা বলি : **some mangoes**।

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান আছে। **a, an,** অথবা **some** ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. some apples   ২. _____ grapes
৩. _____ coconuts   ৪. _____ orange
৫. _____ mango

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ঘ, ৩-ছ, ৪-খ, ৫-ঙ, ৬-ক, ৭-গ, ৮-জ
অনুশীলনী-দুই : ২-an, ৩-an, ৪-a, ৫-a
অনুশীলনী-তিন : ২-some, ৩-some, ৪-an, ৫-a

BBC জানালা
www.bbcjanala.com
প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আপনি কি একটু মাছ খাবেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কিছু দেওয়ার জন্য ইংরেজিতে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কিছু ফলের ইংরেজি নাম। আরও শিখব, বাক্যে **a, an** ও **some**-শব্দগুলো কীভাবে ব্যবহার করতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কাউকে কিছু দেওয়ার জন্য কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো প্রস্তাবের উত্তরে কী বলতে হয়।

## অনুশীলনী-এক

নিচে বাঁ দিকে কয়েকটি ফলের ইংরেজি নাম এবং ডান দিকে সেই ফলগুলোর বাংলা নাম দেওয়া আছে। ইংরেজি নামগুলো বাংলা নামগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. grape | ক. আনারস |
| ২. mango | খ. আঙুর |
| ৩. coconut | গ. আপেল |
| ৪. banana | ঘ. কাঁঠাল |
| ৫. orange | ঙ. আম |
| ৬. apple | চ. নারকেল |
| ৭. jackfruit | ছ. কলা |
| ৮. pineapple | জ. কমলা |

## অনুশীলনী-দুই

নিচের ছবিটি দেখুন। অনুমান করে বলুন তো, এখানে কী ঘটছে?



কাউকে কোনো কিছু দেওয়ার জন্য প্রস্তাব দিতে হলে ইংরেজিতে আমরা বলি, **Would you like...?** 'মজায় মজায় শেখা' অনুষ্ঠান থেকে এ ধরনের একটি উদাহরণ নিচে লক্ষ করুন :

**Alex : Would you like** some fish?

**Kamal :** Yes, please. I love fish.

এসব ক্ষেত্রে আমরা বাক্য গঠন করি এভাবে :

Would you like + a/an/some + কোনো কিছুর নাম?

আপনার নিশ্চয়ই মনে আছে, লেসনের প্রথম অংশে আমরা **some + plural nouns**-এর ব্যবহার শিখেছিলাম। এভাবে **uncountable noun**-এর সাথেও আমরা **some** ব্যবহার করি। **uncountable noun** হলো এমন **noun** যেগুলো আমরা গুনতে পারি না এবং যেগুলো সব সময়ই একবচন **(singular)** হয়। যেমন : **some fish, some rice, some water.**

## অনুশীলনী-তিন

নিচে বাঁ দিকে দেওয়া ফলের নামগুলো লক্ষ করুন। এবার আপনার কোনো বন্ধুকে এসব ফল খাওয়ার জন্য প্রস্তাব দেওয়া চর্চা করুন। আপনার উত্তরগুলো শব্দের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. orange *Would you like an orange?*
২. mango ______
৩. grapes ______
৪. apple ______

## অনুশীলনী-চার

মনে করুন, 'মজায় মজায় শেখা' অনুষ্ঠানের মুনমুন আপনার বাড়িতে এসেছেন। তাকে কিছু খাবার বা পানীয়ের জন্য প্রস্তাব দিন এবং এ জন্য ব্যবহৃত বিভিন্ন বাক্য চর্চা করুন। আপনি চাইলে এভাবে প্রস্তাব দিতে পারেন :

**Would you like a drink?**
**Would you like some chocolate?**

**উত্তর**

অনুশীলনী-এক : ২-ঙ, ৩-চ, ৪-ছ, ৫-জ, ৬-গ, ৭-ঘ, ৮-ক

অনুশীলনী-দুই : অ্যালেক্স কামালকে কিছু মাছ খাওয়ার জন্য প্রস্তাব দিচ্ছেন।

অনুশীলনী-তিন : ২-Would you like a mango?, ৩-Would you like some grapes?, ৪-Would you like an apple?

# মজায় মজায় শেখা!!

## আপনি কি একটু মাছ খাবেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

কাউকে কিছু দেওয়ার জন্য ইংরেজিতে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কিছু ফলের ইংরেজি নাম। আরও শিখেছি, বাক্যে **a, an** ও **some**—শব্দগুলো কীভাবে ব্যবহার করতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কাউকে কিছু দেওয়ার জন্য কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো প্রস্তাবের উত্তরে কী বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে টিভি শো 'মজায় মজায় শেখা'র অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এ ধরনের কথোপকথন কোথায় শোনা যেতে পারে?



**Alex** : Would you like some fish?
**Kamal** : Yes, please. I love fish.
**Alex** : How is the fish?
**Kamal** : It is really good.
Would you like some?
**Alex** : No, thank you. I do not like fish.

### অনুশীলনী-দুই

একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর সংলাপগুলো স্পষ্টভাবে উচ্চারণ করে চর্চা করুন। চর্চা করার সময় কথোপকথনের চরিত্রগুলো নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।

লক্ষ করুন, ইংরেজিতে যখন আমরা কারও কোনো প্রস্তাবে রাজি হই তখন আমরা বলি, **yes, please.** অন্যদিকে কারও প্রস্তাবে অসম্মতি জানাতে হলে আমরা বলি, **no, thank you.** মনে রাখবেন, এসব ক্ষেত্রে **please** এবং **thank you** বলা খুবই গুরুত্বপূর্ণ এবং ইংরেজিতে এগুলোকে ভালো আচরণ ও বিনয় হিসেবে বিবেচনা করা হয়।

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো দেখুন। সঠিক বাক্যের ডান পাশে টিক চিহ্ন দিন। ভুল বাক্যগুলো চিহ্নিত করে তার নিচে অথবা পাশে সঠিক বাক্যটি লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Would you likes some fish?×
*Would you like some fish?*
২. No, please. I do not like fish.
৩. Yes, please. I love fish.
৪. Would you like an apple?
৫. Would you like a mangoes?

### অনুশীলনী-চার

এবার আপনার বন্ধুকে কিছু খাবার নেওয়ার জন্য প্রস্তাব দিন। আপনার বন্ধুকে বলুন একটি খাবারের জন্য 'হ্যাঁ-বোধক' ও অপরটির জন্য 'না-বোধক' উত্তর দিতে। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

- fish/chicken
- beef/prawn
- vegetables/fruit
- coffee/tea

**You:** Would you like some fish?
**Friend:** Yes, please.
**You:** Would you like some chicken?
**Friend:** No, thank you.

**উত্তর**
অনুশীলনী-এক : কোনো একটি রেস্তোরাঁ বা কোনো বাড়িতে।
অনুশীলনী-তিন : ২- × No, thank you. I do not like fish. ৩-✓ ৪-✓ ৫-× Would you like a mango?/Would you like some mangoes?

# মজায় মজায় শেখা!!

## আপনার নামের বানান কী? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজি বর্ণমালা (alphabet) এবং বিভিন্ন শব্দ কীভাবে বানান করতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—ইংরেজি বর্ণমালার (alphabet) বিভিন্ন বর্ণ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—শুনতে একই রকম এমন কিছু বর্ণের পার্থক্য।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও নামের বানান কীভাবে জিজ্ঞেস করতে হয়।

### অনুশীলনী-এক

বলুন তো, ইংরেজি বর্ণমালা বা alphabet-এ কতগুলো বর্ণ আছে? এবার নিচের ইংরেজি বর্ণগুলো লক্ষ করুন।

| | | |
|---|---|---|
| ১. A a এ | ১০. J j জে | ১৯. S s এস |
| ২. B b বি | ১১. K k কে | ২০. T t টি |
| ৩. C c সি | ১২. L l এল | ২১. U u ইউ |
| ৪. D d ডি | ১৩. M m এম | ২২. V v ভি |
| ৫. E e ই | ১৪. N n এন | ২৩. W w ডব্লিউ |
| ৬. F f এফ | ১৫. O o ও | ২৪. X x এক্স |
| ৭. G g জি | ১৬. P p পি | ২৫. Y y ওয়াই |
| ৮. H h এইচ | ১৭. Q q কিউ | ২৬. Z z জেড |
| ৯. I i আই | ১৮. R r আর | |

ইংরেজিতে দুই ধরনের বর্ণ রয়েছে। ওপরের কলামগুলো লক্ষ করুন। প্রতিটি কলামের প্রথম অক্ষরগুলোকে **(A, B, C)** বলা হয় **capitals** বা বড় হাতের অক্ষর। সাধারণত কোনো ব্যক্তির নাম, স্থানের নাম, সপ্তাহের বা মাসের নামের প্রথম অক্ষরটিও **capitals** হয়ে থাকে। এ ছাড়া লেখার সময় বাক্যের প্রথম অক্ষরটি **capitals** দিয়ে শুরু করা হয়। যেমন : **Nice to meet you.**

### অনুশীলনী-দুই

নিচের ও ডান দিকের ছবিগুলো লক্ষ করুন। এখানে টেলিভিশন নাটক 'বিশ্বাস'-এর কয়েকটি চরিত্রের নাম ভুলভাবে দেওয়া আছে। বড় হাতের অক্ষর সঠিকভাবে ব্যবহার করে নামগুলো তৈরি করুন এবং শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :



ক. LaBoni

Laboni



খ. ZaRa

________



গ. BoRoon

________



ঘ. FerDous

________

### অনুশীলনী-তিন

এবার বলুন তো, ইংরেজিতে আপনার নামের বানান কী? অথবা আপনার জেলার নাম আপনি ইংরেজিতে কীভাবে লেখেন? আপনার তথ্য ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন।

**Your name :** ________________

**Your village/town :** ________________

### অনুশীলনী-চার

এবার আপনার একজন বন্ধুকে তার নাম ও তার জেলার নামের বানান ইংরেজিতে বলতে বলুন। আপনারা চাইলে অনুশীলনীটি এভাবে চর্চা করতে পারেন :

| | | |
|---|---|---|
| **You** | : | How do you spell your name? |
| **Friend** | : | J-a-s-m-i-n. |
| **You** | : | How do you spell the name of your home district? |
| **Friend** | : | K-h-u-l-n-a. |

**উত্তর**

অনুশীলনী-এক : ইংরেজি বর্ণমালায় ২৬টি বর্ণ রয়েছে।
অনুশীলনী-দুই : খ-Zara, গ-Boroon, ঘ-Ferdous

# মজায় মজায় শেখা!!

## আপনার নামের বানান কী? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজি বর্ণমালা (alphabet) এবং বিভিন্ন শব্দ কীভাবে বানান করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—ইংরেজি বর্ণমালার (alphabet) বিভিন্ন বর্ণ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—শুনতে একই রকম এমন কিছু বর্ণের পার্থক্য।
- তৃতীয় অংশে আমরা শিখব—কারও নামের বানান কীভাবে জিজ্ঞেস করতে হয়।

### অনুশীলনী-এক

'মজায় মজায় শেখা' টিভি অনুষ্ঠানের কামাল ও যুক্তরাজ্য থেকে আসা টমের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কথা বলতে গিয়ে তাদের কী ধরনের সমস্যা হচ্ছে?



কামাল



টম

**Kamal** : What is your name?
**Tom** : Tom.
**Kamal** : Sorry, did you say Ton?
**Tom** : No, I said Tom. T-o-m.
**Kamal** : OK, Ton. T-o-n.
**Tom** : No, I said Tom. My name is Tom, not Ton.
**Kamal** : OK, Mr Ton. Nice to meet you.
**Tom** : Argh!

ইংরেজিতে কিছু কিছু বর্ণ একই রকম শোনায়। এ জন্য ইংরেজিতে কোনো শব্দ বোঝানোর সময় অনেকেই সেই শব্দের বর্ণগুলো ভেঙে ভেঙে বলেন এবং সহজ শব্দ ব্যবহার করে প্রতিটি বর্ণ স্পষ্টভাবে বুঝিয়ে থাকেন। যেমন : **m** ও **n** শব্দ দুটি প্রায় একই রকম শোনায়। তাই **m** বোঝাতে আমরা বলতে পারি, **m** দিয়ে হয় **month** এবং **n** বোঝাতে আমরা বলতে পারি, **n** দিয়ে হয় **never**।

### অনুশীলনী-দুই

এবার আরও কিছু বর্ণ দেখুন যেগুলো প্রায় একই রকম শোনায়। এই বর্ণগুলো ভালোভাবে বোঝানোর জন্য প্রতিটি বর্ণ দিয়ে একটি করে সহজ শব্দ তৈরি করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ১. m and n | m for *month* | n for *never* |
| ২. p and b | p for ______ | b for ______ |
| ৩. b and d | b for ______ | d for ______ |
| ৪. v and b | v for ______ | b for ______ |
| ৫. t and d | t for ______ | d for ______ |

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে ইংরেজি বর্ণমালার ২৬টি বর্ণ আবার লক্ষ করুন এবং প্রতিটি বর্ণ দিয়ে একটি করে শব্দ তৈরি করুন। ইংরেজি বর্ণগুলো ব্যবহার করে আপনারা বিভিন্ন শব্দ তৈরি করতে পারেন। যেমন :

**You : a** for **apple**
**Friend : b** for **bus**
**You : c** for **cat**
**Friend : d** for **dog**
**You : e** for **...**

### অনুশীলনী-চার

অনুশীলনী-তিন-এ যে শব্দগুলো তৈরি করেছেন সেগুলো আবার দেখুন। এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে শব্দগুলো বানান করে বলুন। এ জন্য আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন। যেমন :

**You** : How do you spell 'apple'?
**Friend** : A-p-p-l-e.

**উত্তর**
অনুশীলনী-এক : m ও n বর্ণগুলো কামাল সঠিকভাবে বুঝতে পারছেন না।

# মজায় মজায় শেখা!!

## আপনার নামের বানান কী? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ইংরেজি বর্ণমালা (alphabet) এবং বিভিন্ন শব্দ কীভাবে বানান করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—ইংরেজি বর্ণমালার (alphabet) বিভিন্ন বর্ণ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—শুনতে একই রকম এমন কিছু বর্ণের পার্থক্য।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কারও নামের বানান কীভাবে জিজ্ঞেস করতে হয়।

### অনুশীলনী-এক

ধারাবাহিক নাটক 'বিশ্বাস'-এর অ্যানা ও লাবনীর কথোপকথনটি পড়ুন।



লাবনী



অ্যানা

**Anna** : Laboni, can I have your phone number?
**Laboni** : Sure. It is 06784392518.
**Anna** : 06784392518. And how do you spell your name?
**Laboni** : L-a-b-o-n-i.

এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথমটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. Anna asks Laboni for her phone number. [ T ]
২. Laboni's phone number is 06784492519. [ ]
৩. Laboni asks Anna to spell her name. [ ]
৪. The fourth letter of Laboni's name is o. [ ]

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার একজন বন্ধুর সঙ্গে কথোপকথনটি চর্চা করুন। চর্চা করার সময় অ্যানা ও লাবনীর চরিত্র নিজেদের মধ্যে পরিবর্তন করে নিন।

লক্ষ করুন, কারও নামের বানান জানার জন্য ইংরেজিতে আমরা বলি,

**How do you spell your name?**

### অনুশীলনী-তিন

নিচের ছবিগুলো লক্ষ করুন এবং ছবির নিচের বক্সে দেওয়া শব্দগুলো পড়ুন। এবার শব্দগুলোর সঙ্গে ছবিগুলো মিলিয়ে নিন এবং ছবির সঠিক নম্বরটি ইংরেজি শব্দের পাশের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :
















ক. computer _৪_   খ. radio __   গ. bicycle __
ঘ. television __   ঙ. mobile phone __

### অনুশীলনী-চার

অনুশীলনী-তিন-এর শব্দগুলো আবার লক্ষ করুন। এবার আপনার একজন বন্ধুর সঙ্গে শব্দগুলোর বানান চর্চা করুন। এ জন্য আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন। যেমন :

**You** : How do you spell 'radio'?
**Friend** : R-a-d-i-o.

**উত্তর**
অনুশীলনী-এক : ২- F, ৩-F, ৪-T
অনুশীলনী-তিন : খ-১, গ-৫, ঘ-৩, ঙ-২

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আমার বন্ধুর সঙ্গে পরিচিত হোন : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন রঙের ইংরেজি নাম এবং কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিভিন্ন রঙের ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—**this** ও **that** কীভাবে ব্যবহার করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—**this** শব্দটি ব্যবহার করে কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

### অনুশীলনী-এক

আপনি কি রংধনুর সব রঙের নাম জানেন? নিচে একটি বক্সে কয়েকটি রঙের নাম দেওয়া আছে এবং নামগুলোর নিচে কিছু বাক্য দেওয়া আছে। প্রতিটি বাক্যে নির্দিষ্ট একটি রঙের বর্ণনা দেওয়া হয়েছে। বর্ণনাগুলো পড়ুন এবং ডান দিকের শূন্যস্থানে সঠিক রঙের নামটি লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

green pink purple yellow
orange blue red

১. The circle in the flag of Bangladesh is this colour. *red*
২. The sun is this colour. ______
৩. Candyfloss is this colour. ______
৪. Trees are this colour. ______
৫. This is a fruit and a colour. ______
৬. The sky is this colour. ______

### অনুশীলনী-দুই

নিচে বিভিন্ন রঙের নাম দেওয়া আছে। বাঁ দিকের ইংরেজি নামগুলো ডান দিকের বাংলা নামের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. black | ক. সাদা |
| ২. white | খ. কালো |
| ৩. grey | গ. বাদামি |
| ৪. brown | ঘ. ধূসর |

### অনুশীলনী-তিন

'রং' বিষয়ে অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামালের পছন্দের রং কী? অ্যালেক্সের পছন্দের রং-ই বা কোনটি?




**Alex** : What is your favourite colour?
**Kamal** : My favourite colour is red. What is your favourite colour?
**Alex** : It is blue.
**Kamal** : What colour are your eyes?
**Alex** : They are brown.

### অনুশীলনী-চার

বলুন তো, আপনার প্রিয় রং কোনটি? এবার আপনার বন্ধুকেও তার প্রিয় রং সম্পর্কে জিজ্ঞেস করুন। এ জন্য অনুশীলনী-তিন-এর কথোপকথন থেকে সাহায্য নিন। আপনারা বিভিন্নভাবে এই অনুশীলনীটি চর্চা করতে পারেন। যেমন :

**You :** What is your favourite colour?
**Friend :** My favourite colour is green.

**উত্তর**
অনুশীলনী-এক : ২- yellow, ৩-pink, ৪-green, ৫-orange, ৬-blue
অনুশীলনী-দুই : ২-ক, ৩-ঘ, ৪-গ
অনুশীলনী-তিন : কামালের প্রিয় রং লাল এবং অ্যালেক্সের প্রিয় রং নীল।

# মজায় মজায় শেখা!!

## আমার বন্ধুর সঙ্গে পরিচিত হোন : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন রঙের ইংরেজি নাম এবং কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন রঙের ইংরেজি নাম।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব—this** ও **that** কীভাবে ব্যবহার করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—**this** শব্দটি ব্যবহার করে কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

### অনুশীলনী-এক

কামাল ও তার শিক্ষক অ্যালেক্সের ছবিটি লক্ষ করুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :




অ্যালেক্স ও কামাল

| | |
|---|---|
| ১. Kamal has a mobile phone in his hand. | [ T ] |
| ২. Alex has a mobile phone. | [  ] |
| ৩. Kamal has a notebook. | [  ] |
| ৪. Alex has a notebook and pen. | [  ] |



This is a book.

লক্ষ করুন, কাছের কোনো বস্তু সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি **This**।



That is a book.


আবার দূরের কোনো বস্তু সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি **That**।

### অনুশীলনী-দুই

নিচের ছবিগুলো লক্ষ করুন। এবার **This** ও **That** ব্যবহার করে ছবির নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :



১. This is a pen.



২. ________ is a pen.



৩. ______ is a mobile.



৪. ______ is a mobile.

### অনুশীলনী-তিন

আপনার চারপাশে লক্ষ করুন এবং বিভিন্ন বিষয় বা বস্তু নিয়ে আপনার বন্ধুর সঙ্গে কথা বলুন। কাছের বস্তুগুলোর জন্য **this** এবং দূরের বস্তুগুলোর জন্য **that** ব্যবহার করতে ভুলবেন না।

**উত্তর**
অনুশীলনী-এক : ২- F, ৩-F, ৪-T
অনুশীলনী-দুই : ২-That, ৩-This, ৪-That

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আমার বন্ধুর সঙ্গে পরিচিত হোন : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিভিন্ন রঙের ইংরেজি নাম এবং কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিভিন্ন রঙের ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—**this** ও **that** কীভাবে ব্যবহার করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব—this** শব্দটি ব্যবহার করে কীভাবে কাউকে পরিচয় করিয়ে দিতে হয়।

### অনুশীলনী-এক

ধারাবাহিক নাটক 'বিশ্বাস'-এর জারা, আবির ও নুরুদ্দিনের কথোপকথনটি নিচে পড়ুন। অনুমান করে বলুন তো, জারা ও নুরুদ্দিন কি পূর্বপরিচিত, নাকি আজই তাদের প্রথম দেখা হলো?



জারা



আবির



নুরুদ্দিন

| | | |
|---|---|---|
| **Zara** | : | Hello. |
| **Abir** | : | This is Zara. She is Hasan Rahman's granddaughter. She is from London. |
| **Nuruddin** | : | Oh, you are Hasan Rahman's granddaughter. It is nice to meet you. |
| **Zara** | : | It is lovely to meet you too. |
| **Nuruddin** | : | Your grandfather was my good friend. You have eyes like him. |
| **Zara** | : | Yes. They are the same colour, brown. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Abir is introducing Zara to Nuruddin. | [ T ] |
| ২. Zara is Hasan Rahman's daughter. | [ ] |
| ৩. Zara is from Dhaka. | [ ] |
| ৪. Nuruddin and Hasan Rahman were good friends. | [ ] |
| ৫. Zara has blue eyes. | [ ] |

লক্ষ করুন, কোনো ব্যক্তিকে কারও সঙ্গে পরিচয় করিয়ে দেওয়ার সময় ইংরেজিতে আমরা বলি :

**This is** + সেই ব্যক্তির নাম।

যেমন : **This is Zara.**

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুর সঙ্গে আপনার পরিবারের সদস্যদের পরিচয় করিয়ে দিন। এ জন্য অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনি বিভিন্ন বাক্য ব্যবহার করে পরিবারের সদস্যদের পরিচয় করিয়ে দিতে পারেন। যেমন :

**You :** This is Sharif. He is my brother.

**Friend :** It is nice to meet you, Sharif.

**উত্তর**
অনুশীলনী-এক : জারা ও নুরুদ্দিন এই প্রথমবারের মতো পরিচিত হচ্ছেন।
অনুশীলনী-দুই : ২-F, ৩-F, ৪-T, ৫-F

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি ভেতরে আসতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম এবং কোনো কিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো কিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—অনুমতি চাওয়ার জন্য ব্যবহৃত বাক্যগুলো কীভাবে চর্চা করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে একটি বক্সে বিভিন্ন অফিস সামগ্রীর নাম এবং বক্সের নিচে সেই সামগ্রীগুলোর ছবি দেওয়া আছে। ছবিগুলোর সঙ্গে বিভিন্ন সামগ্রীর নামগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ছবির নিচে থাকা শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | | | |
|---|---|---|---|
| ক) file | খ) phone | গ) desk | ঘ) notebook |
| ঙ) pen | চ) paper | ছ) pencil | জ) computer |



১. pen



২. ______



৩. ______



৪. ______



৫. ______



৬. ______



৭. ______



৮. ______

### অনুশীলনী-দুই

নিচে বাঁ দিকে কিছু ঘটনা এবং ডান দিকে অনুমতি চাওয়ার জন্য ব্যবহৃত হয়, এমন কিছু বাক্য দেওয়া আছে। বাঁ দিকের বাক্যগুলো ডান দিকের বাক্যগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. I have nowhere to sit. | ক. Can I use your computer, please? |
| ২. I need to send an email. | খ. Can I use your phone, please? |
| ৩. I do not have any paper. | গ. Can I share your desk, please? |
| ৪. I need to write a message. | ঘ. Can I borrow your pen, please? |
| ৫. I need to make a call. | ঙ. Can I use your notebook, please? |

### অনুশীলনী-তিন

এবার আপনার অফিস, ক্লাসরুম বা বাড়িতে থাকা কিছু সামগ্রীর তালিকা তৈরি করুন। তারপর সেই তালিকায় থাকা সামগ্রীগুলোর নাম ব্যবহার করে ইংরেজিতে কিছু বাক্য গঠন করুন। এ জন্য অনুশীলনী-দুই-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনি বিভিন্নভাবে বাক্য গঠন করতে পারেন। যেমন :

**I need to make a call.**
**Can I use your phone?**

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ছ, ৩-চ, ৪-গ, ৫-ক, ৬-জ, ৭-খ, ৮-ঘ
অনুশীলনী-দুই : ২-ক, ৩-ঙ, ৪-ঘ, ৫-খ

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি ভেতরে আসতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম এবং কোনো কিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো কিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—অনুমতি চাওয়ার জন্য ব্যবহৃত বাক্যগুলো কীভাবে চর্চা করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও তার ম্যানেজারের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কী নিয়ে কথা বলছেন?



| | | |
|---|---|---|
| **Kamal** | : | Excuse me. Can I come in? |
| **Manager** | : | Sure. |
| **Kamal** | : | Can I send this fax to New Delhi, please? |
| **Manager** | : | Yes, of course. Or you can send an email. |
| **Kamal** | : | Yes, that is faster. Can I use your computer, please? |
| **Manager** | : | No problem. If it is urgent, why don't you make a phone call? |
| **Kamal** | : | Yes, good idea. Can I use your phone, please? |
| **Manager** | : | Sure, here you are. |
| **Kamal** | : | Thank you very much. |
| **Manager** | : | You are welcome. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Kamal needs to send a fax to Mumbai. | [ F ] |
| ২. The manager suggests Kamal sends an email. | [ ] |
| ৩. Kamal thinks emails are slower than faxes. | [ ] |
| ৪. The manager suggests Kamal makes a phone call. | [ ] |
| ৫. Kamal finally decides to send a fax. | [ ] |

লক্ষ করুন, কোনো কাজ করার জন্য কারও কাছে অনুমতি চাইতে হলে ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি :

**Can I + verb + বস্তুর নাম, please?**

যেমন : **Can I use your fax machine, please?**

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। তার কাছে বিভিন্ন বিষয়ে অনুমতি চেয়ে প্রশ্ন করুন এবং বন্ধুকে বলুন সেসব প্রশ্নের উত্তর দিতে। প্রয়োজনে নিজেদের ভূমিকা পরিবর্তন করেও চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। অনুমতি চাওয়ার জন্য আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন। যেমন :

| | | |
|---|---|---|
| **You** | : | Can I borrow your pen, please? |
| **Friend** | : | Yes, of course. |
| **Friend** | : | Can I use your phone, please? |
| **You** | : | Here you are. |

**উত্তর**
অনুশীলনী-এক : কামাল নয়াদিল্লিতে একটি বার্তা পাঠাতে চাইছেন।
অনুশীলনী-দুই : ২-T, ৩-F, ৪-T, ৪-F

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি ভেতরে আসতে পারি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম এবং কোনোকিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অফিসে ব্যবহৃত বিভিন্ন সামগ্রীর ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনোকিছুর জন্য কারও কাছে কীভাবে অনুমতি চাইতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—অনুমতি চাওয়ার জন্য ব্যবহৃত বাক্যগুলো কীভাবে চর্চা করতে হয়।

## অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের জারা ও লাবনীর কথোপকথনটি পড়ুন। বলুন তো, লাবনীর কাছ থেকে জারা কী ধার নিতে চাইছেন?


জারা


লাবনী

| | | |
|---|---|---|
| **Zara** | : | Laboni, can I borrow your pen, please? |
| **Laboni** | : | Yes, of course. |
| **Zara** | : | Thanks. Can I also borrow some paper, please? |
| **Laboni** | : | Yes, of course. Here you are. |
| **Zara** | : | Thanks. Can I also use your computer? |
| **Laboni** | : | I am sorry, I am using it. Ask Abir. |
| **Zara** | : | Does he have a computer? |
| **Laboni** | : | Yes, he does. |

লক্ষ করুন, ইংরেজিতে কাউকে কোনো বিষয়ে অনুমতি দিতে চাইলে আমরা বলি, **Yes, of course.** কিন্তু অনুমতি দিতে না চাইলে আমরা বলি, **Sorry.** এসব ক্ষেত্রে দুঃখ প্রকাশের পাশাপাশি অনুমতি না দেওয়ার কারণটি জানিয়ে দেওয়াই বিনয়। উদাহরণ হিসেবে ওপরের কথোপকথনে লাবনী জারাকে তার কম্পিউটার ব্যবহারের অনুমতি না দেওয়ার কারণ হিসেবে বলেছেন :

**I am using it.**

## অনুশীলনী-দুই

এবার নিচের প্রশ্নগুলো লক্ষ করুন। প্রতিটি প্রশ্নের জন্য একটি করে 'হ্যাঁ-বোধক' বা 'না-বোধক' উত্তর দিন। এ ক্ষেত্রে আপনার উত্তর যদি 'না-বোধক' হয় তাহলে উত্তরের পাশাপাশি 'না-বোধক' উত্তরের কারণটিও জানিয়ে দিন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Can I borrow your pencil, please?
   *Yes, of course.*
২. Can I use your computer, please?
   *I am sorry, I am using it.*
৩. Can I call my friend from your phone, please?
   ____________________
৪. Can I share your desk for an hour, please?
   ____________________
৫. Can I take this file home, please?
   ____________________
৬. Can I borrow your pen, please?
   ____________________
৭. Can I borrow some paper, please?
   ____________________
৮. Can I take this pen, please?
   ____________________

## অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এ দেওয়া প্রশ্নগুলো আবার লক্ষ করুন। এবার এ প্রশ্নগুলোর মতো করে একজন বন্ধুর কাছে বিভিন্ন সামগ্রী ব্যবহারের অনুমতি চাওয়া চর্চা করুন।

**উত্তর**
অনুশীলনী-এক : লাবনীর কাছ থেকে জারা কলম, কাগজ ও কম্পিউটার ধার নিতে চাইছেন।

# মজায় মজায় শেখা!!

## আপনি কি দুপুরের খাবার খেতে যাবেন? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম এবং কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো প্রস্তাব কীভাবে গ্রহণ করতে হয় বা কীভাবে কোনো প্রস্তাবের উত্তরে 'না' বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে জারা ও আবিরের কথোপকথনটি পড়ুন। বলুন তো, জারার অবসর সময় কখন?



জারা



আবির

**Abir** : Zara, are you free on Friday?
**Zara** : No, I am sorry, but I am visiting my cousin.
**Abir** : Are you free on Saturday?
**Zara** : Yes, I am.

### অনুশীলনী-দুই

নিচে সপ্তাহের সাত দিনের ইংরেজি ও বাংলা নাম লেখা আছে। বাঁ দিকের ইংরেজি নামগুলো ডান দিকের বাংলা নামের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Saturday | ক. শুক্রবার |
| ২. Sunday | খ. বৃহস্পতিবার |
| ৩. Monday | গ. শনিবার |
| ৪. Tuesday | ঘ. সোমবার |
| ৫. Wednesday | ঙ. বুধবার |
| ৬. Thursday | চ. রোববার |
| ৭. Friday | ছ. মঙ্গলবার |

(১. Saturday → গ. শনিবার)

### অনুশীলনী-তিন

এবার আপনার নিজের কথা বলুন। আপনি সাধারণত কোন দিন কী করে থাকেন? নিচের বাক্যগুলো লক্ষ করুন এবং নিজের মতো করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. I do not work on Friday.
২. I go shopping on ______.
৩. I see my friends on ______.
৪. I watch my favourite television show on ______.
৫. I visit my relatives on ______.
৬. I go to the cinema on ______.
৭. I go to the market on ______.
৮. I stay at home all day on ______.

লক্ষ করুন, ইংরেজিতে সপ্তাহের কোনো দিনের কথা বলার সময় দিনটির নামের আগে আমরা **on** ব্যবহার করে থাকি। যেমন :

**I go shopping on Saturday.**

### অনুশীলনী-চার

এবার আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করুন। সপ্তাহের কোন দিন আপনি কী করেন সে বিষয়ে আপনার বন্ধুকে বলুন। এ জন্য অনুশীলনী-তিন-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনার বন্ধুকেও তার বিভিন্ন দিনের কাজ সম্পর্কে প্রশ্ন করুন এবং তাকে সেসব প্রশ্নের উত্তর দিতে বলুন।

**উত্তর**
অনুশীলনী-এক : Saturday (শনিবার)
অনুশীলনী-দুই : ২-চ, ৩-ঘ, ৪-ছ, ৫-ঙ, ৬-খ, ৭-ক

# মজায় মজায় শেখা!!

## আপনি কি দুপুরের খাবার খেতে যাবেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম এবং কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো প্রস্তাব কীভাবে গ্রহণ করতে হয় বা কীভাবে কোনো প্রস্তাবের উত্তরে 'না' বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ছবিগুলো লক্ষ করুন এবং ছবির ওপরের বক্সে দেওয়া বাক্যাংশগুলো পড়ুন। এবার ছবির সঙ্গে সঠিক লেখাটি মিলিয়ে ছবির নিচের শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | |
|---|---|
| ক. go to a cricket match | খ. play football |
| গ. go out for a meal | ঘ. go to a concert |
| ঙ. come to tea | চ. go shopping |



১. go shopping



২. ________



৩. ________



৪. ________



৫. ________



৬. ________

### অনুশীলনী-দুই

নিচে আবির ও জারার কথোপকথনটি পড়ুন। বলুন তো, আবির কী করতে চাইছেন?

**Zara** : Are you free on Saturday?
**Abir** : Yes, I am. Why?
**Zara** : Would you like to go shopping?
**Abir** : I hate shopping.
**Zara** : Would you like to go to a cricket match?
**Abir** : That would be great.

লক্ষ করুন, কাউকে কোনো প্রস্তাব দেওয়ার সময় ইংরেজিতে আমরা বলি :

**Would you like + to + verb?**

আবার কারও প্রস্তাবে রাজি হলে ইংরেজিতে আমরা বলি :

**That would be great.**

### অনুশীলনী-তিন

এবার আপনার একজন বন্ধুর সঙ্গে অনুশীলনী-দুই-এর কথোপকথনটি চর্চা করুন। আপনার বন্ধুকে বিভিন্ন বিষয়ে প্রস্তাব দেওয়ার চর্চা করুন। এ জন্য অনুশীলনী এক-এর বাক্যাংশগুলো থেকে সাহায্য নিন। যেমন :

**You:** Are you free on Monday?

**Friend:** Yes, I am. Why?

**You:** Would you like to play football?

**Friend:** That would be great.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-গ, ৩-খ, ৪-ক, ৫-ঙ, ৬-ঘ
অনুশীলনী-দুই : আবির ক্রিকেট খেলা দেখতে যেতে চাইছেন।

# মজায় মজায় শেখা!!

## আপনি কি দুপুরের খাবার খেতে যাবেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম এবং কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সপ্তাহের বিভিন্ন দিনের ইংরেজি নাম।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কাউকে কীভাবে কোনো প্রস্তাব দিতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো প্রস্তাব কীভাবে গ্রহণ করতে হয় বা কীভাবে কোনো প্রস্তাবের উত্তরে 'না' বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে আবির ও জারার কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কখন দেখা করতে চাইছেন?



**Abir** : Are you free on Sunday?
**Zara** : I am sorry, I am busy.
**Abir** : Are you free on Monday?
**Zara** : Yes, I am. Why?
**Abir** : Would you like to go for lunch?
**Zara** : That would be great.

কেউ কোনো প্রস্তাব করলে আমরা সাধারণত সেই প্রস্তাব গ্রহণ করে থাকি। কিন্তু কখনো কখনো ব্যস্ততার কারণে আমরা অন্যদের প্রস্তাব বা অনুরোধ গ্রহণ করতে পারি না। এসব ক্ষেত্রে কারও প্রস্তাব গ্রহণ করতে না পারলে বা প্রস্তাবের উত্তরে 'না' বলতে হলে সেটি বিনয়ের সঙ্গে জানিয়ে দেওয়া উচিত।

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার লক্ষ করুন। এবার ডান দিকের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Abir asks Zara if she is free on Sunday. | [ T ] |
| ২. Zara is busy on Sunday. | [ ] |
| ৩. Zara is free on Monday. | [ ] |
| ৪. Abir invites Zara for dinner. | [ ] |
| ৫. Zara accepts Abir's invitation. | [ ] |

### অনুশীলনী-তিন

ধরা যাক, আপনার প্রাত্যহিক কাজগুলো আপনি একটি ডায়েরিতে লিখে রাখবেন। এবার আগামী সপ্তাহে আপনি যা যা করবেন, সেই কাজের কথাগুলো নিচের ডায়েরিটির ডান দিকের ছকে লিখে রাখুন। এ জন্য নিচের বক্সে লেখা কাজগুলো থেকে সাহায্য নিন।

go to a cricket match
go out for a meal
go to the fair
go to a concert
go to the cinema
go shopping
go for lunch
play football

### অনুশীলনী-চার

অনুশীলনী-তিন থেকে আপনার ডায়েরির লেখাগুলো আবার দেখুন। এবার সেই কাজগুলোর জন্য আপনার বন্ধুকে প্রস্তাব দিন। বন্ধুকে বলুন এই প্রস্তাবগুলোতে 'হ্যাঁ-বোধক' বা 'না-বোধক' উত্তর দিতে। এ জন্য আপনারা অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিতে পারেন।

**উত্তর**
অনুশীলনী-এক : জারা ও আবির সোমবার দেখা করবেন।
অনুশীলনী-দুই : ২- T, ৩-T, ৪-F, ৫-T

# মজায় মজায় শেখা!!

## আপনার কি আগামীকাল একটু সময় হবে? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অবসরে করা বিভিন্ন কাজ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—অবসর সময়ে করা বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ভবিষ্যতের বিভিন্ন কাজ সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ (phrase)।
- তৃতীয় অংশে আমরা শিখব—ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

অবসর সময়ে করা হয় এমন কিছু কাজের কথা নিচে লেখা আছে। বাঁ দিকের ইংরেজি লেখাগুলোর সঙ্গে ডান দিকের বাংলা লেখাগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. go shopping | ক. সিনেমা দেখা |
| ২. watch films | খ. কেনাকাটা করতে যাওয়া |
| ৩. meet friends | গ. কোনো কিছু পড়া |
| ৪. watch cricket | ঘ. বন্ধুদের সঙ্গে দেখা করা |
| ৫. visit relatives | ঙ. আত্মীয়দের বাসায় যাওয়া |
| ৬. read | চ. ক্রিকেট খেলা দেখা |

### অনুশীলনী-দুই

কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা অবসর সময়ে কোন কোন কাজ করার কথা বলছেন?



| | | |
|---|---|---|
| **Alex** | : | Kamal, are you free tomorrow? |
| **Kamal** | : | Yes, I am. Why? |
| **Alex** | : | Would you like to go shopping tomorrow? |
| **Kamal** | : | I am sorry, but I do not like shopping. |
| **Alex** | : | OK. Would you like to watch cricket tomorrow? |
| **Kamal** | : | That would be great. I love watching cricket. |

লক্ষ করুন, আমরা যে কাজটি করতে ভালোবাসি, সেই কাজ সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি :

**I love + verb (ing form)**

যেমন : **I love watching cricket.**

আবার পছন্দের বা অপছন্দের কোনো কাজ সম্পর্কে কিছু বলার সময় ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি :

**I like অথবা I do not like + verb (ing form)**

যেমন : **I like reading.**
**I do not like watching films.**

অন্যদিকে যে কাজটি আমরা করতে চাই না বা একেবারেই পছন্দ করি না, সে ধরনের কাজ সম্পর্কে কিছু বলার জন্য ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি :

**I hate + verb (ing form)**

যেমন : **I hate shopping.**

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান রয়েছে। অবসর সময়ে আপনি যে কাজগুলো করতে পছন্দ করেন বা করেন না, সেসব কাজের কথা এই শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. I like *watching films*.
২. I love ____________.
৩. I do not like ____________.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ক, ৩-ঘ, ৪-চ, ৫-ঙ, ৬-গ
অনুশীলনী-দুই : তারা কেনাকাটা করা এবং ক্রিকেট খেলা দেখতে যাওয়া এই দুটি কাজের কথা বলেছেন।

# মজায় মজায় শেখা!!

## আপনার কি আগামীকাল একটু সময় হবে? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

অবসরে করা বিভিন্ন কাজ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অবসর সময়ে করা বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ভবিষ্যতের বিভিন্ন কাজ সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ (phrase)।
- তৃতীয় অংশে আমরা শিখব—ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কি বর্তমান সময় নিয়ে কথা বলছেন, নাকি ভবিষ্যতের কোনো পরিকল্পনার কথা বলছেন?



**Alex** : Would you like to come on a picnic tomorrow?
**Kamal** : I am sorry, but I cannot come. I am meeting friends tomorrow.
**Alex** : OK. Would you like to come on a picnic this weekend?
**Kamal** : I am sorry, but I am going shopping with my sister this weekend.
**Alex** : OK.Would you like to come on a picnic next week?
**Kamal** : That would be great.

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবারও লক্ষ করুন। এবার এই কথোপকথন থেকে এমন তিনটি শব্দ বা বাক্যাংশ খুঁজে বের করুন যেগুলো ভবিষ্যৎ সময় নির্দেশ করে। আপনার উত্তরগুলো নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. tomorrow ২. ________ ৩. ________

### অনুশীলনী-তিন

বাংলা অর্থসহ সময়-সম্পর্কিত কিছু শব্দ নিচে লক্ষ করুন। এখানে এমন কিছু শব্দ লেখা রয়েছে যেগুলো দিয়ে বর্তমান বা ভবিষ্যতের বিভিন্ন সময় নির্দেশ করা হয়। এবার বর্তমান সময়-নির্দেশক শব্দগুলোর পাশে **P** লিখুন (**P** অর্থাৎ **Present**) এবং ভবিষ্যৎ সময়-নির্দেশক শব্দগুলোর পাশে **F** লিখুন (**F** অর্থাৎ **Future**)। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. next week (আগামী সপ্তাহ) | [ F ] |
| ২. today (আজ) | [ P ] |
| ৩. the day after tomorrow (আগামী পরশু) | [ ] |
| ৪. tomorrow (আগামীকাল) | [ ] |
| ৫. now (এখন) | [ ] |
| ৬. this weekend (এই সপ্তাহান্তে/এই সপ্তাহের শেষে) | [ ] |
| ৭. this evening (আজ সন্ধ্যায়) | [ ] |
| ৮. next weekend (আগামী সপ্তাহান্তে/আগামী সপ্তাহের শেষে) | [ ] |

### অনুশীলনী-চার

এবার আপনার কাজের একটি পরিকল্পনা তৈরি করুন এবং আপনার বন্ধুকে সেই কাজগুলো সম্পর্কে জানান। ভবিষ্যতে করতে চান বা করবেন, এমন কাজ সম্পর্কে আপনি বিভিন্নভাবে আপনার বন্ধুকে জানাতে পারেন। যেমন :

**I am visiting relatives tomorrow.**

**I am watching cricket this weekend.**

**উত্তর**
অনুশীলনী-এক : তারা ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কথা বলছেন।
অনুশীলনী-দুই : ২-this weekend, ৩-next week
অনুশীলনী-তিন : ৩-F, ৪-F, ৫-P, ৬-F, ৭-F, ৮-F

# মজায় মজায় শেখা!!

## আপনার কি আগামীকাল একটু সময় হবে? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

অবসরে করা বিভিন্ন কাজ এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—অবসর সময়ে করা বিভিন্ন কাজ সম্পর্কে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ভবিষ্যতের বিভিন্ন কাজ সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ (phrase)।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।

## অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামাল কি অ্যালেক্সের সঙ্গে সিনেমা দেখতে যেতে চান?



**Alex** : Would you like to watch a film tomorrow?
**Kamal** : I am sorry, I am busy tomorrow.
**Alex** : Busy? Why? What are you doing tomorrow?
**Kamal** : I am working tomorrow.
**Alex** : Working? Kamal, you do not have a job.
**Kamal** : OK. I am busy tomorrow because I am playing football.
**Alex** : Football? Kamal, you do not like playing football.
**Kamal** : OK, OK. I am busy tomorrow because I am studying English.
**Alex** : Studying? That is a very good reason.

## অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার লক্ষ করুন। এবার নিচের বাক্যগুলো দেখুন। সঠিক বাক্যের ডান পাশে টিক চিহ্ন দিন। ভুল বাক্যগুলো চিহ্নিত করে তার নিচে বা ডান দিকে সঠিক বাক্যটি লিখুন। প্রথম উত্তর দুটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Alex invites Kamal to watch a film. ✓
২. Kamal has a job. ×
   Kamal does not have a job.
৩. Kamal enjoys playing football.
৪. Alex is happy that Kamal is studying English tomorrow.

লক্ষ করুন, ভবিষ্যতের কোনো কাজ সম্পর্কে কাউকে কিছু জিজ্ঞেস করার সময় ইংরেজিতে আমরা এভাবে বাক্য গঠন করি :

**What are you doing + ভবিষ্যৎ সময়-নির্দেশক শব্দ?**

যেমন : **What are you doing tomorrow?**

অন্যদিকে, ভবিষ্যতের কোনো কাজ সম্পর্কে কাউকে কিছু বলার সময় ইংরেজিতে আমরা বলি :

**I am + verb (ing form) + ভবিষ্যৎ সময়-নির্দেশক শব্দ.**

যেমন : **I am working tomorrow.**

## অনুশীলনী-তিন

নিচের ছকটি লক্ষ করুন। এখানে কামালের ভবিষ্যতের কাজ সম্পর্কে কিছু বাক্যাংশ দেওয়া আছে। এই বাক্যাংশগুলো ব্যবহার করে কিছু বাক্য তৈরি করুন। আপনার উত্তরগুলো ছকের নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| **this evening** | have dinner with Abir and Zara |
| **tomorrow** | study English with Alex |
| **the day after tomorrow** | visit Munmun |
| **this weekend** | go to Cox's Bazaar |

১. Kamal is having dinner with Abir and Zara this evening.
২. ____________________.
৩. ____________________.
৪. ____________________.

**উত্তর**

অনুশীলনী-এক : না, কামাল অ্যালেক্সের সঙ্গে সিনেমা দেখতে যেতে চান না।

অনুশীলনী-দুই : ৩-× Kamal does not enjoy playing football, ৪-✓

# মজায় মজায় শেখা!!

## এই জিনিসের দাম কত? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো কিছুর দাম জিজ্ঞেস করার জন্য কীভাবে চর্চা করতে হয়।

## অনুশীলনী-এক

নিচের ছকে কিছু সংখ্যা অঙ্কে ও কথায় লেখা আছে এবং ছকের কয়েকটি ঘরে শূন্যস্থান রয়েছে। প্রতিটি শূন্যস্থানে সঠিক সংখ্যাটি কথায় লিখুন। এ জন্য ছকের ওপরের বক্সে দেওয়া শব্দগুলো থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

thirty-one　twenty-five　twenty-one
ninety　seventy

| | | | |
|---|---|---|---|
| 21 | ক. twenty-one | 30 | thirty |
| 22 | twenty-two | 31 | গ. ________ |
| 23 | twenty-three | 40 | forty |
| 24 | twenty-four | 50 | fifty |
| 25 | খ. ________ | 60 | sixty |
| 26 | twenty-six | 70 | ঘ. ________ |
| 27 | twenty-seven | 80 | eighty |
| 28 | twenty-eight | 90 | ঙ. ________ |
| 29 | twenty-nine | 100 | one hundred |

## অনুশীলনী-দুই

নিচের বক্সে কয়েকটি সংখ্যা কথায় লেখা আছে। বক্সের এই সংখ্যাগুলো ব্যবহার করে ডান দিকে দেওয়া প্রশ্নগুলোর উত্তর দিন। আপনার উত্তরগুলো প্রশ্নের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

ক. sixty　খ. twenty-four
গ. one hundred　ঘ. thirty-one

১. How many minutes are there in an hour? ক
২. How many hours are there in a day? ___
৩. How many days are there in January ? ___
৪. How many paisa are there in one taka? ___

লক্ষ করুন, ইংরেজিতে কোনো কিছুর সংখ্যা বা পরিমাণ জানার জন্য আমরা এভাবে বাক্য গঠন করি :

**How many + বহুবচন + are there?**

যেমন :

**How many days are there in a year?**

**How many paisa are there in one taka?**

## অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এ দেওয়া প্রশ্নগুলো লক্ষ করুন। এবার এই প্রশ্নগুলোর মতো করে আরও কিছু প্রশ্ন তৈরি করুন এবং সেগুলো আপনার একজন বন্ধুকে জিজ্ঞেস করুন। আপনার বন্ধুকে আপনি এভাবে প্রশ্ন করতে পারেন :

**How many people are there in your family?**

**How many houses are there in your street?**

**How many rooms are there in your house?**

**উত্তর**
অনুশীলনী-এক : খ- twenty-five, গ-thirty-one, ঘ-seventy, ঙ-ninety
অনুশীলনী-দুই : ২-খ, ৩-ঘ, ৪-গ

# মজায় মজায় শেখা!!

## এই জিনিসের দাম কত? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো কিছুর দাম জিজ্ঞেস করার জন্য কীভাবে চর্চা করতে হয়

### অনুশীলনী-এক

আপনি কি কখনো কোনো দোকানে খাবার কেনার জন্য গিয়েছেন? নিচে অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে অ্যালেক্স কি ক্রেতা? নাকি বিক্রেতা?



**Kamal** : Good morning. Can I help you?
**Alex** : Can I have a fruitcake, please?
**Kamal** : Yes, of course. Would you like anything else?
**Alex** : No, thanks. How much is the fruitcake?
**Kamal** : It is seventy taka, please.
**Alex** : Here you are.
**Kamal** : Thanks. Here is thirty taka change.

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার লক্ষ করুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. It is morning. | [ T ] |
| ২. Alex wants to buy some fruit. | [ ] |
| ৩. Alex wants some orange juice too. | [ ] |
| ৪. The fruitcake is seventy taka. | [ ] |
| ৫. Alex gives Kamal one hundred taka. | [ ] |

লক্ষ করুন, কোনো একটি বস্তু বা গণনা করা যায় না এমন কোনো কিছুর দাম জিজ্ঞেস করার সময় ইংরেজিতে আমরা বলি :

**How much is + বস্তুটির নাম?**

আবার একাধিক বস্তুর দাম জিজ্ঞেস করার সময় ইংরেজিতে আমরা বলি :

**How much are + বস্তুগুলোর নাম?**

যেমন :

How much is the fruitcake?
It is seventy taka.

How much are the apples?
They are one hundred and fifty taka.

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। চর্চা করার সময় একে অন্যকে বিভিন্ন বস্তুর দাম জানতে চেয়ে প্রশ্ন করুন এবং সেসব প্রশ্নের উত্তর দিন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন। আপনারা কোনো বস্তুর দাম বিভিন্নভাবে জিজ্ঞেস করতে এবং উত্তর দিতে পারেন। যেমন :

**Friend** : Can I help you?
**You** : How much is the mango?
**Friend** : It is twenty-five taka.
**You** : And how much are the bananas?
**Friend** : They are thirty taka.

**উত্তর**
অনুশীলনী-এক : এখানে অ্যালেক্স একজন ক্রেতা।
অনুশীলনী-দুই : ২-F, ৩-F, ৪-T, ৫-T

# মজায় মজায় শেখা!!

## এই জিনিসের দাম কত? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—২১ থেকে ১০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো কিছুর দাম কীভাবে জিজ্ঞেস করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো কিছুর দাম জিজ্ঞেস করার জন্য কীভাবে চর্চা করতে হয়।

### অনুশীলনী-এক

আপনার আশপাশের বাজারে বা দোকানে পাওয়া যায়, এমন কিছু খাবার ও সামগ্রীর ছবি নিচে দেওয়া আছে। ছবিগুলো লক্ষ করুন। এবার অনুমান করে বলুন তো, এসব সামগ্রীর দাম কত হতে পারে?









### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এ দেওয়া বিভিন্ন সামগ্রীর ছবি আবার লক্ষ করুন। নিচে সেই সামগ্রীগুলোর দাম উল্লেখ করে কিছু বাক্য দেওয়া আছে। যে দামটি আপনি সঠিক বলে মনে করেন, সেটির ডান পাশে টিক চিহ্ন দিন। ভুল দামটি চিহ্নিত করে তার নিচে বা ডান দিকে সঠিক দামটি লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Seventy-five taka for a samosa. ×
   Five taka for a samosa.
২. Fifty taka for a bottle of soft drink.
৩. Five taka for a cup of tea.
৪. Ninety taka for a piece of cake.

### অনুশীলনী-তিন

নিচে একটি চা-দোকানের একজন বিক্রেতা ও ক্রেতার কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে ক্রেতা কী কিনতে চাইছেন?

**Customer :** How much is a cup of tea?
**Owner :** It is five taka.
**Customer :** And how much is a samosa?
**Owner :** It is seventy-five taka.
**Customer :** Seventy-five taka! That is very expensive.

লক্ষ করুন, কোনো কিছুর দাম সম্পর্কে মন্তব্য করার সময় ইংরেজিতে আমরা বলি :

| | |
|---|---|
| **That is very expensive.** | এটি খুব দামি। |
| **That is too much.** | এটির দাম খুব বেশি। |
| **That is a good price.** | এটির দাম ঠিক আছে। |
| **That is very cheap.** | এটি খুব সস্তা। |

### অনুশীলনী-চার

নিচে বিভিন্ন সামগ্রীর দাম উল্লেখ করে কিছু বাক্য দেওয়া আছে। অনুশীলনী-তিন-এর বাক্যগুলোর সাহায্য নিয়ে এই দামগুলো সম্পর্কে মন্তব্য করুন। আপনার উত্তরগুলো বাক্যের পাশের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. The bananas are one taka each. That is very cheap.
২. A cup of coffee is eighty taka. ____________
৩. The papaya is ten taka. ____________
৪. The samosa is seven taka. ____________

**উত্তর**
অনুশীলনী-দুই : ২-✓, ৩-✓, ৪-× Ten taka for a piece of cake.
অনুশীলনী-তিন : এক কাপ চা ও একটি সমুচা কিনতে চাইছেন।

# মজায় মজায় শেখা!!

## আপনি কে বলছেন? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।

- **প্রথম অংশে আমরা শিখব**—১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—ফোনে কথা বলার সময় কীভাবে কোনো প্রশ্ন করতে হয়।

## অনুশীলনী-এক

এখানে লাবনী তার চাচা ফেরদৌসের সঙ্গে কথা বলছেন। তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, লাবনীর কাছে ফেরদৌস কী জানতে চাইছেন?



**Ferdous** : Laboni, I lost my phone, so I have a new one. Can I have your phone number, please?
**Laboni** : Sure. It is 5124 45678900.

কাউকে নিজের ফোন নম্বর বলার সময় ইংরেজিতে আমরা সাধারণত ফোন নম্বরের প্রতিটি সংখ্যা আলাদাভাবে উচ্চারণ করি।
লক্ষ করুন, ইংরেজিতে শূন্য সংখ্যাটি বলার বেশ কিছু উপায় আছে। আমরা শূন্য সংখ্যাটি উল্লেখ করার জন্য **zero** (জিরো) বলতে পারি। আবার **oh** (ও) উচ্চারণ করেও শূন্য সংখ্যাটি বোঝানো যায়। উল্লেখ্য, যুক্তরাজ্যের অধিবাসীরা শূন্য সংখ্যাটিকে সাধারণত **oh** (ও) উচ্চারণ করে এবং যুক্তরাষ্ট্রের অধিবাসীরা সাধারণত **zero** (জিরো) উচ্চারণ করে।

## অনুশীলনী-দুই

ইংরেজিতে ১ থেকে ১০ পর্যন্ত সংখ্যাগুলো আপনি কত দ্রুত বলতে পারেন? ডান দিকের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং বিভিন্ন সংখ্যা তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| ১. neo | one | ৬. ixs | |
| ২. wot | | ৭. vsene | |
| ৩. heret | | ৮. ghtie | |
| ৪. urof | | ৯. enin | |
| ৫. veif | | ১০. ent | |

## অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এর ইংরেজি সংখ্যাগুলো আবার দেখুন। এবার সেই সংখ্যাগুলো ব্যবহার করে নিচের বাক্যগুলোর মধ্যে দেওয়া শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. There are seven days in a week.
২. There are _____ weeks in a month.
৩. We have _____ fingers.
৪. We have _____ eyes.

## অনুশীলনী-চার

এবার আপনার বন্ধু বা পরিবারের কোনো সদস্যের কাছে তার ফোন নম্বর জিজ্ঞেস করুন। এ জন্য আপনি বিভিন্নভাবে বাক্য গঠন করতে পারেন। যেমন :

**You :** Can I have your phone number, please?

**Friend :** Sure. It is 571712 5269924782.

**উত্তর**
অনুশীলনী-এক : লাবনীর কাছে ফেরদৌস তার ফোন নম্বর জানতে চাইছেন।
অনুশীলনী-দুই : ২-two, ৩-three, ৪-four, ৫-five, ৬-six, ৭-seven, ৮-eight, ৯-nine, ১০-ten
অনুশীলনী-তিন : ২-four, ৩-ten, ৪-two

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আপনি কে বলছেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—ফোনে কথা বলার সময় কীভাবে কোনো প্রশ্ন করতে হয়।

## অনুশীলনী-এক

আপনি কি প্রায়ই ফোনে কথা বলেন? সাধারণত কার সঙ্গে আপনি ফোনে বেশি কথা বলেন? এখানে নাসফিম'স হেয়ার অ্যান্ড বিউটি সেলুনের অভ্যর্থনাকারীর সঙ্গে জারা কথা বলছেন। তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে জারা কার সঙ্গে কথা বলতে চাইছেন?



| | | |
|---|---|---|
| **Receptionist** | : | Good afternoon, Nasfim's Hair and Beauty Salon. Can I help you? |
| **Zara** | : | Hello. Can I speak to Nasfim, please? |
| **Receptionist** | : | Who is calling, please? |
| **Zara** | : | My name is Zara Rahman. |
| **Receptionist** | : | Just one minute, please. OK. I am putting you through. |
| **Zara** | : | Thank you. |

## অনুশীলনী-দুই

নিচে ইংরেজিতে কয়েকটি বাক্য এবং ডান দিকে সেই বাক্যগুলোর বাংলা দেওয়া আছে। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Can I help you? ___গ___
২. Can I speak to Nasfim, please? ______
৩. Just one minute, please. ______
৪. I am putting you through. ______

ক. অনুগ্রহ করে এক মিনিট অপেক্ষা করুন।
খ. আমি আপনার (কাঙ্ক্ষিত ব্যক্তিকে) সংযোগ দিচ্ছি।
গ. আমি কি আপনাকে সাহায্য করতে পারি?
ঘ. অনুগ্রহ করে আমি কি নাসফিমের সঙ্গে কথা বলতে পারি?

## অনুশীলনী-তিন

নিচের কথোপকথনটি লক্ষ করুন। এখানে জনাব তারেক একটি দোকানের ম্যানেজারের সঙ্গে কথা বলার জন্য ফোন করেছেন। ফোনটি ধরেছেন সেই দোকানের একজন অভ্যর্থনাকারী সুমনা। কথোপকথনটিতে কিছু শূন্যস্থান দেওয়া আছে। কথোপকথনের ওপরের বক্সে দেওয়া শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ক) speak | খ) help | গ) putting |
| ঘ) Thank | ঙ) calling | চ) minute |

| | | |
|---|---|---|
| ১. **Sumona** | : | Good morning. Can I ___help___ you? |
| ২. **Tarek** | : | Good morning. Can I _______ to the manager, please? |
| ৩. **Sumona** | : | Who is _______ , please? |
| ৪. **Tarek** | : | My name is Tarek Haque. |
| ৫. **Sumona** | : | Just one _______ , please. OK. I am _______ you through. |
| ৬. **Tarek** | : | _______ you. |

**উত্তর**
অনুশীলনী-এক : নাসফিমের সঙ্গে জারা কথা বলতে চাইছেন।
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-ক, ৪-খ
অনুশীলনী-তিন : ২-ক; ৩-ঙ; ৫-চ,গ; ৬-ঘ

# মজায় মজায় শেখা!!

## আপনি কে বলছেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।


- প্রথম অংশে আমরা শিখেছি—১ থেকে ১০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু রীতি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—ফোনে কথা বলার সময় কীভাবে কোনো প্রশ্ন করতে হয়।

## অনুশীলনী-এক

কামাল ও অ্যালেক্স তাদের ক্লাসে টেলিফোনে কথা বলা চর্চা করছেন। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। বলুন তো, অ্যালেক্সের ম্যানেজার কী করছেন?



অ্যালেক্স



কামাল

**Alex** : Hello. Can I help you?
**Kamal** : Hello. Can I speak to the manager, please?
**Alex** : Who is calling?
**Kamal** : My name is Kamal.
**Alex** : Just one minute, please. I am afraid he is in a meeting.
**Kamal** : When does it finish?
**Alex** : At three o'clock.
**Kamal** : And when does our lesson finish? Now?
**Alex** : No, Kamal.

লক্ষ করুন, ইংরেজিতে অনেক প্রশ্নবোধক শব্দই **wh** বর্ণ দুটি দিয়ে শুরু হয়। ওপরের কথোপকথনটিতেও দুটি প্রশ্নবোধক শব্দের শুরুতে **wh** রয়েছে। শব্দ দুটি চিহ্নিত করুন এবং সেগুলো নিচের শূন্যস্থানে লিখুন।

১. ________ ২. ________

## অনুশীলনী-দুই

নিচে বাঁ দিকে কিছু প্রশ্নবোধক শব্দ এবং ডান দিকে সেই শব্দগুলোর অর্থ দেওয়া আছে। বাঁ দিকের ইংরেজি শব্দগুলো ডান দিকের বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. who | ক. কোথায় |
| ২. when | খ. কী |
| ৩. what | গ. কে |
| ৪. where | ঘ. কখন |

## অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এর প্রশ্নবোধক শব্দগুলো আবার লক্ষ করুন। এবার সেই শব্দগুলো ব্যবহার করে নিচের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ১. | What | is your name? |
| ২. | ________ | is calling, please? |
| ৩. | ________ | does the meeting finish? |
| ৪. | ________ | are you from? |
| ৫. | ________ | is your phone number? |

## অনুশীলনী-চার

এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-এক-এর কথোপকথনটি চর্চা করুন। টেলিফোনে কোনো প্রশ্ন করার সময় **wh**-যুক্ত শব্দগুলো ব্যবহার করতে ভুলবেন না।

**উত্তর**
অনুশীলনী-এক : ম্যানেজার একটি মিটিংয়ে আছেন।
১-Who, ২-When
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-খ, ৪-ক
অনুশীলনী-তিন : ২-Who, ৩-When, ৪-Where, ৫-What

# মজায় মজায় শেখা!!

## আপনার কী হয়েছে? : প্রথম অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজের শারীরিক অবস্থা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয় এবং ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—শারীরিক সমস্যা-সংক্রান্ত কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—সুস্থতা ও শারীরিক অবস্থা নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—শারীরিক বিভিন্ন সমস্যা সম্পর্কে ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ছবিগুলো দেখুন। অনুমান করে বলুন তো, ছবিগুলোতে কী কী শারীরিক সমস্যার কথা বোঝানো হয়েছে? এবার ছবির ওপরের বক্সে দেওয়া শব্দগুলো লক্ষ করুন। প্রতিটি শব্দের সঙ্গে সঠিক ছবিটি মিলিয়ে নিন এবং সেটি ছবির নিচের শূন্যস্থানগুলোতে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | | |
|---|---|---|
| ক) stomach ache | খ) sore throat | গ) cold |
| ঘ) headache | ঙ) backache | চ) fever |


১. sore throat


২. ________


৩. ________


৪. ________


৫. ________


৬. ________

### অনুশীলনী-দুই

ডান দিকের বাক্যগুলো লক্ষ করুন। এবার বক্সে থাকা শব্দগুলো ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ক) headache | খ) sore throat | গ) fever |
| ঘ) stomach ache | ঙ) cold | চ) backache |

১. My head is hot. I have a fever.
২. I am sneezing. I have a ________.
৩. I ate too much fruit. I have a ________.
৪. I cannot talk today. I have a ________.
৫. I cannot carry heavy bags. I have ________.
৬. The music is too loud. I have a ________.

লক্ষ করুন, ইংরেজিতে অধিকাংশ শারীরিক সমস্যার কথা বলার সময় আমরা সেটির আগে **a** ব্যবহার করি। যেমন: **I have a fever, a cold, a stomach ache, a headache, a sore throat.** তবে **backache**-এর কথা বলার সময় আমরা **a** ব্যবহার করি না। যেমন:

**I have backache.**

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। আপনার বন্ধুকে তার নিজের শারীরিক সমস্যা সম্পর্কে বলতে বলুন। এ জন্য অনুশীলনী-এক-এর শব্দ ও অনুশীলনী-দুই-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনারা বিভিন্নভাবে অনুশীলনীটি চর্চা করতে পারেন। যেমন :

**You :** What is the problem?

**Friend :** I have a headache.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ঘ, ৩-ঙ, ৪-ক, ৫-গ, ৬-চ
অনুশীলনী-দুই : ২-ঙ, ৩-ঘ, ৪-খ, ৫-চ, ৬-ক

# মজায় মজায় শেখা!!

## আপনার কী হয়েছে ? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজের শারীরিক অবস্থা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয় এবং ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শারীরিক সমস্যা-সংক্রান্ত কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—সুস্থতা ও শারীরিক অবস্থা নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—শারীরিক বিভিন্ন সমস্যা সম্পর্কে ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

### অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের আবির সম্পর্কে এখানে কিছু বাক্য লেখা আছে। বলুন তো, আবির কি সুস্থ ও সবল?

> Abir eats lots of fruit and vegetables and drinks lots of water. He goes for a walk in the park every morning and plays cricket every Friday. He sometimes plays badminton with Laboni. He also does exercises when he has time. He is very healthy and keeps fit.

### অনুশীলনী-দুই

নিচে এমন কিছু বিষয়ের ছবি আছে যেগুলো সুস্থ জীবনের জন্য খুব দরকারি। প্রতিটি ছবির নিচে ইংরেজিতে কয়েকটি শব্দ এলোমেলোভাবে দেওয়া আছে। শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :



১. cricket play
play cricket



২. for walk a go
______



৩. water of drink lots
______



৪. eat of lots fruit
______



৫. badminton play
______



৬. exercises do
______

### অনুশীলনী-তিন

অনুশীলনী-এক-এর বাক্যগুলো আবার লক্ষ করুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Abir drinks lots of water. | [T] |
| ২. Abir plays badminton every day. | [ ] |
| ৩. Abir goes for a walk every day. | [ ] |
| ৪. Abir does not play cricket. | [ ] |
| ৫. Abir does not play badminton. | [ ] |
| ৬. Abir does exercises. | [ ] |
| ৭. Abir is healthy. | [ ] |

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। সুস্থ থাকার জন্য আপনি যা যা করেন, সেসব কাজ সম্পর্কে আপনার বন্ধুকে বলুন। এ জন্য অনুশীলনী-এক ও অনুশীলনী-দুই-এর বাক্য ও শব্দগুলো থেকে সাহায্য নিন। আপনি বিভিন্নভাবে এই অনুশীলনী চর্চা করতে পারেন। যেমন :

**I play badminton with my sister every Saturday.**

**I go for a walk every day.**

**উত্তর**

অনুশীলনী-দুই : ২-go for a walk, ৩-drink lots of water, ৪-eat lots of fruit, ৫-play badminton, ৬-do exercises
অনুশীলনী-তিন : ২-F, ৩-T, ৪-F, ৫-F, ৬-T, ৭-T

# মজায় মজায় শেখা!!

## আপনার কী হয়েছে ? : তৃতীয় অংশ



হ্যালো, আমি তানিয়া। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

নিজের শারীরিক অবস্থা সম্পর্কে কীভাবে কিছু বলতে হয় এবং ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—শারীরিক সমস্যা-সংক্রান্ত কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—সুস্থতা ও শারীরিক অবস্থা নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—শারীরিক বিভিন্ন সমস্যা সম্পর্কে ডাক্তারের সঙ্গে কীভাবে কথা বলতে হয়।

### অনুশীলনী-এক

অ্যালেক্স ও কামালের ছবিটি দেখুন। বলুন তো, কামাল কি সুস্থ নাকি অসুস্থ? এবার অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন।



| | | |
|---|---|---|
| **Alex** | : | Good morning. What is the problem? |
| **Kamal** | : | I have a headache and a fever. |
| **Alex** | : | Let me take your temperature. You do not have a fever, but take two tablets and rest. |
| **Kamal** | : | Thank you, doctor. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান রয়েছে এবং বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Kamal is at _the doctor's_ . (the doctor's/Munmun's)
২. Kamal has a ___________ . (cold/headache)
৩. Alex gives Kamal ___________ tablets. (two/three)

লক্ষ করুন, শারীরিক সমস্যা সম্পর্কে ইংরেজিতে কাউকে কিছু বলার সময় আমরা verb **have (have, has)** ব্যবহার করি। যেমন :

- ❑ I have a headache.
- ❑ I do not have a fever.
- ❑ He/She has a sore throat.
- ❑ He/She does not have a stomach ache.
- ❑ Do you have a cold?
- ❑ Does he/she have backache?

### অনুশীলনী-তিন

ডাক্তার কামাল ও মুনমুনের কথোপকথনটি পড়ুন। কথোপকথনের কিছু বাক্যে শূন্যস্থান রয়েছে এবং সেই বাক্যগুলোর শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। প্রতিটি বাক্যে ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ১. **Kamal** | : | What is the problem? |
| ২. **Munmun** | : | I _have_ a stomach ache. (have/has) |
| ৩. **Kamal** | : | I see. And what is the problem with Alex? |
| ৪. **Munmun** | : | She _____ a sore throat and cannot talk. (have/has) |
| ৫. **Kamal** | : | _____ she have a fever? (Do/Does) |
| ৬. **Munmun** | : | I do not know. |
| ৭. **Kamal** | : | OK. Let me take her temperature. |

**উত্তর**
অনুশীলনী-এক : কামাল অসুস্থ।
অনুশীলনী-দুই : ২-headache, ৩-two
অনুশীলনী-তিন : ৪-has, ৫-does

# মজায় মজায় শেখা!!

## আপনি কী খাবেন? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয় এবং ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।
- তৃতীয় অংশে—খাবার ও পানীয় অর্ডার করার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

### অনুশীলনী-এক

কোন ধরনের খাবার বা পানীয় আপনি বেশি পছন্দ করেন? নিচে কিছু ছবি দেওয়া আছে এবং প্রতিটি ছবির নিচে খাবার বা পানীয়র নামগুলো ইংরেজিতে এলোমেলোভাবে দেওয়া আছে। এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং আপনার উত্তরগুলো শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।



১. focefe
coffee



২. cei maerc
______



৩. akce
______



৪. tofs nikdr
______



৫. scidhnaw
______



৬. iazpz
______



৭. eat
______



৮. mosaas
______

### অনুশীলনী-দুই

ডান দিকে একটি বক্সে কামাল সম্পর্কে কিছু বাক্য লেখা আছে। বলুন তো, কামাল অনুশীলনী-এক-এর কোন কোন খাবারগুলোর কথা এখানে উল্লেখ করেছেন?

> I never cook, I do not like it. I sometimes eat at Alex's house or I go to a café. My favourite food is cake, but I cannot eat it with Alex because she does not like it.

কারও পছন্দের খাবার বা পানীয় সম্পর্কে ইংরেজিতে কোনো প্রশ্ন করতে হলে আমরা বলি :

**What is your favourite food?**
**What is your favourite drink?**

আবার নিজের পছন্দের খাবার বা পানীয় সম্পর্কে কাউকে জানানোর সময় আমরা বলি :

**My favourite food is + খাবারের নাম.**
**My favourite drink is + পানীয়র নাম.**

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো দেখুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Kamal *does not like* (likes/does not like) cooking.
২. Kamal —— (cooks/never cooks) at home.
৩. Kamal —— (loves/hates) cake.

### অনুশীলনী-চার

এবার আপনার একজন বন্ধুর সঙ্গে পছন্দের খাবার বা পানীয় সম্পর্কে কথা বলুন। বিভিন্ন ইংরেজি বাক্য ব্যবহার করে আপনারা কথা বলতে পারেন। যেমন :

**You** : What is your favourite food?
**Friend** : My favourite food is cake.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ice cream, ৩-cake, ৪-soft drink, ৫-sandwich, ৬-pizza, ৭-tea, ৮-samosa
অনুশীলনী-দুই : কামাল এখানে কেক-এর কথা উল্লেখ করেছেন।
অনুশীলনী-তিন : ২-never cooks, ৩-loves

# মজায় মজায় শেখা!!

## আপনি কী খাবেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয় এবং ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।
- তৃতীয় অংশে—খাবার ও পানীয় অর্ডার করার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

### অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের নাভিরা ও একজন খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে নাভিরা কয়টি খাবারের জন্য অর্ডার করছেন?





| | | |
|---|---|---|
| **Waiter** | : | Are you ready to order? |
| **Naveera** | : | Yes. I would like some coffee, please. |
| **Waiter** | : | Would you like something to eat? |
| **Naveera** | : | No, thanks. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Naveera is not ready to order. | [ F ] |
| ২. Naveera would like some coffee. | [ ] |
| ৩. Naveera would like a sandwich. | [ ] |

ইংরেজিতে কোনো কিছু চাওয়ার সময় বা কাউকে কোনো কিছু প্রস্তাব করার সময় আমরা **verb 'want'** ব্যবহার করে থাকি। যেমন :

Do you **want** something to drink?

I **want** some coffee, please.

কোনো কিছু চাওয়া বা কাউকে কোনো কিছু প্রস্তাব করার জন্য আমরা বাক্যে **want**-এর পরিবর্তে **would like**-ও ব্যবহার করতে পারি। **want** ও **would like**-এর অর্থ এক হলেও **want**-এর চেয়ে **would like** অনেক বেশি বিনীত শোনায়। এ কারণে ইংরেজিতে আনুষ্ঠানিক কথোপকথনের সময় **would like** ব্যবহার করা হয়। যেমন :

**Would** you **like** something to eat?

I **would like** some cake, please.

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। সঠিক বাক্যটির ডান পাশে টিক চিহ্ন দিন। ভুল বাক্যটি চিহ্নিত করে তার নিচে বা ডান দিকে সঠিক বাক্যটি লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Do you like some coffee? ×
*Would you like some coffee?*
২. I would like a samosa, please. ✓
৩. Would you like a soft drink?
৪. I would want an ice cream, please.

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। **would, like** ও **want** ব্যবহার করে তাকে বিভিন্ন বিষয়ে অনুরোধ বা প্রস্তাব করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন এবং অনুশীলনী-তিন-এর সঠিক বাক্যগুলো থেকে সাহায্য নিন।

**উত্তর**
অনুশীলনী-এক : নাভিরা শুধু একটি খাবারের (কফি) জন্য অর্ডার করেছেন।
অনুশীলনী-দুই : ২-T, ৩-F
অনুশীলনী-তিন : ৩-✓, ৪- × I want an ice cream, please.
বা I would like an ice cream, please.

# মজায় মজায় শেখা!!

## আপনি কী খাবেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয় এবং ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ক্যাফে বা রেস্টুরেন্টে খাবার ও পানীয়র জন্য কীভাবে অর্ডার করতে হয়।
- **তৃতীয় অংশে**—খাবার ও পানীয় অর্ডার করার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

## অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের নাভিরা, আবির ও একজন খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কোথায় গিয়েছেন?



**Waiter** : Are you ready to order?
**Naveera** : Yes. I would like some coffee, please.
**Waiter** : Would you like something to eat?
**Naveera** : No, thanks.
**Waiter** : And for you, sir?
**Abir** : I would like a soft drink, please.
**Waiter** : Would you like something to eat?
**Abir** : Yes, please. I would like a sandwich.
**Waiter** : Certainly, sir.

## অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার ডান দিকের খাদ্য-তালিকাটি দেখুন। এই খাদ্য-তালিকা থেকে নাভিরা ও আবিরের অর্ডার করা খাবারগুলো খুঁজে বের করুন এবং তার পাশে টিক চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

*ABC Restaurant*
Hazi Uddin Road, Dhaka.

**Menu**

| Food | Drinks |
|---|---|
| samosa | coffee ✓ |
| pizza | tea |
| burger | water |
| sandwich | soft drink |
| cake | mango juice |
| ice cream | |

ক্যাফে বা রেস্টুরেন্টে কোনো কিছু খাওয়ার আগে সেই খাবার অর্ডার করতে হয়। এ জন্য খাবার পরিবেশক ক্রেতাকে একটি খাদ্য-তালিকা দেন। ক্রেতা সেই তালিকা দেখার পর খাবার পরিবেশক তাকে ইংরেজিতে জিজ্ঞেস করতে পারেন :

**Are you ready to order?**
আপনি কি এখন খাবার অর্ডার করবেন?

ক্রেতা যদি প্রস্তুত থাকেন এবং কোনো খাবার অর্ডার করতে চান তাহলে তিনি ইংরেজিতে বলতে পারেন :

**Yes. I would like** + খাবার ও পানীয়ের নাম + **please.**
আমাকে অনুগ্রহ করে ... দিন।

যেমন :

**Waiter :** Are you ready to order?

**Customer :** Yes. I would like some coffee, please.

## অনুশীলনী-তিন

নিচে কয়েকটি খাবার ও পানীয়র নাম দেওয়া আছে। **I would like** ব্যবহার করে এই খাবার ও পানীয়গুলো নিয়ে বিভিন্ন বাক্য তৈরি করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. some water
<u>I would like some water, please.</u>
২. a samosa
৩. some cake
৪. some mango juice

## অনুশীলনী-চার

এবার আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে বিভিন্ন খাবার ও পানীয় অর্ডার করা চর্চা করুন। এ জন্য অনুশীলনী-দুই-এর খাদ্য-তালিকা এবং অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন।

**উত্তর**
অনুশীলনী-এক : তারা একটি ক্যাফে বা রেস্টুরেন্টে।
অনুশীলনী-দুই : soft drink, sandwich

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি বিলটি পেতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

১০০ থেকে ১০০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- **প্রথম অংশে আমরা শিখব**—১০০ থেকে ১০০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ক্যাফে বা রেস্টুরেন্টে কীভাবে কোনো কিছু চাইতে হয়।
- তৃতীয় অংশে—ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

## অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের নাভিরা ও একজন খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। বলুন তো, নাভিরার খাবারের বিল কত হয়েছে?

**Naveera :** Excuse me. Can I have the bill, please?
**Waiter :** Of course. That is 450 taka, please.
**Naveera :** Here you are.
**Waiter :** Thank you.

## অনুশীলনী-দুই

নিচের ছকে কিছু সংখ্যা অঙ্কে ও কথায় লেখা আছে এবং ছকের কয়েকটি ঘরে শূন্যস্থান রয়েছে। প্রতিটি শূন্যস্থানে সঠিক সংখ্যাটি কথায় লিখুন। এ জন্য ছকের ওপরের বক্সে দেওয়া শব্দগুলো থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| three hundred | one hundred and eighty | one hundred |
| eight hundred | one hundred and forty | |

| | |
|---|---|
| 100<br>120<br>130 | ক. *one hundred*<br>one hundred and twenty<br>one hundred and thirty |
| 140<br>150<br>160 | খ. ____________<br>one hundred and fifty<br>one hundred and sixty |
| 180<br>200<br>230<br>255 | গ. ____________<br>two hundred<br>two hundred and thirty<br>two hundred and fifty-five |
| 300<br>750 | ঘ. ____________<br>seven hundred and fifty |
| 800<br>1000 | ঙ. ____________<br>one thousand |

## অনুশীলনী-তিন

নিচে ইংরেজিতে কিছু সংখ্যা দেওয়া আছে এবং সংখ্যাগুলোর ডান দিকে কিছু শূন্যস্থান রয়েছে। সংখ্যাগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন এবং ডান দিকের শূন্যস্থানে সেগুলো কথায় লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ক. 250 | *two hundred and fifty* |
| খ. 600 | ____________ |
| গ. 770 | ____________ |
| ঘ. 1000 | ____________ |
| ঙ. 845 | ____________ |
| চ. 322 | ____________ |
| ছ. 486 | ____________ |
| জ. 520 | ____________ |

## অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে ইংরেজিতে ১০০-এর চেয়ে বড় সংখ্যাগুলো বলতে চেষ্টা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনারা সংখ্যা ব্যবহার করে বিভিন্নভাবে বাক্য গঠন করতে পারেন। যেমন :

**You :** Excuse me. Can I have the bill, please?

**Friend :** That is 625 taka, please.

**উত্তর**

অনুশীলনী-এক : ৪৫০ টাকা।
অনুশীলনী-দুই : খ-one hundred and forty, গ-one hundred and eighty, ঘ-three hundred, ঙ-eight hundred
অনুশীলনী-তিন : খ-six hundred, গ-seven hundred and seventy, ঘ-one thousand, ঙ-eight hundred and forty-five, চ-three hundred and twenty-two, ছ-four hundred and eighty-six, জ-five hundred and twenty

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি বিলটি পেতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

১০০ থেকে ১০০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ক্যাফে বা রেস্টুরেন্টে কীভাবে কোনো কিছু চাইতে হয়।
- তৃতীয় অংশে—ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

### অনুশীলনী-এক

আপনি কি প্রায়ই ক্যাফে বা রেস্টুরেন্টে খেতে যান? নিচে একটি বক্সে ক্যাফে বা রেস্টুরেন্টে দেখা যায় এমন কিছু সামগ্রীর নাম দেওয়া আছে এবং বক্সের নিচে সেই সামগ্রীগুলোর ছবি দেওয়া আছে। ছবিগুলোর সঙ্গে নামগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :


| | | | |
|---|---|---|---|
| ক. fork | খ. knife | গ. spoon | ঘ. bowl |
| ঙ. plate | চ. glass | ছ. cup | জ. bill |




১. bill



২. ________



৩. ________



৪. ________



৫. ________



৬. ________



৭. ________



৮. ________

### অনুশীলনী-দুই

'বিশ্বাস' নাটকের জারা, ফেরদৌস ও একজন খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। বলুন তো, অনুশীলনী-এক-এর কোন কোন সামগ্রীর কথা তারা এখানে উল্লেখ করছেন?

**Zara** : Excuse me. Can I have a knife and fork, please?
**Waiter** : Of course. Here you are.
**Ferdous** : Why do you need a knife and fork?
**Zara** : In the UK, we use a knife and fork to eat.

লক্ষ করুন, খাবার পরিবেশকের কাছে কোনো কিছু চাওয়ার সময় ক্রেতা বলেন :

**Can I have + বস্তুর নাম + please?**

আবার, ক্রেতাকে কিছু দেওয়ার সময় খাবার পরিবেশক বলেন :

**Here you are.**

যেমন :

**Customer :** Can I have a knife and fork, please?

**Waiter :** Here you are.

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। তার কাছে কোনো কিছু চাওয়া বা দেওয়ার সময় এই লেসনে শেখা বাক্যগুলো থেকে সাহায্য নিন। এ জন্য অনুশীলনী-এক-এর শব্দগুলো ব্যবহার করুন। আপনারা বিভিন্নভাবে কোনো সামগ্রী চাইতে বা দিতে পারেন। যেমন :

**You :** Can I have a spoon, please?

**Friend :** Here you are.

**উত্তর**

অনুশীলনী-এক : ২-গ, ৩-ঙ, ৪-ছ, ৫-ক, ৬-চ, ৭-খ, ৮-ঘ

অনুশীলনী-দুই : তারা একটি কাঁটাচামচ ও একটি ছুরির কথা উল্লেখ করেছেন।

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি বিলটি পেতে পারি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

১০০ থেকে ১০০০ পর্যন্ত ইংরেজি সংখ্যাগুলো এবং ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—পছন্দের খাবার নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ক্যাফে বা রেস্টুরেন্টে কীভাবে কোনো কিছু চাইতে হয়।
- **তৃতীয় অংশে**—ক্যাফে বা রেস্টুরেন্টে কথা বলার জন্য প্রয়োজনীয় ভাষারীতি আমরা চর্চা করব।

### অনুশীলনী-এক

'বিশ্বাস' নাটকের নাভিরা ও একজন খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। বলুন তো, নাভিরার খাবারের বিল কত হয়েছে?



**Waiter** : Are you ready to order?
**Naveera** : Yes. I would like some tea and a sandwich, please.
**Waiter** : Anything else?
**Naveera** : That is all, thank you. Can I have the bill, please?
**Waiter** : Here you are. That is 175 taka, please.
**Naveera** : Here you are.

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো দেখুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Naveera is in *a restaurant*. (a school/ a restaurant)
২. Naveera orders ______________. (coffee and cake/tea and a sandwich)
৩. Naveera asks for ______________. (the bill/a fork)

### অনুশীলনী-তিন

নিচে একজন ক্রেতা ও খাবার পরিবেশকের কথোপকথনটি পড়ুন। এখানে কথোপকথনের শব্দগুলো এলোমেলোভাবে দেওয়া আছে। শব্দগুলো সঠিকভাবে সাজিয়ে বাক্য তৈরি করুন এবং সেগুলো শূন্যস্থানে লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো :

**Waiter** : order? / you / Are / to / ready
১. *Are you ready to order?*

**Customer** : like / I / would / Yes. / please. / tea, / some
২. *Yes. I would like some tea, please.*

**Waiter** : else? / Anything
৩. ______________

**Customer** : all, / That / thank / is / you.
৪. ______________
bill, / I / have / Can / please? / the
৫. ______________

**Waiter** : please. / is / 670 taka, / That
৬. ______________

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। কীভাবে রেস্টুরেন্টে কোনো খাবার অর্ডার করতে হয় বা কোনো কিছু চাইতে হয়, সে বিষয়ে বিভিন্ন বাক্য তৈরি করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন।

**উত্তর**
অনুশীলনী-এক : ১৭৫ টাকা।
অনুশীলনী-দুই : ২-tea and a sandwich, ৩-the bill
অনুশীলনী-তিন : ৩-Anything else?; ৪-That is all, thank you; ৫-Can I have the bill, please?; ৬-That is 670 taka, please.

# মজায় মজায় শেখা!!

## আপনি কি কোনো বার্তা দেবেন? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ফোন-বিষয়ক কিছু শব্দ এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- **প্রথম অংশে আমরা শিখব**—ফোন-বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—ফোনে কীভাবে কারও জন্য কোনো বার্তা দিতে হয়।

### অনুশীলনী-এক

কামাল ও আবিরের ছবি দুটি দেখুন। বলুন তো, তারা কী করছেন?



কামাল



আবির

### অনুশীলনী-দুই

নিচের ইংরেজি শব্দগুলো লক্ষ করুন। বাঁ দিকের ইংরেজি শব্দগুলোর সঙ্গে ডান দিকের বাংলা শব্দগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. mobile phone | ক. ফোন চার্জার |
| ২. text message | খ. নেটওয়ার্ক |
| ৩. phone charger | গ. সিম কার্ড |
| ৪. landline | ঘ. ফোন নম্বর |
| ৫. ringtone | ঙ. ল্যান্ডলাইন |
| ৬. SIM card | চ. মোবাইল ফোন |
| ৭. phone number | ছ. ভয়েস মেইল |
| ৮. network | জ. লিখিত বার্তা |
| ৯. voicemail | ঝ. রিংটোন |

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. My *phone charger* is at home.
(ringtone / phone charger)

২. My favourite song is my __________.
(SIM card / ringtone).

৩. I sent you a __________ yesterday.
(landline / text message)

৪. What is your __________?
(SIM card / phone number)

৫. I talk to my friends on my __________.
(mobile phone / phone charger)

৬. I do not have a __________ , but I have a mobile phone.
(voicemail / landline)

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এর ইংরেজি শব্দগুলো চর্চা করুন। আপনার বন্ধু কতগুলো শব্দ মনে রাখতে পারছেন, সেটি যাচাই করুন। প্রয়োজনে নিজেদের ভূমিকা পরিবর্তন করেও চর্চা করুন।

**উত্তর**

অনুশীলনী-এক : তারা টেলিফোনে কথা বলছেন।

অনুশীলনী-দুই : ২-জ, ৩-ক, ৪-ঙ, ৫-ঝ, ৬-গ, ৭-ঘ, ৮-খ, ৯-ছ

অনুশীলনী-তিন : ২-ringtone, ৩-text message, ৪-phone number, ৫-mobile phone, ৬-landline

# মজায় মজায় শেখা!!

## আপনি কি কোনো বার্তা দেবেন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ফোন-বিষয়ক কিছু শব্দ এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—ফোন-বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—ফোনে কীভাবে কারও জন্য কোনো বার্তা দিতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও মুনমুনের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামাল কাকে ফোন করতে চাইছেন?



**Kamal** : I need to charge my phone battery. Can I borrow your phone charger?
**Munmun** : Yes, of course. Here you are.
**Kamal** : Thank you. I need to make a phone call.
**Munmun** : Who are you calling?
**Kamal** : Alex, I need help with my homework.

### অনুশীলনী-দুই

ইংরেজিতে আমরা প্রায়ই **noun**-এর সঙ্গে **verb** ব্যবহার করে সাধারণ ভাব প্রকাশ করে থাকি। অনুশীলনী-এক-এর কথোপকথনে এ ধরনের দুটি উদাহরণ রয়েছে। এর মধ্যে প্রথম উদাহরণটি নিচে দেওয়া হলো। এবার দ্বিতীয় উদাহরণটি খুঁজে বের করুন এবং সেটি নিচের শূন্যস্থানে লিখুন।

১. *charge* my phone battery
২. _____ a phone call

### অনুশীলনী-তিন

নিচে ফোন-বিষয়ক বিভিন্ন কাজের ছবি দেওয়া আছে এবং প্রতিটি ছবির নিচে সেই সম্পর্কিত কিছু লেখা দেওয়া আছে। ছবির ওপরের বক্সে দেওয়া শব্দগুলো ব্যবহার করে এই লেখার মাঝের শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | | |
|---|---|---|
| ক. leave | খ. top up | গ. dial |
| ঘ. charge | ঙ. make | |



১. *make* a phone call



২. _____ a message



৩. _____ your battery



৪. _____ your credit



৫. _____ a number

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে এই লেসনে শেখা শব্দগুলো চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন এবং অনুশীলনী-তিন-এর শব্দগুলো থেকে সাহায্য নিন।

**উত্তর**
অনুশীলনী-এক : কামাল অ্যালেক্সকে ফোন করতে চাইছেন।
অনুশীলনী-দুই : ২-make
অনুশীলনী-তিন : ২-ক, ৩-ঘ, ৪-খ, ৫-গ

# মজায় মজায় শেখা!!

## আপনি কি কোনো বার্তা দেবেন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

ফোন-বিষয়ক কিছু শব্দ এবং ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—ফোন-বিষয়ক কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—ফোনে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—ফোনে কীভাবে কারও জন্য কোনো বার্তা দিতে হয়।

### অনুশীলনী-এক

কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে কে অভ্যর্থনাকারীর ভূমিকা পালন করছেন?


অ্যালেক্স


কামাল

| | | |
|---|---|---|
| **Kamal** | : | Good afternoon. Can I help you? |
| **Alex** | : | Can I speak to Rishi, please? |
| **Kamal** | : | Please hold. I am sorry, but he is not here. Would you like to leave a message? |
| **Alex** | : | Yes, please. Can you tell him that Alex called? |
| **Kamal** | : | OK. |
| **Alex** | : | Thank you. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য/মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যটির পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যটির পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True**, মানে সত্য এবং **F** অর্থাৎ **False**, মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. It is morning. | [ F ] |
| ২. Alex wants to speak to Rishi. | [ ] |
| ৩. Rishi is not there. | [ ] |
| ৪. Alex does not leave a message. | [ ] |

### অনুশীলনী-তিন

গেম শো 'মজায় মজায় শেখা'র মুনমুন 'জামান অ্যান্টিক শপ'-নামের একটি দোকানে ফোন করেছেন। ফোনটি ধরেছেন 'বিশ্বাস' নাটকের ফেরদৌস। মুনমুন ফেরদৌসকে জানালেন, তিনি জারার সঙ্গে কথা বলতে চান। নিচে তাদের কথোপকথনটি পড়ুন। লক্ষ করুন, কথোপকথনটির কিছু বাক্যে শূন্যস্থান রয়েছে। নিচের বক্সের শব্দগুলো ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | | | |
|---|---|---|---|---|
| tell | sorry | Thank | hold | leave |

| | | |
|---|---|---|
| ১. **Ferdous** | : | Good afternoon, Zaman Antique Shop. Can I help you? |
| ২. **Munmun** | : | Good morning. Can I speak to Zara, please? |
| ৩. **Ferdous** | : | Please _hold_ . I am ________, but she is not here. Would you like to ________ a message? |
| ৪. **Munmun** | : | Yes, please. Can you ________ her that Munmun called? |
| ৫. **Ferdous** | : | Yes, of course. |
| ৬. **Munmun** | : | ________ you. |

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে ফোনে কথা বলা চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন।

**উত্তর**

অনুশীলনী-এক : এখানে কামাল অভ্যর্থনাকারীর ভূমিকা পালন করছেন।

অনুশীলনী-দুই : ২-T, ৩-T, ৪-F

অনুশীলনী-তিন : ৩-sorry, leave, ৪-tell, ৬-Thank

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি এক কাপ চা পেতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বাড়িতে, দোকানে বা রেস্টুরেন্টে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—কারও সঙ্গে একসঙ্গে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কীভাবে খাবার ও পানীয়র পরিমাণ সম্পর্কে কথা বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—ইংরেজিতে **and, but** ও **because** ব্যবহার করে কীভাবে বাক্য গঠন করতে হয়।

### অনুশীলনী-এক

খাবারের টেবিলে দেখা যায়, এমন কিছু সামগ্রীর ছবি নিচে দেওয়া আছে। বলুন তো, এর মধ্যে কোনটি বা কোনগুলো আপনি বেশি ব্যবহার করেন? এবার ছবিগুলোর সঙ্গে ওপরের বক্সে দেওয়া শব্দগুলো মিলিয়ে নিন এবং সেটি ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | | |
|---|---|---|---|
| ক. jam | খ. sugar | গ. milk | ঘ. pepper |
| ঙ. chilli sauce | চ. salt | ছ. water | জ. ketchup |



১. milk



২. ________



৩. ________



৪. ________



৫. ________



৬. ________



৭. ________



৮. ________

ছবির বিষয়গুলো নিয়ে আপনারা নানাভাবে প্রশ্ন করতে পারেন এবং উত্তর দিতে পারেন। যেমন :

**You :** What is it?

**Friend :** It is milk.

লক্ষ করুন, খাবারের টেবিলে কাউকে কোনো কিছু এগিয়ে দেওয়ার জন্য অনুরোধ করতে হলে ইংরেজিতে আমরা বলি :

**Could you pass** (এগিয়ে দেওয়া)
**the** + সামগ্রীটির নাম +, **please?**

যেমন : **Could you pass the salt, please?**

**Could you pass the pepper, please?**

### অনুশীলনী-দুই

একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। তাকে খাবার টেবিলের বিভিন্ন সামগ্রী সম্পর্কে প্রশ্ন করুন এবং এগুলো এগিয়ে দেওয়ার জন্য অনুরোধ করুন। এ জন্য আপনি বিভিন্নভাবে অনুরোধ করতে পারেন। যেমন :

**You :** Could you pass the sugar, please?

**Friend :** Yes, of course.

### অনুশীলনী-তিন

এবার খাবার টেবিলে একসঙ্গে খাওয়ার সময় আপনার বন্ধু বা আত্মীয়দের কোনো কিছু এগিয়ে দেওয়ার অনুরোধ করার জন্য চর্চা করুন।

**উত্তর**
অনুশীলনী-এক : ২-চ, ৩-ঘ, ৪-জ, ৫-ঙ, ৬-ক, ৭-ছ , ৮-খ

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি এক কাপ চা পেতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

বাড়িতে, দোকানে বা রেস্টুরেন্টে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কারও সঙ্গে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কীভাবে খাবার ও পানীয়র পরিমাণ সম্পর্কে কথা বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—ইংরেজিতে **and, but** ও **because** ব্যবহার করে কীভাবে বাক্য গঠন করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে অ্যালেক্স কী কী খাবারের জন্য অর্ডার দিয়েছেন?



| | | |
|---|---|---|
| **Alex** | : | Can I have a cup of tea, please? |
| **Kamal** | : | Yes, of course. Anything else? |
| **Alex** | : | And can I have a piece of cake and a bottle of water, please? |
| **Kamal** | : | Certainly. Here you are. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। কথোপকথনটির কিছু বাক্যাংশের মাধ্যমে বিভিন্ন সামগ্রীর পরিমাণ বোঝানো হয়েছে। বাক্যাংশগুলো খুঁজে বের করে সেগুলোর নিচে দাগ দিন এবং নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. *a cup of tea* ২. ________ ৩. ________

### অনুশীলনী-তিন

ডান দিকে কিছু খাবার ও পানীয়র ছবি দেওয়া আছে এবং ছবির ওপরে একটি বক্সে সেগুলোর নাম দেওয়া আছে। প্রতিটি ছবির সঙ্গে সঠিক নামটি মিলিয়ে নিন এবং সেটি ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ক. a glass of juice | খ. a box of sweets |
| গ. a loaf of bread | ঘ. a bag of rice |
| ঙ. a bottle of water | চ. a packet of biscuits |
| ছ. a piece of cake | জ. a cup of tea |


১. *a bag of rice*


২. ________


৩. ________


৪. ________


৫. ________


৬. ________


৭. ________


৮. ________

**উত্তর**

অনুশীলনী-এক : অ্যালেক্স এক কাপ চা, এক টুকরো কেক ও এক বোতল পানির জন্য অর্ডার দিয়েছেন।

অনুশীলনী-দুই : ২-a piece of cake, ৩-a bottle of water

অনুশীলনী-তিন : ২-ছ, ৩-গ, ৪-ঙ, ৫-চ, ৬-জ, ৭-ক, ৮-খ

# মজায় মজায় শেখা!!

## অনুগ্রহ করে আমি কি এক কাপ চা পেতে পারি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বাড়িতে, দোকানে বা রেস্টুরেন্টে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—কারও সঙ্গে খাওয়ার সময় কীভাবে কিছু বলতে হয়।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কীভাবে খাবার ও পানীয়র পরিমাণ সম্পর্কে কথা বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—ইংরেজিতে **and, but** ও **because** ব্যবহার করে কীভাবে বাক্য গঠন করতে হয়।

### অনুশীলনী-এক

চা-দোকানি রফিক ও জারার কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে জারা কয়টি খাবারের জন্য অর্ডার দিয়েছেন?



| | | |
|---|---|---|
| **Zara** | : | Can I have a cup of tea, please? |
| **Rafik** | : | Yes, of course. |
| **Zara** | : | Tea with milk, but no sugar, please. |
| **Rafik** | : | Oh, all our tea has sugar. |
| **Zara** | : | OK. I would also like two shingaras and some chilli sauce, please. |
| **Rafik** | : | Here you are. That is forty taka, please. |
| **Zara** | : | Here you are. |
| **Zara** | : | Thank you. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো লক্ষ করুন। যে বাক্যটি আপনি সঠিক বলে মনে করেন, সেটির ডান দিকে টিক চিহ্ন দিন। ভুল বাক্যটি চিহ্নিত করে তার নিচে বা ডান দিকে সঠিক বাক্যটি লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Zara orders a cup of tea. ✓
২. Zara asks for tea with milk and sugar. ×
*Zara asks for tea with milk, but no sugar.*
৩. Zara orders two shingaras, but no chilli sauce.

লক্ষ করুন, ইংরেজিতে একটি বাক্যে নতুন কোনো শব্দ বা বাক্য যোগ করার জন্য আমরা **and** শব্দটি ব্যবহার করি। যেমন :

I would like two singaras **and** some chilli sauce.
আমি দুটি শিঙাড়া ও একটু চিলি সস চাই।

একই বাক্যে যখন কোনো একটি বিষয়ের প্রতি ইতিবাচক ও অন্য আরেকটি বিষয়ের প্রতি নেতিবাচক ভাব প্রকাশ করতে হয়, তখন আমরা **but** শব্দটি ব্যবহার করি। যেমন :

Tea with milk, **but** no sugar.
চায়ে দুধ হবে কিন্তু চিনি হবে না।

আবার কোনো কিছুর কারণ ব্যাখ্যা করার জন্য আমরা **because** শব্দটি ব্যবহার করি। যেমন :

I drink a lot of tea **because** I like it.
আমি চা পছন্দ করি বলে অনেক বেশি তা পান করি।

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। বন্ধুর কাছে **and, but** ও **because**-এর মতো শব্দগুলো ব্যবহার করে বিভিন্ন জিনিস চাওয়া চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন ও অনুশীলনী-দুই-এর সঠিক বাক্যগুলো থেকে সাহায্য নিন। আপনারা বিভিন্নভাবে **and, but** ও **because**-এর মতো শব্দগুলো বাক্যে ব্যবহার করতে পারেন। যেমন :

**You :** Can I have a packet of biscuits and a cup of tea, please?

**Friend :** Yes, of course. Here you are.

**উত্তর**
অনুশীলনী-এক : জারা চা, শিঙাড়া ও চিলি সস—এই তিনটি খাবারের জন্য অর্ডার দিয়েছেন।
অনুশীলনী-দুই : ৩-× Zara orders two shingaras and some chilli sauce.

# মজায় মজায় শেখা!!

## আমি কি আপনার পাসপোর্টটি দেখতে পারি? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিমানবন্দরে কারও সঙ্গে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিমানবন্দরে বা ভ্রমণের সময় ব্যবহার করা হয়, এমন কিছু প্রয়োজনীয় ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কীভাবে কোনো কিছুর পরিমাণ সম্পর্কে জিজ্ঞেস করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কীভাবে বিমানবন্দরে চেক-ইন (প্রবেশ) করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের ছবিটি দেখুন। বলুন তো, তারা কোথায়?



### অনুশীলনী-দুই

নিচে বাঁ দিকে ভ্রমণ-সংক্রান্ত কিছু ইংরেজি শব্দ এবং ডান দিকে সেই শব্দগুলোর অর্থ দেওয়া আছে। ইংরেজি শব্দগুলো বাংলা শব্দগুলোর সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. passport | ক. টিকিট |
| ২. ticket | খ. পাসপোর্ট |
| ৩. bags | গ. মাঝের আসন |
| ৪. boarding card | ঘ. জানালার পাশের আসন |
| ৫. window seat | ঙ. ব্যাগ |
| ৬. aisle seat | চ. আরোহণের অনুমতিপত্র |

### অনুশীলনী-তিন

নিচের এলোমেলো বর্ণগুলো সঠিকভাবে সাজিয়ে নিন এবং ভ্রমণ-সংক্রান্ত বিভিন্ন ইংরেজি শব্দ তৈরি করুন। আপনার উত্তরগুলো এলোমেলো বর্ণের পাশে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. sapsotrp | passport |
| ২. gnbaordi radc | ______ |
| ৩. doiwnw aest | ______ |
| ৪. ttkeic | ______ |
| ৫. sabg | ______ |

### অনুশীলনী-চার

নিচে শূন্যস্থানসহ কিছু বাক্য এবং সেই বাক্যগুলোর ওপর একটি বক্সে কিছু শব্দ দেওয়া আছে। এই শব্দগুলো ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| passport | window seat | boarding card |
| ticket | bags | |

১. I use my passport to travel to another country.
২. You buy a ______ from the travel agent.
৩. You get a ____ when you check in at the airport.
৪. My ______ are very heavy. They weigh forty kilos.
৫. You get a good view from the ______ on an aeroplane.

### অনুশীলনী-পাঁচ

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে অনুশীলনী-দুই-এর ইংরেজি শব্দগুলো চর্চা করুন। আপনার বন্ধু কতগুলো শব্দ মনে রাখতে পারছেন, সেটি যাচাই করুন।

**উত্তর**

অনুশীলনী-এক : অ্যালেক্স ও কামাল বিমানবন্দরে।
অনুশীলনী-দুই : ২-ক, ৩-ঙ, ৪-চ, ৫-ঘ, ৬-গ
অনুশীলনী-তিন : ২-boarding card, ৩-window seat, ৪-ticket, ৫-bags.
অনুশীলনী-চার : ২-ticket, ৩-boarding card, ৪-bags, ৫-window seat

# মজায় মজায় শেখা!!

## আমি কি আপনার পাসপোর্টটি দেখতে পারি? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিমানবন্দরে কারও সঙ্গে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিমানবন্দরে বা ভ্রমণের সময় ব্যবহার করা হয়, এমন কিছু প্রয়োজনীয় ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কীভাবে কোনো কিছুর পরিমাণ সম্পর্কে জিজ্ঞেস করতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—কীভাবে বিমানবন্দরে চেক-ইন (প্রবেশ) করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে ভ্রমণ-বিষয়ক কিছু ইংরেজি শব্দ দেওয়া আছে। এই শব্দগুলোর সবই ইংরেজি **noun**। এই **noun**-গুলোর মধ্যে কোনোটি গণনা করা যায়, আবার কোনোটি গণনা করা যায় না। যে **noun**-গুলো গণনা করা যায়, সেগুলো নিচের ছকের 'গণনা করা যায়' ঘরে লিখুন এবং যে **noun**-গুলো গণনা করা যায় না, সেগুলো ছকের 'গণনা করা যায় না' ঘরে লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| bag | money | hand luggage |
| dollar | passport | laptop |
| ticket | seat | time |

| ১. countable (গণনা করা যায়) | ২. uncountable (গণনা করা যায় না) |
|---|---|
| bag | money |
| | |
| | |
| | |

### অনুশীলনী-দুই

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, অনুশীলনী-এক-এর কোন কোন শব্দের কথা তারা তাদের কথোপকথনে উল্লেখ করেছেন?

**Alex** : Good morning, sir.
Can I have your passport and ticket?
**Kamal** : Here you are.
**Alex** : How many bags do you have?
**Kamal** : I have two.
**Alex** : And how much hand luggage do you have?
**Kamal** : Just my laptop.

লক্ষ করুন, ইংরেজি যে **noun**-গুলো গণনা করা যায়, সেগুলো সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করার জন্য আমরা **how many** ব্যবহার করি। যেমন :

**How many bags do you have?**

আবার যে **noun**-গুলো গণনা করা যায় না, সেগুলো সম্পর্কে কোনো প্রশ্ন জিজ্ঞেস করার জন্য ইংরেজিতে আমরা **how much** ব্যবহার করি। যেমন :

**How much hand luggage do you have?**

### অনুশীলনী-তিন

নিচের ইংরেজি বাক্যগুলো লক্ষ করুন। এবার সঠিক বাক্যটির পাশে টিক চিহ্ন দিন এবং ভুল বাক্যটি চিহ্নিত করে তার পাশে ক্রস চিহ্ন দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. ক) How much time do you have? ×
খ) How many time do you have? ✓
২. ক) How much money do you have? ______
খ) How many money do you have? ______
৩. ক) How much dollars do you have? ______
খ) How many dollars do you have? ______
৪. ক) How much tickets do you want? ______
খ) How many tickets do you want? ______

**উত্তর**
অনুশীলনী-এক : ১-dollar, passport, ticket, seat, laptop; ২-hand luggage, time
অনুশীলনী-দুই : passport, ticket, bag, hand luggage, laptop
অনুশীলনী-তিন : ২-ক) ✓ খ) ×, ৩-ক) × খ) ✓, ৪-ক) × খ) ✓

# মজায় মজায় শেখা!!

## আমি কি আপনার পাসপোর্টটি দেখতে পারি? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিমানবন্দরে কারও সঙ্গে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিমানবন্দরে বা ভ্রমণের সময় ব্যবহার করা হয় এমন কিছু প্রয়োজনীয় ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কীভাবে কোনো কিছুর পরিমাণ সম্পর্কে জিজ্ঞেস করতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কীভাবে বিমানবন্দরে চেক-ইন (প্রবেশ) করতে হয়।

## অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, এখানে কে বিমানবন্দরের কর্মকর্তা এবং কে যাত্রী?



**Alex** : Good morning, sir.
Can I have your passport and ticket?
**Kamal** : Here you are.
**Alex** : How many bags do you have?
**Kamal** : I have two.
**Alex** : Would you like a window or an aisle seat?
**Kamal** : A window seat, please.
**Alex** : Here is your boarding card.
**Kamal** : Thank you.

## অনুশীলনী-দুই

নিচে ও ডান দিকে ইংরেজি ও বাংলায় কিছু বাক্য লেখা আছে। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Can I have your passport and ticket? __গ__
২. How many bags do you have? ____
৩. Would you like a window or an aisle seat? ____
৪. Here is your boarding card. ____

ক. আপনি কোন আসনে বসতে চান, জানালার পাশে, নাকি মাঝের আসনে?
খ. এটি আপনার আরোহণের অনুমতিপত্র।
গ. আমি কি আপনার পাসপোর্ট ও টিকিট দেখতে পারি?
ঘ. আপনার কাছে কয়টি ব্যাগ আছে?

## অনুশীলনী-তিন

নিচে বিমানবন্দরের একজন কর্মকর্তা সেলিম ও বিমানযাত্রী তনিমার কথোপকথনটি পড়ুন। কথোপকথনের কিছু বাক্যে শূন্যস্থান রয়েছে। বক্সে দেওয়া শব্দ ও বাক্যাংশগুলো ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন এবং আপনার উত্তরগুলো শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| Here you are | Thanks | Aisle, please |
|---|---|---|

**Selim** : Good morning.
Can I have your passport?
**Tanima** : ১. _Here you are._
**Selim** : Would you like a window or an aisle seat?
**Tanima** : ২. ____________.
**Selim** : Here is your boarding card.
**Tanima** : ৩. ____________.

## অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে বিমানবন্দরে চেক-ইন (প্রবেশ) করার জন্য প্রয়োজনীয় বাক্যগুলো চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক ও অনুশীলনী-তিন-এর বাক্যগুলো থেকে সাহায্য নিন।

**উত্তর**

অনুশীলনী-এক : এখানে অ্যালেক্স বিমানবন্দরের কর্মকর্তা এবং কামাল যাত্রীর ভূমিকা পালন করছেন।
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-ক, ৪-খ
অনুশীলনী-তিন : ২-Aisle, please, ৩-Thanks

# মজায় মজায় শেখা!!

## আপনার কি বুকিং দেওয়া আছে? : প্রথম অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

হোটেলের কর্মকর্তাদের সঙ্গে কীভাবে কথা বলতে হয় এবং কোনো হোটেলে চেক-ইন বা প্রবেশ করার জন্য কী ধরনের তথ্য দিতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—হোটেল-সম্পর্কিত প্রয়োজনীয় কিছু শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কোনো কিছুর প্রতি কারও মালিকানা থাকলে তা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—হোটেলে থাকার জন্য বিভিন্ন তথ্য দিয়ে কীভাবে চেক-ইন বা প্রবেশ করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও মি. কুপারের ছবিটি দেখুন। বলুন তো, তারা কোথায়?



### অনুশীলনী-দুই

নিচের হোটেল-সম্পর্কিত শব্দগুলো লক্ষ করুন। বাঁ দিকের ইংরেজি শব্দগুলোর সঙ্গে ডান দিকের বাংলা শব্দগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. key | ক. সংরক্ষণ |
| ২. reservation | খ. অতিথি |
| ৩. luggage | গ. চাবি |
| ৪. room number | ঘ. কুলি |
| ৫. porter | ঙ. কক্ষ নম্বর |
| ৬. guest | চ. মালপত্র |

### অনুশীলনী-তিন

আপনার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। এ জন্য অনুশীলনী-দুই-এর ইংরেজি শব্দগুলো দুই মিনিট সময় নিয়ে ভালোভাবে লক্ষ করুন। এবার একটি কাগজ দিয়ে শব্দগুলো ঢেকে নিন এবং আপনার বন্ধুকে শব্দগুলো সম্পর্কে প্রশ্ন করুন। প্রথমে আপনি একটি করে বাংলা শব্দ বলুন এবং আপনার বন্ধুকে বলুন শব্দগুলোর ইংরেজি বলতে। প্রয়োজনে নিজেদের ভূমিকা পরিবর্তন করেও চর্চা করুন। আপনারা বিভিন্নভাবে চর্চা করতে পারেন। যেমন :

**You :** How do you say 'চাবি' in English?

**Friend :** Key.

**You :** How do you say 'কুলি' in English?

**Friend :** Porter.

### অনুশীলনী-চার

নিচের শূন্যস্থানসহ বাক্যগুলো লক্ষ করুন। এবার বক্সে থাকা শব্দগুলো ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | | |
|---|---|---|
| ক. luggage | খ. key | গ. porter |
| ঘ. room number | ঙ. reservation | চ. guest |

১. Good morning, sir. Do you have a *reservation* ?
২. Do you need help with your __________ ?
৩. Your __________ is 425.
৪. The __________ can help you with your luggage.
৫. Here is your __________.
৬. Can you help this __________ with his luggage?

**উত্তর**
অনুশীলনী-এক : তারা একটি হোটেলে।
অনুশীলনী-দুই : ২-ক, ৩-চ, ৪-ঙ, ৫-ঘ, ৬-খ
অনুশীলনী-চার : ২-ক, ৩-ঘ, ৪-গ, ৫-খ, ৬-চ

# মজায় মজায় শেখা!!

## আপনার কি বুকিং দেওয়া আছে? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

## এই লেসনে আপনি শিখবেন :

হোটেলের কর্মকর্তাদের সঙ্গে কীভাবে কথা বলতে হয় এবং কোনো হোটেলে চেক-ইন বা প্রবেশ করার জন্য কী ধরনের তথ্য দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—হোটেল-সম্পর্কিত প্রয়োজনীয় কিছু শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কোনো কিছুর প্রতি কারও মালিকানা থাকলে তা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—হোটেলে থাকার জন্য বিভিন্ন তথ্য দিয়ে কীভাবে চেক-ইন বা প্রবেশ করতে হয়।

## অনুশীলনী-এক

হোটেলের অভ্যর্থনাকারী কামাল ও মি. কুপারের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামাল মি. কুপারকে কোন জিনিসটি দিচ্ছেন?



**Kamal** : Good morning, sir. Do you have a reservation?
**Mr Cooper** : Yes, I do. My surname is Cooper.
**Kamal** : Can you spell that, please?
**Mr Cooper** : C-o-o-p-e-r.
**Kamal** : Can I have your passport, please?
**Mr Cooper** : Here you are.
**Kamal** : Thank you. Your room number is 425. Here is your key.

ইংরেজিতে কোনো বস্তুর প্রতি কারও মালিকানা বা অধিকার বোঝানোর জন্য আমরা বাক্যে **my, your, his** ও **her** শব্দগুলো ব্যবহার করি। একইভাবে কোনো কিছুর ওপর একাধিক ব্যক্তির মালিকানা বা অধিকার বোঝাতে আমরা বাক্যে **our, your** ও **their** শব্দগুলো ব্যবহার করি। নিচে অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে নেওয়া উদাহরণটি লক্ষ করুন :

**Can I have your passport, please?**

## অনুশীলনী-দুই

নিচে কিছু বাক্য দেওয়া আছে। বাঁ দিকের ইংরেজি বাক্যগুলো ডান দিকের সঠিক বাংলা বাক্যের সঙ্গে মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. This is my key. | ক. এটা আপনার চাবি। |
| ২. This is his key. | খ. এটি তার (পুরুষ) চাবি। |
| ৩. This is her key. | গ. এটি আমার চাবি। |
| ৪. This is your key. | ঘ. এটি তার (নারী) চাবি। |

## অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। আপনাদের চারপাশে লক্ষ করুন এবং বিভিন্ন ব্যক্তির কাছে থাকা বস্তুগুলো নিয়ে কথা বলুন। কথা বলার সময় সঠিকভাবে **my, your, his** ও **her** ব্যবহার করতে ভুলবেন না। যেমন :

**You :** This is my book.

**Friend :** This is your pen.

**You :** This is his passport.

**Friend :** This is her watch.

**উত্তর**
অনুশীলনী-এক : কামাল মি. কুপারকে তার কক্ষের চাবিটি দিচ্ছেন।
অনুশীলনী-দুই : ২-খ, ৩-ঘ, ৪-ক

# মজায় মজায় শেখা!!

## আপনার কি বুকিং দেওয়া আছে? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

হোটেলের কর্মকর্তাদের সঙ্গে কীভাবে কথা বলতে হয় এবং কোনো হোটেলে চেক-ইন বা প্রবেশ করার জন্য কী ধরনের তথ্য দিতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—হোটেল-সম্পর্কিত প্রয়োজনীয় কিছু শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কোনো কিছুর প্রতি কারও মালিকানা থাকলে তা নিয়ে কীভাবে কিছু বলতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—হোটেলে থাকার জন্য বিভিন্ন তথ্য দিয়ে কীভাবে চেক-ইন বা প্রবেশ করতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, ছবির ব্যক্তিটি এখানে কোথায় যাচ্ছেন? এবার একজন অভ্যর্থনাকারী ও মি. কুপারের কথোপকথনটি পড়ুন।



| | | |
|---|---|---|
| **Receptionist** | : | Good morning. Do you have a reservation? |
| **Mr Cooper** | : | Yes. My name is Cooper. |
| **Receptionist** | : | Can I have your passport, please? |
| **Mr Cooper** | : | Here you are. How much is the room? |
| **Receptionist** | : | It is thirty dollars a night. |
| **Mr Cooper** | : | Is breakfast included? |
| **Receptionist** | : | Yes. Breakfast is from 7:00 to 10:00 am. |
| **Mr Cooper** | : | What time do I need to check out? |
| **Receptionist** | : | At 11:00 am. |

### অনুশীলনী-দুই

নিচে ও ডান দিকে ইংরেজি ও বাংলায় কিছু বাক্য লেখা আছে। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Do you have a reservation? __খ__
২. Can I have your passport, please? ______
৩. What time do I need to check out? ______
৪. Is breakfast included? ______

ক. সঙ্গে কি সকালের নাশতাও আছে?
খ. এই হোটেলে আপনার নামে কি কোনো রুম নেওয়া আছে?
গ. আমাকে কখন রুম ছাড়তে হবে?
ঘ. অনুগ্রহ করে আমি কি আপনার পাসপোর্টটি দেখতে পারি?

### অনুশীলনী-তিন

নিচে কিছু প্রশ্নের উত্তর দেওয়া আছে এবং প্রতিটি উত্তরের ওপরে একটি করে শূন্যস্থান রয়েছে। ইংরেজি উত্তরগুলোর সঙ্গে মিল রেখে শূন্যস্থানে সঠিক প্রশ্নটি লিখুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন ও অনুশীলনী-দুই-এর প্রশ্নগুলো থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. Do you have a reservation?
Yes, I do. My name is Cooper.

২. ________________?
It is thirty dollars a night.

৩. ________________?
At 11:00 am.

### অনুশীলনী-চার

এবার হোটেলে চেক-ইন বা প্রবেশ করার জন্য প্রয়োজনীয় বাক্যগুলো একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন। প্রয়োজনে নিজেদের ভূমিকা পরিবর্তন করেও চর্চা করুন।

**উত্তর**
অনুশীলনী-এক : তিনি হোটেলে একটি কক্ষ নিতে যাচ্ছেন।
অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-গ, ৪-ক
অনুশীলনী-তিন : ২-How much is the room?,
৩-What time do I need to check out?

# মজায় মজায় শেখা!!

## আপনার বিয়ের অনুষ্ঠানটি কখন? : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

সময় ও তারিখ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—সময় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—তারিখ নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো অনুষ্ঠানের সময় ও তারিখ সম্পর্কে কীভাবে কোনো কিছু জিজ্ঞেস করতে হয়।

---

### অনুশীলনী-এক

বলুন তো, এখন কয়টা বাজে? নিচে কয়েকটি ঘড়ির ছবি দেওয়া আছে এবং ছবির ওপর একটি বক্সে ইংরেজিতে সময় প্রকাশক কিছু শব্দ লেখা আছে। ছবিগুলোর সঙ্গে শব্দগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ক. quarter past eight | খ. half past eight |
| গ. quarter to nine | ঘ. eight o'clock |



১. eight o'clock



২. ____________



৩. ____________



৪. ____________

### অনুশীলনী-দুই

ডান দিকে কামাল ও মুনমুনের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামালের ঘড়িতে কয়টা বাজে?

**Munmun** : What time is it?
**Kamal** : It is quarter past nine.
**Munmun** : What time do you start class?
**Kamal** : At nine o'clock.
**Munmun** : Kamal! You are late! Alex will be angry.

লক্ষ করুন, ইংরেজিতে সময় সম্পর্কে জিজ্ঞেস করার জন্য আমরা বলি—

**What time is it?**

যেমন :

**What time is it?**
**It is quarter past nine.**

অন্যদিকে সুনির্দিষ্ট কোনো কাজের সময় সম্পর্কে ইংরেজিতে কোনো প্রশ্ন করতে হলে আমরা বলি :

**What time do you + যে কাজের সময় সম্পর্কে জানতে চান?**

যেমন :

**What time do you start class?**
**At nine o'clock.**

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন এবং তাকে বিভিন্ন সময় সম্পর্কে জিজ্ঞেস করুন। এ জন্য অনুশীলনী-এক-এর সময়-বিষয়ক শব্দ এবং অনুশীলনী-দুই-এর কথোপকথন থেকে সাহায্য নিন। আপনারা বিভিন্নভাবে এই অনুশীলনী চর্চা করতে পারেন। যেমন :

**You** : What time is it?
**Friend** : It is quarter to seven.
**You** : What time do you get up?
**Friend** : At half past six.

**উত্তর**
অনুশীলনী-এক : ২-ক, ৩-খ, ৪-গ
অনুশীলনী-দুই : It is quarter past nine.

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আপনার বিয়ের অনুষ্ঠানটি কখন? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

সময় ও তারিখ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—তারিখ নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—কোনো অনুষ্ঠানের সময় ও তারিখ সম্পর্কে কীভাবে কোনো কিছু জিজ্ঞেস করতে হয়।

### অনুশীলনী-এক

বলুন তো, আপনার জন্মদিন কবে? নিচে অ্যালেক্স ও কামালের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামালের জন্মদিন কবে?



**Kamal** : When is your birthday, Alex?
**Alex** : My birthday is on the twenty-seventh of August.
When is yours?
**Kamal** : It is in November.

### অনুশীলনী-দুই

নিচের বক্সে ইংরেজিতে বারো মাসের নাম এলোমেলোভাবে লেখা আছে। ইংরেজি মাসের এই নামগুলো সঠিক ক্রমানুসারে সাজিয়ে নিন এবং সেগুলো বক্সের নিচে দেওয়া শূন্যস্থানে লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো।

| | | | |
|---|---|---|---|
| January | May | August | April |
| October | June | July | September |
| November | March | December | February |

| | | |
|---|---|---|
| ১. January | ২. February | ৩. ______ |
| ৪. ______ | ৫. ______ | ৬. ______ |
| ৭. ______ | ৮. ______ | ৯. ______ |
| ১০. ______ | ১১. ______ | ১২. ______ |

লক্ষ করুন, ইংরেজিতে মাসের নামের আগে আমরা সাধারণত **in** শব্দটি ব্যবহার করি। যেমন :

When is your birthday? — It is **in** November.
When are you going? — I am going **in** May.

### অনুশীলনী-তিন

নিচের ছকে ইংরেজি মাসের কিছু তারিখ অঙ্কে ও কথায় লেখা আছে। লক্ষ করুন, ছকের কয়েকটি ঘরে শূন্যস্থান রয়েছে। এই শূন্যস্থানগুলোতে সঠিক তারিখটি কথায় লিখুন। এ জন্য নিচের বক্সে দেওয়া শব্দগুলো থেকে সাহায্য নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | | | |
|---|---|---|---|---|
| first | twenty-first | tenth | seventh | fourth |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 1st | ক. first | 6th | sixth | 11th | eleventh |
| 2nd | second | 7th | গ. ____ | 20th | twentieth |
| 3rd | third | 8th | eighth | 21st | ঙ. ____ |
| 4th | খ. ____ | 10th | ঘ. ____ | 31st | thirty-first |

ইংরেজিতে কোনো তারিখের কথা উল্লেখ করার সময় আমরা প্রায়শই তারিখের আগে **on** শব্দটি ব্যবহার করি। যেমন :

My birthday is **on** the twenty-seventh of August.

লক্ষ করুন, ইংরেজিতে কোনো তারিখের কথা বলার সময় আমরা বলি :

**the twenty-seventh of August.**

**উত্তর**
অনুশীলনী-এক : কামালের জন্মদিন নভেম্বর মাসে।
অনুশীলনী-দুই : ৩-March, ৪-April, ৫-May, ৬-June, ৭-July, ৮-August, ৯-September, ১০-October, ১১-November, ১২-December
অনুশীলনী-তিন : খ-fourth, গ-seventh, ঘ-tenth, ঙ-twenty-first

# মজায় মজায় শেখা!!

## আপনার বিয়ের অনুষ্ঠানটি কখন? : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।


### এই লেসনে আপনি শিখবেন :

সময় ও তারিখ সম্পর্কে ইংরেজিতে কীভাবে কোনো কিছু বলতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—সময় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—তারিখ নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কোনো অনুষ্ঠানের সময় ও তারিখ সম্পর্কে কীভাবে কোনো কিছু জিজ্ঞেস করতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, কামাল কী উপলক্ষে অ্যালেক্সকে আমন্ত্রণ জানিয়েছেন?



| | | |
|---|---|---|
| **Kamal** | : | My sister is getting married. Would you like to come to the wedding? |
| **Alex** | : | Oh yes, thank you. When is it? |
| **Kamal** | : | It is on the second of March. |
| **Alex** | : | What time is it? |
| **Kamal** | : | It is at eight o'clock in the evening. |
| **Alex** | : | Where is it? |
| **Kamal** | : | It is at the community centre. |
| **Alex** | : | OK. Thank you. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. What is it? | It is ___a wedding___. |
| ২. When is it? | It is ______________. |
| ৩. Where is it? | It is ______________. |

গুরুত্বপূর্ণ কোনো অনুষ্ঠানে যাওয়ার জন্য কেউ আমন্ত্রণ জানালে আমরা প্রায়শই অনুষ্ঠানটির সময় ও তারিখ সম্পর্কে জানতে চাই। ইংরেজিতে এটি জানার জন্য **When is it?** বাক্যটি ব্যবহার করে প্রশ্ন করা হয়। যেমন :

**When is it?**

**It is on the second of March.**

অন্যদিকে, অনুষ্ঠানটি কোথায় হবে তা জানতে চাওয়ার জন্য আমরা ইংরেজিতে **Where is it?** বাক্যটি ব্যবহার করে প্রশ্ন করি। যেমন :

**Where is it?**

**It is at the community centre.**

লক্ষ করুন, ইংরেজিতে কোনো তারিখের কথা উল্লেখ করার সময় আমরা তার আগে **on** ব্যবহার করি। তবে কোনো সময় বা স্থানের কথা উল্লেখ করার সময় তার পূর্বে **at** ব্যবহার করা হয়।

### অনুশীলনী-তিন

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। তাকে কোনো একটি অনুষ্ঠানের জন্য আমন্ত্রণ করুন এবং তাকে বলুন অনুষ্ঠানটির সময়, তারিখ ও স্থান নিয়ে বিভিন্ন প্রশ্ন করতে। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন।

**উত্তর**
অনুশীলনী-এক : কামাল অ্যালেক্সকে তার বোনের বিয়ের অনুষ্ঠানে যাওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন।
অনুশীলনী-দুই : ২-on the second of March at eight o'clock, ৩-at the community centre.

# মজায় মজায় শেখা!!

## আমরা কি মেলায় যাব? : প্রথম অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিশেষ কোনো উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিশেষ উৎসব বা অনুষ্ঠান নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—কীভাবে কাউকে কোনো বিষয়ে পরামর্শ দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—বিভিন্ন উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কীভাবে কোনো কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ছবিটি লক্ষ করুন। বলুন তো, ছবির ব্যক্তিরা এখানে কী করছেন? অনুষ্ঠানটির উপলক্ষই বা কী?



### অনুশীলনী-দুই

কোনো একটি উৎসব বা অনুষ্ঠান উদ্‌যাপনের জন্য আপনি সাধারণত কী করেন? নিচের ও ডান দিকের ছবিগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন। ছবির ওপরের বক্সে দেওয়া শব্দগুলোর সঙ্গে ছবিগুলো মিলিয়ে নিন। আপনার উত্তরগুলো ছবির নিচের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ক. card | খ. present | গ. sweets |
| ঘ. flowers | ঙ. clothes | |



১. clothes



২. ________



৩. ________



৪. ________



৫. ________

### অনুশীলনী-তিন

অনুশীলনী-দুই-এর শব্দগুলো আবারও লক্ষ করুন। এবার সেই শব্দগুলো ব্যবহার করে নিচের বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তর বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো।

১. My friends gave me a present for my birthday.
২. For Bengali New Year we wear new ________ .
৩. We eat ________ when we do well in exams.
৪. I gave my mother ________ for her birthday. She really likes roses.
৫. We often send a ________ for birthdays.

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। বিশেষ কোনো উৎসব বা অনুষ্ঠান উদ্‌যাপনের জন্য আপনি কী করেন তা নিয়ে আপনার বন্ধুর সঙ্গে কথা বলুন। এ জন্য আপনারা বিভিন্নভাবে বাক্য গঠন করতে পারেন। যেমন :

**You** : What do you do for Pohela Boisakh?
**Friend** : I wear new clothes.

**উত্তর**

অনুশীলনী-এক : ছবির ব্যক্তিরা একটি মেলায় এসেছেন এবং মেলার বিভিন্ন স্থান ঘুরে দেখছেন।

অনুশীলনী-দুই : ২-ঘ, ৩-খ, ৪-ক, ৫-গ

অনুশীলনী-তিন : ২-clothes, ৩-sweets, ৪-flowers, ৫-card

# মজায় মজায় শেখা!!

## আমরা কি মেলায় যাব? : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিশেষ কোনো উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিশেষ উৎসব বা অনুষ্ঠান নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—কীভাবে কাউকে কোনো বিষয়ে পরামর্শ দিতে হয়।
- তৃতীয় অংশে আমরা শিখব—বিভিন্ন উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কীভাবে কোনো কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কোন উৎসবটি নিয়ে কথা বলছেন?



| | | |
|---|---|---|
| **Kamal** | : | It is Bengali New Year soon. Do you have your new clothes? |
| **Alex** | : | Yes, I do. I have a red and white sari. |
| **Kamal** | : | Shall we go to the fair? |
| **Alex** | : | Yes. What time? |
| **Kamal** | : | Let's go at ten o'clock. |
| **Alex** | : | OK. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য-মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যগুলোর পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যগুলোর পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Alex has a blue and white sari. | [ F ] |
| ২. Kamal wants Alex to go to the fair. | [ ] |
| ৩. They will go at eleven o'clock. | [ ] |

লক্ষ করুন, কাউকে কোনো কিছু করার জন্য পরামর্শ দিতে হলে ইংরেজিতে আমরা **Shall we + verb** ব্যবহার করে প্রশ্ন করি। যেমন :

**Shall we go to the fair?**

আবার কখনো কখনো **Let's + verb** ব্যবহার করেও পরামর্শ দেওয়া হয়। যেমন :

**Let's go at ten o'clock.**

লক্ষ করুন, কাউকে কোনো পরামর্শ দেওয়ার জন্য **Let's** ও **Shall we**—এই দুটি বাক্যাংশই আমরা ব্যবহার করি। বাক্যাংশ দুটির অর্থ এক হলেও ইংরেজিতে এগুলো ব্যবহার করে বাক্য গঠনের নিয়ম ভিন্ন। **Let's** দিয়ে শুরু হওয়া বাক্যগুলো বর্ণনামূলক এবং এ ধরনের বাক্যের শেষে ফুল স্টপ (.) ব্যবহার করা হয়। অন্যদিকে **Shall we** দিয়ে শুরু হওয়া বাক্যগুলো প্রশ্নবোধক এবং এ ধরনের বাক্যের শেষে প্রশ্নবোধক চিহ্ন (?) ব্যবহার করা হয়।

### অনুশীলনী-তিন

নিচের শূন্যস্থানসহ বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে **Let's** ও **Shall we**—এ দুটির যেকোনো একটি ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | | |
|---|---|---|
| ১. | Shall we | go to the shopping mall? |
| ২. | ________ | go to the book fair. |
| ৩. | ________ | play cricket tomorrow. |
| ৪. | ________ | go to the park? |
| ৫. | ________ | watch a film? |

**উত্তর**
অনুশীলনী-এক : তারা পয়লা বৈশাখ নিয়ে কথা বলছেন।
অনুশীলনী-দুই : ২-T, ৩-F
অনুশীলনী-তিন : ২-Let's, ৩-Let's, ৪-Shall we, ৫-Shall we

BBC জানালা
www.bbcjanala.com

প্রথম আলো
The Daily Prothom Alo

# মজায় মজায় শেখা!!

## আমরা কি মেলায় যাব? : তৃতীয় অংশ



হ্যালো, আমি মাবরুকা। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

বিশেষ কোনো উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিশেষ উৎসব বা অনুষ্ঠান নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ইংরেজি শব্দ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—কীভাবে কাউকে কোনো বিষয়ে পরামর্শ দিতে হয়।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—বিভিন্ন উৎসব বা অনুষ্ঠান সম্পর্কে কীভাবে কোনো কিছু বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচের ক্যালেন্ডারে একটি বিশেষ দিন চিহ্নিত করা আছে। অনুমান করে বলুন তো, এই বিশেষ দিনটি কী?

**April 2011**

| sun | mon | tue | wed | thu | fri | sat |
|---|---|---|---|---|---|---|
| | | | | | 1 | 2 |
| 3 | 4 | 5 | 6 | 7 | 8 | 9 |
| 10 | 11 | 12 | 13 | **14** | 15 | 16 |
| 17 | 18 | 19 | 20 | 21 | 22 | 23 |
| 24 | 25 | 26 | 27 | 28 | 29 | 30 |

### অনুশীলনী-দুই

'মজায় মজায় শেখা' গেম শোর কামাল ও অ্যালেক্স বাংলা নববর্ষ উদ্‌যাপনের পরিকল্পনা করছেন। নিচে তাদের মধ্যকার কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কোথায় যেতে চাইছেন?

**Kamal** : It is Bengali New Year soon.
**Alex** : Really? What shall we do?
**Kamal** : Let's go to the fair.
**Alex** : Great. Shall we meet at ten o'clock?
**Kamal** : OK.
**Alex** : Where shall we meet?
**Kamal** : Let's meet at the park.
**Alex** : That is a good idea.
**Kamal** : Yes, yes, I know.

### অনুশীলনী-তিন

নিচের শব্দগুলো লক্ষ করুন। এবার ইংরেজি তারিখগুলোর সঙ্গে বিশেষ দিনগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. 1st January → খ | ক. May day |
| ২. 14th April | খ. New Year's Day |
| ৩. 21st February | গ. Victory Day |
| ৪. 26th March | ঘ. Bengali New Year |
| ৫. 1st May | ঙ. Independence Day |
| ৬. 16th December | চ. Christmas Day |
| ৭. 25th December | ছ. International Mother Language Day |

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে চর্চা করুন। অনুশীলনী-তিন-এ দেওয়া বিশেষ দিনগুলো উদ্‌যাপনের জন্য আপনার বন্ধুর সঙ্গে বিভিন্ন পরামর্শ করুন। এ জন্য অনুশীলনী-দুই-এর কথোপকথন থেকে সাহায্য নিন। বিশেষ দিনগুলো সম্পর্কে আপনারা বিভিন্নভাবে কথা বলতে পারেন। যেমন :

**You** : It is Bengali New Year soon.
**Friend** : Shall we go to the fair?
**You** : Yes. Let's invite some of our friends.
**Friend** : Who shall we invite?
**You** : Let's invite...

**উত্তর**
অনুশীলনী-এক : বাংলা নববর্ষ।
অনুশীলনী-দুই : তারা মেলায় যেতে চাইছেন।
অনুশীলনী-তিন : ২-ঘ, ৩-ছ, ৪-ঙ, ৫-ক, ৬-গ, ৭-চ

# মজায় মজায় শেখা!!

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : প্রথম অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো আলোচনা বা কথোপকথনের শেষে ইংরেজিতে কীভাবে কাউকে বিদায় জানাতে হয়।

- **প্রথম অংশে আমরা শিখব**—বিদায় জানানোর জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ।
- দ্বিতীয় অংশে আমরা শিখব—অতীতের কোনো বিষয় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—কেউ বিদায় জানালে তার উত্তরে কী বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। অনুমান করে বলুন তো, কামাল কেন মন খারাপ করে আছেন?



**Kamal** : Goodbye, Alex. It was nice to meet you.
**Alex** : It was nice to meet you too.
See you soon.
**Kamal** : Bye.

### অনুশীলনী-দুই

যুক্তরাজ্যে কাউকে বিদায় জানানোর জন্য ব্যবহার করা হয়, এমন কিছু বাক্য নিচে লেখা আছে। অ্যালেক্সের এই বর্ণনার সঙ্গে বাংলাদেশে বিদায় জানানোর জন্য ব্যবহার করা বাক্যগুলো তুলনা করুন। বলুন তো, বাংলাদেশের বিদায় জানানোর রীতিটি কী যুক্তরাজ্যের মতোই, নাকি ভিন্ন?



In the UK, we shake hands when we say goodbye after business meetings. Both men and women shake hands. You do not usually shake hands with your family members or friends when you say goodbye.

ওপরের বাক্যগুলো আবার পড়ুন। এবার ডান দিকের বাক্যগুলো দেখুন। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। ব্র্যাকেটের যেকোনো একটি শব্দ ব্যবহার করে বাক্যগুলো সম্পূর্ণ করুন। আপনার উত্তরগুলো বাক্যের মধ্যকার শূন্যস্থানে লিখুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. You shake hands after *business meetings* .
(business meetings/family meetings)
২. ________________ shake hands.
(Men and women/Only men)
৩. You ________________ hands with friends when you say goodbye. (shake/do not shake)

### অনুশীলনী-তিন

ইংরেজিতে কাউকে বিদায় জানানোর জন্য বলা হয়, এমন কিছু শব্দ ও বাক্য নিচের বক্সে দেওয়া আছে। এগুলোর কোনোটি আনুষ্ঠানিক, কোনোটি অনানুষ্ঠানিক এবং কোনোটি আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় ক্ষেত্রেই ব্যবহার করা হয়। শব্দ ও বাক্যগুলো মনোযোগ দিয়ে লক্ষ করুন এবং ছকের নির্দিষ্ট ঘরে সেগুলো লিখুন। প্রথম দুটি উত্তর উদাহরণ হিসেবে দেওয়া হলো।

- ❑ It was a pleasure to meet you.
- ❑ It was nice to meet you.
- ❑ See you soon.
- ❑ See you later.
- ❑ Goodbye.
- ❑ Bye.
- ❑ See you.
- ❑ Bye bye.

| ১. অনানুষ্ঠানিক | ২. আনুষ্ঠানিক | ৩. উভয়টিই |
|---|---|---|
| Bye. | | Goodbye. |

**উত্তর**
অনুশীলনী-এক : অ্যালেক্সকে বিদায় জানাচ্ছেন বলে কামালের মন খারাপ।
অনুশীলনী-দুই : ২-Men and women ৩-do not shake
অনুশীলনী-তিন : ১-Bye bye, See you later, See you ২-It was a pleasure to meet you, ৩-See you soon, It was nice to meet you

# মজায় মজায় শেখা!!

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : দ্বিতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো আলোচনা বা কথোপকথনের শেষে ইংরেজিতে কীভাবে কাউকে বিদায় জানাতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিদায় জানানোর জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ।
- **দ্বিতীয় অংশে আমরা শিখব**—অতীতের কোনো বিষয় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- তৃতীয় অংশে আমরা শিখব—কেউ বিদায় জানালে তার উত্তরে কী বলতে হয়।

### অনুশীলনী-এক

নিচে কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তারা কী করছেন?



**Kamal** : Goodbye, Alex. It was nice to meet you.
**Alex** : It was nice to meet you too. I was very happy that you were my student.
**Kamal** : I was very happy that you were my teacher.
**Alex** : We were a good team.
**Kamal** : Yes, we were.
**Alex** : Don't forget to practise your English.
**Kamal** : OK. Bye, Alex.
**Alex** : See you, Kamal.

### অনুশীলনী-দুই

ডান দিকের ছকটি লক্ষ করুন। ছকের প্রথম ঘরে একটি **subject** ও দ্বিতীয় ঘরে সেই **subject**-এর সঙ্গে ব্যবহৃত **verb be (am, is, are)** দেওয়া আছে। ছকের তৃতীয় ঘরে **be verb**-গুলোর **past form** লেখার জন্য কিছু শূন্যস্থান রয়েছে। শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম ও শেষ উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| Subject | verb be (present) | verb be (past) |
|---|---|---|
| I | am | ১. was |
| you | are | ২. ______ |
| he | is | ৩. ______ |
| she | is | ৪. ______ |
| it | is | ৫. ______ |
| we | are | ৬. ______ |
| you | are | ৭. ______ |
| they | are | ৮. were |

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। প্রতিটি বাক্যে একটি করে শূন্যস্থান রয়েছে এবং বাক্যের শেষে ব্র্যাকেটে কিছু শব্দ দেওয়া আছে। প্রতিটি বাক্যের শেষে ব্র্যাকেটে দেওয়া সঠিক **past form**-টি ব্যবহার করে শূন্যস্থানগুলো পূরণ করুন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

১. It was nice to meet you. (was/were)
২. Alex ____ happy that Kamal was her student. (was/were)
৩. Alex thinks they____ a good team. (was/were)
৪. Alex thinks Kamal ____ a good student. (was/were)

**উত্তর**
অনুশীলনী-এক : তারা একে অন্যকে বিদায় জানাচ্ছেন।
অনুশীলনী-দুই : ২-were, ৩-was, ৪-was, ৫-was, ৬-were, ৭-were
অনুশীলনী-তিন : ২-was, ৩-were, ৪-was

# মজায় মজায় শেখা!!

## আপনার সঙ্গে পরিচিত হয়ে খুশি হলাম : তৃতীয় অংশ



হ্যালো, আমি অ্যালেক্স। এই লেসনে আমি আপনার ইংরেজি শিক্ষক।

আশা করি, প্রতিটি লেসন আপনি আপনার বন্ধুর সঙ্গে চর্চা করবেন। আপনি তৈরি তো? চলুন তবে, শুরু করা যাক।

### এই লেসনে আপনি শিখবেন :

কোনো আলোচনা বা কথোপকথনের শেষে ইংরেজিতে কীভাবে কাউকে বিদায় জানাতে হয়।

- প্রথম অংশে আমরা শিখেছি—বিদায় জানানোর জন্য প্রয়োজনীয় কিছু বাক্যাংশ।
- দ্বিতীয় অংশে আমরা শিখেছি—অতীতের কোনো বিষয় নিয়ে কথা বলার জন্য প্রয়োজনীয় কিছু ভাষারীতি।
- **তৃতীয় অংশে আমরা শিখব**—কেউ বিদায় জানালে তার উত্তরে কী বলতে হয়।

### অনুশীলনী-এক

কামাল ও অ্যালেক্সের কথোপকথনটি পড়ুন। বলুন তো, তাদের কথোপকথনটি কি আনুষ্ঠানিক, নাকি অনানুষ্ঠানিক?



| | | |
|---|---|---|
| **Alex** | : | Goodbye, Kamal. It was a pleasure to meet you. |
| **Kamal** | : | It was a pleasure to meet you too. If you need anything, please call me. |
| **Alex** | : | I will. Thank you. |
| **Kamal** | : | Do you have my contact details? |
| **Alex** | : | No, I do not. |
| **Kamal** | : | Here is my business card. Let's meet again soon. |
| **Alex** | : | OK. |

### অনুশীলনী-দুই

অনুশীলনী-এক-এর কথোপকথনটি আবার পড়ুন। এবার নিচের বাক্যগুলো থেকে সত্য-মিথ্যা নির্ধারণ করুন। সত্য বাক্যগুলোর পাশে **T** লিখুন এবং মিথ্যা বাক্যগুলোর পাশে **F** লিখুন। **T** অর্থাৎ **True,** মানে সত্য এবং **F** অর্থাৎ **False,** মানে মিথ্যা। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. Alex and Kamal are meeting for the first time. | [ F ] |
| ২. Alex does not have Kamal's contact details. | [ ] |
| ৩. Alex gives Kamal her business card. | [ ] |

### অনুশীলনী-তিন

নিচের বাক্যগুলো লক্ষ করুন। কারও সঙ্গে পরে আবার যোগাযোগ করতে চাইলে ইংরেজিতে এ ধরনের বাক্যগুলো বলা হয়। ইংরেজি বাক্যগুলোর সঙ্গে নিচের বক্সে দেওয়া বাংলা বাক্যগুলো মিলিয়ে নিন। প্রথম উত্তরটি উদাহরণ হিসেবে দেওয়া হলো :

| | |
|---|---|
| ১. It was a pleasure to meet you. | ঘ |
| ২. If you need anything, please call me. | ___ |
| ৩. Do you have my contact details? | ___ |
| ৪. Here is my business card. | ___ |
| ৫. Let's meet again soon. | ___ |

ক. আপনার কোনো কিছু প্রয়োজন হলে আমাকে ফোন করবেন।
খ. আমার সঙ্গে যোগাযোগের জন্য প্রয়োজনীয় তথ্য কি আপনার জানা আছে?
গ. আশা করি শিগগিরই আবার দেখা হবে।
ঘ. আপনার সঙ্গে পরিচিত হয়ে ভালো লাগল।
ঙ. এটি আমার বিজনেস কার্ড।

### অনুশীলনী-চার

এবার একজন বন্ধুকে সঙ্গে নিয়ে বিদায় জানানো চর্চা করুন। সেই সঙ্গে তার সঙ্গে পরে আবার যোগাযোগ করার জন্য কীভাবে কিছু বলতে হবে, সেটিও চর্চা করুন। এ জন্য অনুশীলনী-এক-এর কথোপকথন থেকে সাহায্য নিন।

**উত্তর**

অনুশীলনী-এক : তাদের কথোপকথনটি আনুষ্ঠানিক, কারণ তারা তাদের কথোপকথনে It was a pleasure to meet you এবং Here is my business card-এর মতো বাক্য ব্যবহার করেছেন।
অনুশীলনী-দুই : ২-T, ৩-F
অনুশীলনী-তিন : ২-ক, ৩-খ, ৪-ঙ, ৫-গ

# শব্দ-তালিকা

**KEY: adj = adjective, adv = adverb, pr = pronoun, n = noun, v = verb, prep = preposition**

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| accept, accepted (v) | মেনে নেওয়া, মেনে নিয়েছিল | অ্যাকসেপ্ট, অ্যাকসেপ্টেড |
| aisle seat (n) | মাঝের আসন | আয়্যল সিট |
| allergic (adj) | সংবেদনশীল | অ্যালা(র)জিক |
| angry (adj) | রাগান্বিত | অ্যাংরি |
| apple (n) | আপেল | অ্যাপ্‌ল |
| April (n) | এপ্রিল মাস | এইপ্রিল |
| assistant (n) | সহকারী | (অ্যা)সিস্‌ট্যান্ট |
| August (n) | আগস্ট মাস | অগাস্ট |
| backache (n) | পিঠব্যথা | ব্যাকেইক |
| bag (n) | ব্যাগ বা থলে | ব্যাগ |
| banana (n) | কলা | বানা-না |
| battery (n) | ব্যাটারি | ব্যা(টা)রি |
| beef (n) | গরুর মাংস | বিফ |
| Bengali New Year (n) | বাংলা নববর্ষ | বেঙ্গলি নিউইয়া-(র) |
| bicycle (n) | সাইকেল | বাইসিক্যল |
| bill (n) | ক্যাফে বা রেস্টুরেন্টে খাবারের বিল | বিল |
| birthday (n) | জন্মদিন | বা(র)থডেই |
| biscuit (n) | বিস্কুট | বিস্কিট |
| black (adj) | কালো | ব্ল্যাক |
| blue (adj) | নীল | ব্লু |
| boarding card (n) | আরোহণের অনুমতিপত্র | বো(র)ডিং কা(র)ড |
| book (n) | বই | বুক |
| book, booked (v) | সংরক্ষণ করা, সংরক্ষণ করেছিল | বুক, বুক্‌ড |
| borrow, borrowed (v) | ধার করা, ধার করেছিল | বড়ৌ, বড়ৌড |
| bowl (n) | বাটি বা পাত্র | বৌল |
| bread (n) | রুটি | ব্রেড |
| breakfast (n) | সকালের নাশতা | ব্রেকফাস্ট |
| brother (n) | ভাই | ব্রাদা(র) |
| brown (adj) | বাদামি | ব্রাউন |
| busy (adj) | ব্যস্ত | বিযি |
| buy, bought (v) | কেনা, কিনেছিল | বাই, বোট |
| cake (n) | কেক | কেইক |
| call (n) | কাউকে ফোন করা | কল |
| candyfloss (n) | হাওয়াই মিঠাই | ক্যান্ডিফ্লস |
| capital letter (n) | বড় হাতের অক্ষর | ক্যাপিট্যল্লেটা(র) |
| carry, carried (v) | বহন করা, বহন করেছিল | ক্যারি, ক্যারিড |
| cat (n) | বিড়াল | ক্যাট |
| centre (n) | কেন্দ্র | সেন্‌টা(র) |
| change (n) | ভাঙতি বা খুচরো টাকা | চেইঞ্জ |
| change, changed (v) | পরিবর্তন করা, পরিবর্তন করেছিল | চেইঞ্জ, চেইঞ্জড |
| cheap (adj) | সস্তা | চিপ |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| check in, checked in (v) | হোটেল বা বিমানবন্দরে প্রবেশ করা | চেক্ ইন, চেক্‌ড্ ইন |
| check out, checked out (v) | হোটেল বা বিমানবন্দর ত্যাগ করা | চেক্যাউট, চেক্‌ডাউট |
| chicken (n) | মুরগি | চিকেন |
| chilli sauce (n) | চিলি সস | চিলি সস |
| chocolate (n) | চকোলেট | চকলেট |
| Christmas Day (n) | বড়দিন | ক্রিস্মাস ডেই |
| cinema (n) | প্রেক্ষাগৃহ | সিনেমা |
| circle (n) | বৃত্ত | সা(র্)কেল |
| clearly (adv) | স্পষ্টভাবে | ক্লিয়া(র্)লি |
| clock (n) | ঘড়ি | ক্লক |
| close, closed (v) | বন্ধ করা, বন্ধ করেছিল | ক্লৌজ, ক্লৌজ্‌ড |
| clothes (n) | পোশাক | ক্লৌদ্‌স |
| coconut (n) | নারকেল | কোকোনাট |
| coffee (n) | কফি (এক প্রকার পানীয়) | কফি |
| cold (n) | ঠাণ্ডা লাগা | কোল্ড |
| colour (adj) | রং | কালা(র্) |
| community centre (n) | কমিউনিটি সেন্টার | কমিউনিটি সেন্টা(র্) |
| computer (n) | কম্পিউটার | (ক)ম্‌পিউটা(র্) |
| concert (n) | গানের অনুষ্ঠান | কন্সা(র্)ট |
| confuse, confused (v) | বিভ্রান্ত হওয়া, বিভ্রান্ত হয়েছিল | কন্‌ফিউজ, কন্‌ফিউজ্‌ড |
| contact details (n) | যোগাযোগের ঠিকানা | কন্‌ট্যাক্ট ডিটেলস্ |
| credit (n) | ঋণ | ক্রেডিট |
| cricket match (n) | ক্রিকেট খেলা | ক্রিকেট ম্যাচ |
| cup (n) | চায়ের কাপ | কাপ |
| dark blue (adj) | হালকা নীল | ডা(র্)ক ব্লু |
| daughter (n) | মেয়ে বা কন্যা | ডটা(র্) |
| day (n) | দিন | ডেই |
| December (n) | ডিসেম্বর মাস | ডিসেম্বা(র্) |
| decide, decided (v) | সিদ্ধান্ত নেওয়া, সিদ্ধান্ত নিয়েছিল | ডিসাইড, ডিসাইডেড |
| desk (n) | ডেস্ক | ডেস্ক |
| diary (n) | ডায়েরি বা দিনলিপি | ডায়েরি |
| document (n) | কাগজপত্র/দলিল | ডকিউমেন্ট্ |
| dog (n) | কুকুর | ডগ |
| dollar (n) | যুক্তরাষ্ট্রের মুদ্রা | ডলা(র্) |
| door (n) | দরজা | ডো-(র্) |
| dot (n) | ই-মেইল অ্যাড্রেসে ব্যবহৃত প্রতীক (.) | ডট |
| dress (n) | পোশাক/পরিচ্ছদ | ড্রেস |
| east (n) | পূর্ব দিক | ইস্ট |
| eat, ate (v) | খাওয়া, খেয়েছিল | ঈট, এইট |
| elephant (n) | হাতি | এলিফ্যান্ট |
| email (n) | ই-মেইল | ই-মেইল |
| email, emailed (v) | ই-মেইল করা, ই-মেইল করেছিল | ই-মেইল, ইমেইল্ড |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| email address (n) | ই-মেইল অ্যাড্রেস | ই-মেইল অ্যাড্রেস |
| exercise (n) | ব্যায়াম বা শরীরচর্চা | এক্সাসাইজ |
| exercise, exercised (v) | ব্যায়াম করা, ব্যায়াম করেছিল | এক্সাসাইজ, এক্সাসাইজ্ড |
| expensive (adj) | দামি | এক্সপেন্সিভ |
| eye (n) | চোখ | আই |
| fair (n) | মেলা | ফেয়া-(র) |
| fan (n) | ফ্যান বা পাখা | ফ্যান |
| father (n) | বাবা বা পিতা | ফাদা-(র) |
| favourite (adj) | প্রিয় | ফেইভ্রেট |
| fax (n) | ফ্যাক্স | ফ্যাক্স |
| February (n) | ফেব্রুয়ারি মাস | ফেব্রুয়ারি |
| fever (n) | জ্বর | ফিভা-(র) |
| file (n) | অফিসের ফাইল বা নথি | ফাইল |
| film (n) | চলচ্চিত্র | ফিল্ম |
| fine (adj) | খুব ভালো | ফাইন |
| finish, finished (v) | (কোনো কাজ) শেষ করা, শেষ করেছিল | ফিনিশ, ফিনিশ্ড |
| fish (n) | মাছ | ফিশ |
| fit (adj) | সুস্থসবল বা যোগ্য | ফিট |
| flag (n) | পতাকা | ফ্ল্যাগ |
| flower (n) | ফুল | ফ্লাওয়া-(র) |
| football (n) | ফুটবল খেলা | ফুটবল |
| fork (n) | কাঁটাচামচ | ফ(র)ক |
| free (adj) | অবসর থাকা | ফ্রি |
| Friday (n) | শুক্রবার | ফ্রাইডেই |
| friend (n) | বন্ধু | ফ্রেন্ড |
| fruit (n) | ফল | ফ্রুট |
| fruitcake (n) | ফ্রুটকেক | ফ্রুটকেইক |
| full (adj) | পরিপূর্ণ | ফুল |
| give, gave (v) | দেওয়া, দিয়েছিল | গিভ, গেইভ |
| glass (n) | পানির গ্লাস | গ্লা-স |
| goat (n) | ছাগল | গৌট |
| graduation (n) | স্নাতক ডিগ্রি গ্রহণের অনুষ্ঠান/স্নাতক হওয়ার দিন | গ্র্যাজুয়েইশন |
| granddaughter (n) | নাতনি | গ্রান্ডো-টা-(র) |
| grape (n) | আঙুর | গ্রেইপ |
| great (adj) | চমৎকার | গ্রেইট |
| guest (n) | অতিথি | গেস্ট |
| hair and beauty salon (n) | বিউটি পার্লার | হেয়ার এ্যান্ড বিউটি স্যালন |
| hand (n) | হাত | হ্যান্ড |
| hand luggage (n) | হাতব্যাগ | হ্যান্ডলাগেজ |
| happy (adj) | খুশি | হ্যাপি |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| hate, hated (v) | অপছন্দ করা, অপছন্দ করেছিল | হেইট, হেইটেড |
| have, had (v) | আছে, ছিল | হ্যাভ, হ্যাড, |
| headache (n) | মাথাব্যথা | হেডেইক |
| healthy (adj) | স্বাস্থ্যবান/সুস্থ | হেল্দি |
| heavy (adj) | ভারী | হেভি |
| help, helped (v) | সাহায্য করা | হেল্প, হেল্প্ড |
| hold, held (v) | ধারণ করা, ধারণ করেছিল | হোল্ড, হেল্ড |
| hospital (n) | হাসপাতাল | হস্পিট্ল |
| hour (n) | ঘণ্টা | আওয়া(র) |
| hyphen (n) | যোজক চিহ্ন (-) | হাইফেন |
| ice cream (n) | আইসক্রিম | আইসক্রিম |
| in (prep) | কোনো কিছুর মধ্যে | ইন |
| in front of (prep) | সামনে | ইনফ্রন্টফ |
| Independence Day (n) | স্বাধীনতা দিবস | ইন্ডিপেন্ডেন্স ডেই |
| International Mother Language Day (n) | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস | ইন্টান্যাশ্নাল |
| internet (n) | ইন্টারনেট | ইন্টা(র)নেট |
| introduce, introduced (v) | পরিচয় করিয়ে দেওয়া, পরিচয় করিয়ে দিয়েছিল | ইন্ট্রোডিউস, ইন্ট্রোডিউস্ড |
| invite, invited (v) | আমন্ত্রণ করা, আমন্ত্রণ করেছিল | ইনভাইট, ইনভাইটেড |
| jackfruit (n) | কাঁঠাল | জ্যাকফ্রুট |
| jam (n) | জ্যাম (খাদ্যদ্রব্য বিশেষ) | জ্যাম |
| January (n) | জানুয়ারি মাস | জ্যানুয়্যারি |
| juice (n) | ফলের রস | জ্যুস |
| July (n) | জুলাই মাস | জুলাই |
| June (n) | জুন মাস | জুন |
| ketchup (n) | টমেটোর চাটনি | কেচাপ |
| key (n) | চাবি | কি |
| knife (n) | ছুরি | নাইফ |
| landline (n) | তারযুক্ত টেলিফোন | ল্যান্ডলাইন |
| laptop (n) | ল্যাপটপ | ল্যাপটপ |
| leave, left (v) | (কোনো স্থান) ত্যাগ করা, ত্যাগ করেছিল | লিভ, লেফ্‌ট |
| left (adj) | বাঁ দিক | লেফ্‌ট |
| light (n) | হালকা | লাইট |
| light blue (adj) | হালকা নীল | লাইট ব্লু |
| like, liked (v) | পছন্দ করা, পছন্দ করেছিল | লাইক, লাইক্‌ড |
| loaf (n) | পাউরুটি | লোফ |
| lose, lost (v) | হারিয়ে ফেলা, হারিয়ে ফেলেছিল | লুছ, লস্ট |
| loud (adj) | উচ্চ স্বর | লাউড |
| love, loved (v) | ভালোবাসা, ভালোবেসেছিল | ল্যভ, ল্যভ্‌ড |
| lower-case (n) | ছোট হাতের অক্ষর | লৌয়া(র)কেইস |
| luggage (n) | মালপত্র | লাগেজ |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| lunch (n) | দুপুরের খাবার | লাঞ্চ |
| make, made (v) | তৈরি করা, তৈরি করেছিল | মেইক, মেইড |
| manager (n) | ব্যবস্থাপক | ম্যানেজা(র) |
| mango (n) | আম | ম্যাঙ্গো |
| March (n) | মার্চ মাস | মা(র)চ |
| market (n) | বাজার | মা(র)কেট |
| May (n) | মে মাস | মেই |
| meal (n) | খাবার | মিল |
| meet, met (v) | দেখা করা, দেখা করেছিল | মিট, মেট |
| meeting (n) | মিটিং বা বৈঠক | মিটিং |
| message (n) | বার্তা | মেসেজ |
| milk (n) | দুধ | মিল্ক |
| minute (n) | মিনিট | মিনিট |
| mobile phone (n) | মোবাইল ফোন | মৌব্যইল ফৌন |
| Monday (n) | সোমবার | মান্ডেই |
| money (n) | টাকা | মানি |
| mother (n) | মা | মাদা-(র) |
| network (n) | নেটওয়ার্ক | নেটওয়া(র)ক |
| New Year (n) | নববর্ষ | নিউইয়া-(র) |
| New Year's Day (n) | ইংরেজি নতুন বছরের প্রথম দিন | নিউইয়াস্ডেই |
| New Year's Eve (n) | ইংরেজি বছরের শেষ দিন | নিউইয়াস্ইভ |
| newspaper (n) | সংবাদপত্র | নিউস্পেইপা(র) |
| next (adj) | পরবর্তী | নেক্সট |
| next to (prep) | পাশে | নেক্সটু |
| nice (adj) | চমৎকার/খুব সুন্দর | নাইস |
| north (n) | উত্তর দিক | নো(র)থ |
| north-east (n) | উত্তর-পূর্ব দিক | নো(র)থিস্ট |
| north-west (n) | উত্তর-পশ্চিম দিক | নো(র)থোয়েস্ট |
| notebook (n) | নোটবুক | নো(ও)টবুক |
| November (n) | নভেম্বর মাস | নোভেম্বা(র) |
| October (n) | অক্টোবর মাস | অক্টো-বা(র) |
| office (n) | অফিস বা কার্যালয় | অফিস |
| old (adj) | পুরোনো | ঔল্ড |
| on (prep) | কোনো কিছুর ওপর | অন |
| orange (adj) | কমলা রং | অরেঞ্জ |
| orange (n) | কমলা (ফল বিশেষ) | অরেঞ্জ |
| order, ordered (v) | খাবারের জন্য অর্ডার করা, অর্ডার করেছিল | ও(র)ডা(র), ও(র)ডা(র)ড |
| over (prep) | ওপরে | ঔভা-(র) |
| packet (n) | প্যাকেট | প্যাকেট |
| paper (n) | কাগজ | পেইপা-(র) |
| park (n) | উদ্যান বা পার্ক | পা(র)ক |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| party (n) | অনুষ্ঠান | পা(র)টি |
| passport (n) | পাসপোর্ট | পা-সপোর্ট |
| past (prep) | গত | পা-স্ট |
| pen (n) | কলম | পেন |
| pencil (n) | পেনসিল | পেনসিল |
| pepper (n) | মরিচ | পেপা-(র) |
| phone (n) | ফোন | ফৌন |
| phone charger (n) | মোবাইল ফোনের চার্জার | ফৌন চা(র)জা-(র) |
| phone number (n) | ফোন নম্বর | ফৌন নাম্বা-(র) |
| picnic (n) | পিকনিক বা বনভোজন | পিকনিক |
| pineapple (n) | আনারস | পাইন্যাপল্ |
| pink (adj) | গোলাপি | পিংক |
| plate (n) | থালা বা প্লেট | প্লেইট |
| porter (n) | কুলি | পো(র)টা-(র) |
| prawn (n) | চিংড়ি | প্রান |
| prefer, preferred (v) | বেশি পছন্দ করা, বেশি পছন্দ করেছিল | প্রেফা-(র), প্রেফা(র)ড |
| present (n) | উপহার | প্রেজেন্ট |
| price (n) | মূল্য বা দাম | প্রাইছ |
| problem (n) | সমস্যা | প্রবলেম |
| purple (adj) | বেগুনি | পা(র)পল |
| put through, put through (v) | যোগাযোগ ঘটিয়ে দেওয়া, যোগাযোগ ঘটিয়ে দিয়েছিল | পুট্ থ্রু, পুট্ থ্রু |
| quarter past (adv) | সোয়া ঘণ্টা বা ঘণ্টা থেকে ১৫ মিনিট বেশি | কোয়াটা(র)পাস্ট |
| quarter to (adv) | পৌনে ঘণ্টা বা ঘণ্টা থেকে ১৫ মিনিট কম | কোয়াটা(র)টু |
| radio (n) | রেডিও | রেইডিও |
| rearrange, rearranged (v) | পুনর্বিন্যাস করা, পুনর্বিন্যাস করেছিল | রিঅ্যারেঞ্জ, রিঅ্যারেঞ্জড |
| red (adj) | লাল | রেড |
| relative (n) | আত্মীয় | রেলেটিভ |
| reservation (n) | আসন বা কক্ষ সংরক্ষণ | রেজাভেইশন |
| rest, rested (v) | বিশ্রাম নেওয়া, বিশ্রাম নিয়েছিল | রেস্ট, রেস্টেড |
| rice (n) | ভাত | রাইস |
| room number (n) | কক্ষ নম্বর | রুমনাম্বা-(র) |
| rose (n) | গোলাপ | রৌজ |
| salt (n) | লবণ | সল্ট |
| samosa (n) | সমুচা | সমৌসা |
| sandwich (n) | স্যান্ডউইচ | স্যান্ডুইচ |
| Saturday (n) | শনিবার | স্যাটা(র)ডেই |
| school (n) | বিদ্যালয় | স্কুল |
| search engine (n) | সার্চ ইঞ্জিন | সা(র)চিঞ্জিন |
| seat (n) | আসন | সীট |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| send, sent (v) | পাঠানো, পাঠিয়েছিল | সেন্ড, সেন্ট |
| September (n) | সেপ্টেম্বর মাস | সেপ্টেম্বা-(র) |
| shake hands, shook hands (v) | করমর্দন করা, করমর্দন করেছিল | শেইক হ্যান্ডস, শুক হ্যান্ডস |
| shake, shook (v) | ঝাঁকানো, ঝাঁকিয়েছিল | শেইক, শুক |
| share, shared (v) | ভাগাভাগি করা, ভাগাভাগি করেছিল | শেয়া-(র), শেয়া-ড |
| shopping (n) | কেনাকাটা | শপিং |
| shut, shut (v) | বন্ধ করা, বন্ধ করেছিল | শাট, শাট |
| SIM card (n) | মোবাইলের সিম কার্ড | সিমকা(র)ড |
| sister (n) | বোন | সিস্টা-(র) |
| sky (n) | আকাশ | স্কাই |
| sneeze, sneezed (v) | হাঁচি দেওয়া, হাঁচি দিয়েছিল | স্নিঝ, স্নিঝড |
| soft drink (n) | কোমল পানীয় | সফ্(ট)ড্রিংক |
| son (n) | ছেলে বা পুত্র | স্যান |
| soon (adv) | তাড়াতাড়ি | সুন |
| sore throat (n) | গলাব্যথা | সো-(র)থ্রট |
| south (n) | দক্ষিণ দিক | স্যাউথ |
| south-east (n) | দক্ষিণ-পূর্ব দিক | স্যাউথিস্ট |
| south-west (n) | দক্ষিণ-পশ্চিম দিক | স্যাউথোয়েস্ট |
| speak, spoke (v) | কথা বলা, কথা বলেছিল | স্পিক, স্পৌক |
| spell, spelt (v) | বানান করা, বানান করেছিল | স্পেল, স্পেল্ট |
| spicy (adj) | ঝাল | স্পাইসি |
| spoon (n) | চামচ | স্পুন |
| stomach ache (n) | পেটব্যাথা | স্টমাকেইক |
| straight (adv) | সোজা | স্ট্রেইট |
| street (n) | সড়ক | স্ট্রিট |
| study, studied (v) | পড়াশোনা করা, পড়াশোনা করেছিল | স্টাডি, স্টাডিড |
| sugar (n) | চিনি | শুগা(র) |
| suggest, suggested (v) | পরামর্শ দেওয়া, পরামর্শ দিয়েছিল | (স)জেস্ট, (স)জেস্টেড |
| sun (n) | সূর্য | সান |
| Sunday (n) | রোববার | সানডেই |
| surname (n) | বংশ পদবি | সা(র)নেইম |
| sweets (n) | মিষ্টি | সুইট্স |
| table (n) | টেবিল | টেইব্‌ল |
| tablet (n) | ট্যাবলেট | ট্যাবলেট |
| tea (n) | চা | টি |
| team (n) | দল | টিম |
| television (n) | টেলিভিশন | টেলিভিশন |
| temperature (n) | তাপমাত্রা | টেম্প্রচা-(র) |
| text message (n) | লিখিত বার্তা বা মোবাইল ফোনে পাঠানো এসএমএস | টেক্সট মেসেজ |
| Thursday (n) | বৃহস্পতিবার | থা(র)স্‌ডেই |
| ticket (n) | টিকিট | টিকিট |

# শব্দ-তালিকা

| ইংরেজি | বাংলা | উচ্চারণের কৌশল |
|---|---|---|
| tiger (n) | বাঘ | টাইগা-(র) |
| time (n) | সময় | টাইম |
| tomorrow (adv) | আগামীকাল | (টু)মড়ৌ |
| top up, topped up (v) | মোবাইল ফোনে টাকা রিচার্জ করা, মোবাইল ফোনে টাকা রিচার্জ করেছিল | টপাপ, টপ্‌ডাপ |
| travel agent (n) | ট্র্যাভেল এজেন্ট | ট্র্যাভেলেইজেন্ট |
| tree (n) | গাছ | ট্রি |
| Tuesday (n) | মঙ্গলবার | টিউজডেই |
| turn off, turned off (v) | বন্ধ করা, বন্ধ করেছিল | টা(র)নফ, টা(র)ন্ডফ |
| turn on, turned on (v) | চালু করা, চালু করেছিল | টা(র)নোন , টা(র)ন্ডন |
| type, typed (v) | টাইপ করা, টাইপ করেছিল | টাইপ, টাইপ্‌ড |
| under (prep) | নিচে | আন্ডা-(র) |
| urgent (adj) | জরুরি | আ-(র)জেন্ট |
| use, used (v) | ব্যবহার করা, ব্যবহার করেছিল | ইউজ, ইউজ্‌ড |
| Valentine's Day (n) | ভালোবাসা দিবস | ভ্যালেন্টাইন্স্‌ডেই |
| vegetable (n) | শাকসবজি | ভেজ্‌ট্যব্ল |
| Victory Day (n) | বিজয় দিবস | ভিক্ট্রিডেই |
| view (n) | দৃশ্য | ভিউ |
| visit, visited (v) | কারও সঙ্গে দেখা করা বা কোথাও যাওয়া, দেখা করেছিল বা গিয়েছিল | ভিজিট, ভিজিটেড |
| voicemail (n) | ভয়েস মেইল | ভয়েস মেইল |
| walk, walked (v) | হাঁটা, হেঁটেছিল | ওঅক, ওঅক্‌ড |
| watch, watched (v) | দেখা, দেখেছিল | ওয়াচ, ওয়াচ্‌ড |
| water (n) | পানি | ওয়্টা(র) |
| wear, wore (v) | (পোশাক) পরা, পরেছিল | ওয়্যা(র), ওঅ(র) |
| wedding (n) | বিয়ে | ওয়েডিং |
| wedding anniversary (n) | বিবাহবার্ষিকী | ওয়েডিং অ্যানিভ্য-সারি |
| Wednesday (n) | বুধবার | অয়েন্‌সডেই |
| week (n) | সপ্তাহ | উইক |
| weigh, weighed (v) | ওজন করা, ওজন করেছিল | ওয়েই, ওয়েইড |
| west (n) | পশ্চিম | ওয়েস্ট |
| what (pr) | কী | ওঅট/ওয়াট |
| when (adv) | কখন | ওয়েন |
| where (adv) | কোথায় | ওয়্যা-(র) |
| white (adj) | সাদা | অয়াইট |
| who (pr) | কে | হূ |
| window seat (n) | জানালার পাশের আসন | উইন্ডৌসিট |
| work, worked (v) | কাজ করা, কাজ করেছিল | ওয়া(র)ক, ওয়া(র)ক্ট |
| write, wrote (v) | লেখা, লিখেছিল | রাইট, রৌট |
| year (n) | বছর | ইয়্যা-(র) |
| yellow (adj) | হলুদ | ইয়েলৌ |
| young (adj) | তরুণ | ইয়াং |